অস্তু স নিরপত্রপস্তেন কিমিত্যাহ নেতি। হে অনবদ্যাঙ্গি! অনিন্দ্যগাত্রি! হে ভাবিনি! প্রশস্তস্বভাবে! অহং তব বেশ্মনি, পূর্ব্বং ব্যভিচারিণী ন ভূতেত্যাশয়ঃ, পতীনাং ব্যভিচারিণী অন্যপুরুষগামিনী সতী, কামবৃত্তা কামব্যাপারপ্রবৃত্তা, ন চ নৈব ভবিষ্যামি ॥১২॥

অথ মদ্গৃহমাগতা মদাদেশেনৈব চরিষ্যসীত্যাহ ত্বমিতি। হে দেবি! ভাবিনি! পূর্ব্বং তব বেশ্মনি প্রবিশন্ত্যা ময়া যথা স সময়ো নিয়মঃ কৃতঃ, তথা ত্বমেব চ জানাসি ॥১৩॥

কীচক ইতি। শোভনাঃ কেশানামন্তাঃ শেষাংশা যস্যাঃ সা সুকেশান্তা; হে সুকেশান্তে! শোভনে! মূঢ়ো মদনদর্পিতশ্চ স কীচকঃ মাং দৃষ্ট্বা অবমংস্যতি, তেন তত্র ন যাস্যে ॥১৪॥

সন্তীতি। হে রাজপুত্রি! বশানুগা বহ্ব্য এব তব প্রেষ্যা দাস্যঃ সন্তি। অতএব মদন্যাং কাঞ্চিৎ প্রেষয়। হি যস্মাৎ, স কীচকো মামবমংস্যতে। তে তব ভদ্রমস্তু ॥১৫॥

দ্রৌপদী বলিলেন—'রাজ্ঞি! আমি সে কীচকের বাড়ী যাইব না। কারণ, সে যেরূপ নির্লজ্জ, তাহা ত আপনিও জানেন ॥১১॥

অনিন্দ্যসুন্দরি! প্রশস্তস্বভাবে! আমি আপনার বাড়ী আসিয়া পতিগণের নিকটে ব্যভিচারিণী হইয়া কামব্যাপারে প্রবৃত্ত হইব না ॥১২॥

দেবি! প্রশস্তস্বভাবে! পূর্ব্বে আপনার বাড়ীতে প্রবেশ করিবার সময়ে আমি সেই যে নিয়ম করিয়াছিলাম, তাহা আপনিও জানেন ॥১৩॥

সুকেশি! মূঢ় ও মদনদর্পিত সেই কীচক আমাকে দেখিয়াই অপমানিত করিবে। অতএব শোভনে! আমি সেখানে যাইব না ॥১৪॥

রাজনন্দিনি! আপনার বহুতর বশবর্ত্তিনী দাসী আছে। সুতরাং অন্য

(১২)···ভামিনি!···বা ব রা ম ভা। (১৩)···ভামিনি!—বা ব রা ম ভা। (১৫) সন্তি চান্যাঃ···অন্যাঃ প্রেষয় কৈকেয়ি!···ভা।

সুদেষ্ণোবাচ।

নৈব ত্বাং জাতু হিংস্যাৎ স ইতঃ সংপ্রেষিতাং ময়া।
ইত্যস্যাঃ প্রদদৌ কাংস্যং সপিধানং হিরণ্ময়ম্ ॥১৬॥
সা শঙ্কমানা রুদতী দেবং শরণমীয়ুষী।
প্রাতিষ্ঠত সুরাহারী কীচকস্য নিবেশনম্ ॥১৭॥

দ্রৌপদ্যুবাচ। ❊

যথাহমন্যং পাণ্ডুভ্যো নাভিজানামি কঞ্চন।
তেন সত্যেন মাং প্রাপ্তাং কীচকো মা বশে করোৎ ॥১৮॥

বৈশম্পায়ন উবাচ।

উপাতিষ্ঠত সা সূর্য্যং মুহূর্ত্তমবলা ততঃ।
তত্তস্যাশ্চিন্তিতং সূর্য্যস্তত্র সর্ব্বং বুবোধ হ ॥১৯॥

ভারতকৌমুদী

নেতি। ইতো ময়া সংপ্রেষিতাং ত্বাম্, জাতু কদাচিদপি, স কীচকঃ, ন হিংস্যাদেব নাবমন্যেতৈব, মদবমাননাভয়াদিতি ভাবঃ। ইত্যুক্ত্বা, অস্যা দ্রৌপদ্যা হস্তে, হিরণ্ময়ং স্বর্ণময়ম্, পিধানেন আবরণপাত্রেণ সহেতি সপিধানম্, কাংস্যং সুরাপানপাত্রং প্রদদৌ। "কাংস্যং তু তৈজসদ্রব্যে বাদ্যভিংপানপাত্রয়োঃ" ইতি বিশ্বঃ ॥১৬॥

সেতি। সা দ্রৌপদী, শঙ্কমানা কীচকাক্রমণং সন্দিহানা, অতএব রুদতী, অতএব চ দেবং সূর্য্যম্, পরত্র তদভিধানেন তৎপ্রকরণাৎ, শরণং রক্ষকম্ ঈয়ুষী প্রাপ্তবতী সতী, সুরামাহরতীতি সুরাহারী সুরানয়নায়েত্যর্থঃ, কীচকস্য নিবেশনং প্রাতিষ্ঠত ॥১৭॥

কাহাকেও সেখানে প্রেরণ করুন। কেন না, কীচক আমাকে অপমানিত করিবে। আপনার মঙ্গল হউক' ॥১৫॥

সুদেষ্ণা বলিলেন—'আমি এখান হইতে তোমাকে পাঠাইলে, সে—কখনও তোমাকে অপমানিত করিবে না'। এই কথা বলিয়াই সুদেষ্ণা দ্রৌপদীর হাতে আবরণের (ঢাক্‌নীর) সহিত স্বর্ণময় পানপাত্র সমর্পণ করিলেন ॥১৬॥

দ্রৌপদী আশঙ্কাবশতঃ রোদন করিতে থাকিয়া সূর্য্যদেবের শরণাপন্ন হইয়া সুরা আনয়নের জন্য কীচকের ভবনে প্রস্থান করিলেন ॥১৭॥

দ্রৌপদী বলিলেন—'আমি পাণ্ডবব্যতীত অন্য কোন পুরুষকে যে জানি না, সেই সত্যধর্ম্মবশতঃ কীচক যেন আমাকে বশীভূত করিতে পারে না' ॥১৮॥

(১৭)···দৈবং শরণম্···বা ব রা ম। ❊ সৈরিন্ধ্র্যুবাচ—বা ব রা ম। (১৮)···অন্যং ভর্ত্তৃভ্যঃ···বা ব রা ম,···কিঞ্চন···প্র। (১৯)···অবশা ততঃ···প্র,···স তস্যাস্তনুমধ্যায়াঃ সর্ব্বং সূর্য্যোঽববুদ্ধবান্—প্র বা ব রা ম।

অন্তর্হিতং ততস্তস্যা রক্ষো রক্ষার্থমাদিশৎ।
তচ্চৈনাং নাজহাত্তত্র সর্বাবস্থাস্বনিন্দিতাম্॥২০॥
তাং মৃগীমিব বিত্রস্তাং দৃষ্ট্বা কৃষ্ণাং সমীপগাম্।
উদতিষ্ঠন্মুদা সূতো নাবং লব্ধ্বেব পারগঃ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্বণি কীচকবধে দ্রৌপদীপ্রেষণো নাম চতুর্দ্দশোঽধ্যায়ঃ॥০॥ *

ভারতকৌমুদী

যথেতি। অহং যথা যৎ, পাণ্ডুভ্যঃ পাণ্ডবেভ্যঃ, অন্যং কঞ্চন পুরুষং মন্তোক্তৃত্বেন নাভিজানামি, তেন সত্যেন সতীসত্যধর্ম্মেণ, প্রাপ্তামুপস্থিতাং মাম্, কীচকো মা বশে করোৎ॥১৮॥

উপেতি। ততঃ, অবলা পতীনামসান্নিধ্যাৎ বলহীনা, সা দ্রৌপদী, মুহূর্ত্তং সূর্য্যম্, উপাতিষ্ঠত আরাধ্নোৎ। সূর্য্যস্তু তত্র তস্যাঃ তৎ সর্বং চিন্তিতং চিন্তাবিষয়ং-বুবোধ॥১৯॥

অন্তরিতি। ততঃ সূর্য্যঃ, তস্যা রক্ষার্থম্, অন্তর্হিতম্ অদৃশ্যম্, রক্ষঃ কঞ্চিদ্রাক্ষসম্ আদিশৎ। তচ্চ রক্ষঃ, তত্র সর্বাবস্থাসু, অনিন্দিতামেনাং দ্রৌপদীম্, নাজহাৎ নাত্যজৎ॥২০॥

তামিতি। মৃগীমিব, বিত্রস্তামতিভীতাং তাং কৃষ্ণাং সমীপগাং দৃষ্ট্বা, সূতঃ কীচকঃ, নাবং পারতরিং লব্ধ্বা, পারগো নদ্যাঃ পরপারগামী জন ইব, মুদা আনন্দেন উদতিষ্ঠৎ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বিরাটপর্ব্বণি কীচকবধে চতুর্দ্দশোঽধ্যায়ঃ॥০॥

ভারতভাবদীপঃ

নিরবগ্রহে নিষ্প্রতিবন্ধে॥৬—৮॥ উপমন্ত্রিতা প্রার্থিতা॥৯॥ পানং মদ্যং সুরামন্নং চেত্যুপক্রমাৎ তস্যৈব পিপাসা পাতুমিচ্ছা॥১০—২১॥

ইতি বিরাটপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্দ্দশোঽধ্যায়ঃ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর অবলা দ্রৌপদী মুহূর্ত্তকাল সূর্য্যের উপাসনা করিলেন; তখন সূর্য্যও তাঁহার সেই চিন্তার সমস্ত বিষয় বুঝিলেন॥১৯॥

তৎপরে সূর্য্যদেব দ্রৌপদীকে রক্ষা করিবার জন্য একটা অদৃশ্য রাক্ষসকে আদেশ করিলেন; তদবধি সেই রাক্ষস সমস্ত অবস্থাতেই অনিন্দিতা দ্রৌপদীকে ত্যাগ করিল না॥২০॥

পরে, পারের নৌকা পাইয়া (নদীর) পারগামী লোক যেমন আনন্দে গাত্রোত্থান করে, সেইরূপ কীচক, হরিণীর ন্যায় বিশেষ ত্রস্তভাবে দ্রৌপদীকে নিকটে-আসিতে দেখিয়া আনন্দে গাত্রোত্থান করিল॥২১॥

(২০)···সর্ব্বাবস্থমনিন্দিতাম্—ভা। (২১)··· সম্ভ্রস্তাম্···বা ব রা ম ভা,···উদতিষ্ঠদ্দদাৎ সূতঃ···বা,···উদতিষ্ঠত্তদা···ভা। *···পঞ্চদশোঽধ্যায়ঃ—প্র বা ব রা ম ভা।

CENTRAL LIBRARY

পঞ্চদশোঽধ্যায়ঃ।

কীচক উবাচ।

স্বাগতং তে সুকেশান্তে! সুব্যুষ্টা রজনী মম।
স্বামিনী ত্বমনুপ্রাপ্তা প্রকুরুষ্ব মম প্রিয়ম্ ॥১॥
সুবর্ণমালাঃ কম্বূংশ্চ কুণ্ডলে পরিহাটকে।
নানারত্নময়ে শুভ্রে মণিরত্নঞ্চ শোভনম্।
আহরন্তু চ বস্ত্রাণি কৌশিকান্যজিনানি চ ॥২॥
অস্তি মে শয়নং দিব্যং ত্বদর্থমুপকল্পিতম্।
এহি তত্র ময়া সার্দ্ধং পিবস্ব মধুমাধবীম্ ॥৩॥

ভারতকৌমুদী

স্বাগতমিতি। শোভনাঃ কেশান্তা যস্যাস্তৎসম্বোধনম্। তে তব, স্বাগতং সুখেনাগমনং জাতং কিমিতি কাকুঃ। মম রজনী সুব্যুষ্টা সুপ্রভাতা, "ব্যুষ্টং দিনে প্রভাতে চ ফলে পর্য্যুষিতেঽপি চ" ইতি বিশ্বঃ। যেন হি, স্বামিনী মৎসর্ব্বাধীশ্বরী ত্বম্, অনুপ্রাপ্তা উপস্থিতা। ইদানীং মম প্রিয়ং কার্য্যং প্রকুরুষ্ব ॥১॥

সুবর্ণেতি। সুবর্ণমালাঃ স্বর্ণহারান্, কম্বূন্ শঙ্খবলয়ানি, কুণ্ডলে, নানারত্নময়ে শুভ্রে নির্ম্মলে চ, পরিহাটকে স্বর্ণকেয়ূরদ্বয়ম্, শোভনং মণিরত্নঞ্চ, কৌশিকানি কৃমিকোশোদ্ভবানি, অজিনানি চর্ম্মলোমোদ্ভবানি চ বস্ত্রাণি চ ত্বদর্থমাহরন্তু মদ্ভৃত্যাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২॥

অস্তীতি। ত্বদর্থমুপকল্পিতং মে দিব্যমুত্তমং শয়নং শয্যা অস্তি। তত্র এহি, ময়া সার্দ্ধম্, মধুমাধবীং পুষ্পরসোদ্ভবমদিরাং পিবস্ব, "মাধবী মদিরায়াঞ্চ" ইতি বিশ্বঃ ॥৩॥

কীচক বলিল—'সুকেশি! তোমার সুখে আগমন হইয়াছে ত? তুমি আমার সর্ব্বস্বের অধীশ্বরী; সুতরাং তুমি যখন আসিয়াছ, তখন আমার রাত্রি সুপ্রভাত হইয়াছে। এখন তুমি আমার প্রিয়কার্য্য কর ॥১॥

সোণার মালা, শাঁখা, দুইটী কুণ্ডল, নানারত্নখচিত নির্ম্মল দুইটী কেয়ূর, সুন্দর মণি ও রত্ন এবং নানাবিধ পট্টবস্ত্র তোমার জন্য ভৃত্যেরা আনয়ন করুক ॥২॥

তোমার জন্যই কল্পিত আমার দিব্য শয্যা রহিয়াছে, তুমি সেইখানে চল, এবং আমার সঙ্গে মিলিয়া পুষ্পমদ্য পান কর' ॥৩॥

(১)···স্বামিনি! ত্বম্···প্র। (২) সুবর্ণমালাকম্বূশ্চ···ভা, তৃতীয়ার্দ্ধং ভা নাস্তি,··· নানাপত্তনজে শুভ্রে···প্র বা ব রা ম, আভরণঞ্চ বস্ত্রাণি—প্র।

দ্রৌপদ্যুবাচ।

সা প্রৈষীদ্রাজপুত্রী মাং সুরাহারীং তবান্তিকম্।
পানমানয় মে ক্ষিপ্রং পিপাসা মেতি চাব্রবীৎ ॥৪॥

কীচক উবাচ।

অন্যা ভদ্রে! নয়িষ্যন্তি রাজপুত্র্যাঃ সুরাদিকম্।
ইতি তাং দক্ষিণে পাণৌ সূতপুত্রঃ পরামৃশৎ ॥৫॥
স তামনুপ্রেক্ষ্য বিশালনেত্রাং জিঘৃক্ষমাণঃ পরিভর্ৎসয়ন্তীম্।
জগ্রাহ তামুত্তরবস্ত্রদেশে সা কীচকং তং সহসা সমাক্ষিপৎ ॥৬॥

ভারতকৌমুদী

সেতি। সা রাজপুত্রী সুদেষ্ণা, সুরাহারীং মাং তবান্তিকং প্রতি প্রৈষীৎ প্রেরিতবতী, মে অতিপিপাসা বর্ত্ততে, অতএব ক্ষিপ্রং পানং সুরামানয় ইতি অব্রবীচ্চ ॥৪॥

অন্যা ইতি। হে ভদ্রে! অন্যা দাস্যঃ, রাজপুত্র্যাঃ সুদেষ্ণায়াঃ সুরাদিকম্, নয়িষ্যন্তি নেষ্যন্তি। ইত্যুক্ত্বৈব সূতপুত্রঃ কীচকঃ দক্ষিণে পাণৌ তাং দ্রৌপদীং পরামৃশৎ ধৃতবান্ ॥৫॥

স ইতি। স কীচকঃ, তাং বিশালনেত্রাং দ্রৌপদীমনুপ্রেক্ষ্য, পরিভর্ৎসয়ন্তীমপি জিঘৃক্ষমাণঃ গ্রহীতুমিচ্ছন্ আলিঙ্গিতুমিচ্ছন্ সন্নিত্যর্থঃ, উত্তরবস্ত্রদেশে উত্তরীয়বস্ত্রাঞ্চলে তাং জগ্রাহ। পরঞ্চ সা দ্রৌপদী, সহসৈব তং কীচকম্, সমাক্ষিপৎ করাভ্যামপাসারয়ৎ ॥৬॥

ভারতভাবদীপঃ

স্বাগতমিতি ॥১॥ পরিতো হাটকে যয়োস্তে পরিহাটকে কুণ্ডলে ইত্যর্থঃ ॥২॥ মধুমাধবীং মধুপুষ্পজাং মদিরাম্ ॥৩॥ সুরাহারীং সুরামাহর্ত্তুকামাম্, পিপাসা মেহতি মে মম অতি পিপাসা

দ্রৌপদী বলিলেন—'সুদেষ্ণাদেবী সুরা লইয়া যাইবার জন্য আমাকে আপনার নিকট পাঠাইয়া দিয়াছেন এবং বলিয়াছেন যে, 'আমার গুরুতর পিপাসা হইয়াছে, সুতরাং সত্বর সুরা আনয়ন কর' ॥৪॥

কীচক বলিল—'ভদ্রে! অন্য দাসীরা সুদেষ্ণার জন্য সুরাপ্রভৃতি লইয়া যাইবে।' এই কথা বলিয়াই কীচক দ্রৌপদীর দক্ষিণ হস্ত ধারণ করিল ॥৫॥

এবং কীচক বিশালনয়না দ্রৌপদীর প্রতি দৃষ্টিপাত করিয়া তাঁহাকে আলিঙ্গন করিবার ইচ্ছা করিল; তখন দ্রৌপদী তিরস্কার করিয়া উঠিলেন;

(৪) অপ্রৈষীদ্রাজপুত্রী···পানমাহর···বা ব রা ম। (৫)···পুত্র্যাঃ পরিক্রতম্···ইত্যেনাম্ প্র, ইত্যেতাম্···বা ব রা ম। (৫) শ্লোকাৎ পরম্ 'দ্রৌপদ্যুবাচ। যথৈবাহং নাভিচরে কদাচিৎ পতীন্ মদাদ্বৈ মনসাপি জাতু। তেনৈব সত্যেন বশীকৃতং ত্বাং দ্রষ্টাস্মি পাপং পরিকৃষ্যমাণম্॥ বৈশম্পায়ন উবাচ' ইত্যধিকঃ—বা ব রা ম। (৬) স তামভিপ্রেক্ষ্য··· স কীচকস্তাং সহসা ক্ষিপন্তীং—বা ব রা ম ভা।

প্রগৃহ্যমাণা তু মহাজবেন মুহুর্নিশশ্বাস চ রাজপুত্রী।
চিক্ষেপ তং গাঢ়মমৃষ্যমাণা প্রবেপমানাতিরুষা শুভাঙ্গী।
তয়া সমাক্ষিপ্ততনুঃ স পাপঃ পপাত শাখীব নিকৃত্তমূলঃ ॥৭॥
সা গৃহীতা বিধুন্বানা ভূমাবাক্ষিপ্য কীচকম্।
সভাং শরণমাধাবদ্‌যত্র রাজা যুধিষ্ঠিরঃ ॥৮॥
তাং কীচকঃ প্রধাবন্তীং কেশপক্ষে পরামৃশৎ।
অথৈনাং পশ্যতো রাজ্ঞঃ পাতয়িত্বা পদাবধীৎ ॥৯॥

ভারতকৌমুদী

প্রেতি। পরন্তু কীচকেন মহাজবেন মহাবেগেন প্রগৃহ্যমাণা ধার্য্যমাণা রাজপুত্রী দ্রৌপদী, মুহুর্নিশশ্বাস চ, অমৃষ্যমাণা তদ্ধারণমসহমানা, অতিরুষা প্রবেপমানা কম্পমানা চ শুভাঙ্গী দ্রৌপদী, তং কীচকম্, গাঢ়ং তীব্রম্, চিক্ষেপ চ। ততশ্চ তয়া সমাক্ষিপ্ততনুঃ স পাপঃ কীচকঃ, নিকৃত্তমূলশ্ছিন্নমূলঃ শাখী বৃক্ষ ইব, ভূমৌ পপাত। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

সেতি। কীচকং ভূমাবাক্ষিপ্য, গৃহীতা ধৃতপূর্ব্বা সা দ্রৌপদী, বিধুন্বানা অঙ্গানি কম্পয়ন্তী সতী, শরণং রক্ষিকাং রক্ষকতয়া সম্ভাবিতামিত্যর্থঃ বিরাটস্য সভাম্, আধাবৎ দ্রুতমগচ্ছৎ, যত্র সভায়াং রাজা যুধিষ্ঠির আসীৎ ॥৮॥

তামিতি। কীচকশ্চ, প্রধাবন্তীং তাং দ্রৌপদীম্, কেশপক্ষে কেশপাশে, পরামৃশৎ আকৃষ্টবান্; অথানন্তরঞ্চ পশ্যতো রাজ্ঞঃ পশ্যন্তমেব বিরাটং রাজানমনাদৃত্য, ভূতলে পাতয়িত্বা, এনাং দ্রৌপদীম্, পদা চরণেন, অবধীৎ আহতবান্ ॥৯॥

পরে কীচক তাঁহার উত্তরীয়বস্ত্রাঞ্চল ধারণ করিল; অমনি দ্রৌপদী কীচককে ধাক্কা দিলেন ॥৬॥

পরে কীচক মহাবেগে আসিয়া দ্রৌপদীকে ধরিল; তখন সুলক্ষণা দ্রৌপদী বার বার নিশ্বাস ত্যাগ করিলেন এবং তাহার সেই ধারণ সহ্য করিতে না পারিয়া অতিক্রোধে কাঁপিতে থাকিয়া সেই কীচককে তীব্র ধাক্কা মারিলেন; তাহাতে পাপাত্মা কীচক ছিন্নমূল বৃক্ষের ন্যায় ভূতলে পতিত হইল ॥৭॥

এইভাবে কীচককে ভূতলে নিক্ষিপ্ত করিয়া দ্রৌপদী কাঁপিতে কাঁপিতে দ্রুতবেগে রাজসভার শরণাপন্ন হইতে চলিলেন; যে সভায় রাজা যুধিষ্ঠির ছিলেন ॥৮॥

দ্রৌপদী দ্রুত যাইতেছিলেন, এই অবস্থায়ই কীচক যাইয়া তাঁহার কেশাকর্ষণ করিল এবং বিরাটরাজার সমক্ষেই তাঁহাকে ভূতলে নিপাতিত করিয়া পদাঘাত করিল ॥৯॥

(৭) মুহুর্বিনিশ্বস্য চ রাজপুত্রী। তয়া···রা ম ভা। (৮)···সভাং শরণমাগচ্ছৎ···বা ব রা ম।

তস্যাং যোঽসৌ তদার্কেণ রাক্ষসঃ সন্নিযোজিতঃ।
স কীচকমপোবাহ বাতবেগেন ভারত! ॥১০॥
স পপাত তদা ভূমৌ রক্ষোবলসমাহতঃ।
বিঘূর্ণমানো নিশ্চেষ্টশ্ছিন্নমূল ইব দ্রুমঃ ॥১১॥
তাঞ্চাসীনৌ দদৃশতুর্ভীমসেনযুধিষ্ঠিরৌ।
অমৃষ্যমাণৌ কৃষ্ণায়াঃ কীচকেন পদা বধম্ ॥১২॥
তস্য ভীমো বধং প্রেপ্সুঃ কীচকস্য দুরাত্মনঃ।
দন্তৈর্দন্তাংস্তদা রোষান্নিষ্পিপেষ মহাবলঃ ॥১৩॥

ভারতকৌমুদী

তস্যামিতি। হে ভারত! তদা অর্কেণ সূর্য্যেণ, যোঽসৌ রাক্ষসঃ, তস্যাং তস্যা দ্রৌপদ্যা রক্ষায়াম্, সন্নিযোজিতঃ, স রাক্ষসঃ, বাতবেগেন, কীচকম্, অপোবাহ নিচিক্ষেপ ॥১০॥

স ইতি। তদা স কীচকঃ, রক্ষসো রাক্ষসস্য বলেন সমাহতঃ, অতএব নিশ্চেষ্টো নিস্পন্দো বিঘূর্ণমানশ্চ সন্, ছিন্নমূলো দ্রুম ইব ভূমৌ পপাত ॥১১॥

তামিতি। আসীনৌ তত্রোপবিষ্টৌ ভীমসেনযুধিষ্ঠিরৌ, কীচকেন, পদা পাদেন, কৃষ্ণায়া দ্রৌপদ্যাঃ, বধমাঘাতম্, অমৃষ্যমাণৌ অসহমানৌ সন্তৌ তাং দদৃশতুশ্চ ॥১২॥

তস্যেতি। তদা মহাবলো ভীমঃ, তস্য দুরাত্মনঃ কীচকস্য, বধং প্রেপ্সুঃ কর্ত্তুমিচ্ছুঃ সন্, রোষাৎ, দন্তৈর্দন্তান্, নিষ্পিপেষ জঘর্ষ ॥১৩॥

ভরতনন্দন! তখন সূর্য্যদেব দ্রৌপদীর রক্ষার জন্য সেই যে রাক্ষসটাকে নিযুক্ত করিয়াছিলেন, সেই রাক্ষস বায়ুবেগে কীচককে একটা ধাক্কা দিল ॥১০॥

তখন কীচক রাক্ষসকর্ত্তৃক সবলে আহত হইয়া নিশ্চেষ্টভাবে ঘুরিতে থাকিয়া ছিন্নমূল বৃক্ষের ন্যায় ভূতলে পতিত হইল ॥১১॥

এদিকে সেইখানে উপবিষ্ট ভীম ও যুধিষ্ঠির দ্রৌপদীর উপরে কীচকের পদাঘাত সহ্য করিতে না পারিয়া (দুঃখ ও রোষের সহিত) দ্রৌপদীর প্রতি দৃষ্টিপাত করিলেন ॥১২॥

তখন মহাবল ভীমসেন ক্রোধে সেই দুরাত্মা কীচককে বধ করিবার ইচ্ছা করিয়া দন্তদ্বারা দন্তঘর্ষণ করিয়া উঠিলেন ॥১৩॥

(১০) তস্যা যোঽসৌ···বা ব ম, যুক্তো যোঽসৌ···অদৃশ্যো বায়ুরূপেণ অপাবহত ভারত! ভা। (১১)···নিঘূর্ণমানো নিশ্চেতাঃ···প্র। (১২) তামাসীনৌ···প্র। (১৩) তস্য ভীমোঽপদম্···প্র,···দন্তৈর্দন্তান্তরং স্পৃষ্ট্বা ক্রোধাদ্ভ্রূকুটিমানয়ৎ—ভা, নিষ্পপেষ মহামনাঃ—বা ব রা ম। ইতঃ পরম্ 'ধূমচ্ছায়ামভজতাং নেত্রে চোচ্ছিতপক্ষ্মণী। সস্বেদা ভৃকুটী চোগ্রা ললাটে সমবর্ত্তত॥ হস্তেন মমৃদে চৈব ললাটং পরবীরহা। ভূয়শ্চ ত্বরিতঃ ক্রুদ্ধঃ সহসোত্থাতুমৈচ্ছত॥' ইতি শ্লোকদ্বয়মধিকং—প্র বা ব রা ম।

তথাঙ্গুষ্ঠেনাবমৃদন্নঙ্গুষ্ঠং তস্য ধর্ম্মরাট্ ।
প্রবোধনভয়াদ্রাজা ভীমং তং প্রত্যষেধয়ৎ ॥১৪॥
সা সভাদ্বারমাসাদ্য রুদতী মৎস্যমব্রবীৎ ।
অবেক্ষমাণা সুশ্রোণী তৌ পতী দীনমানসৌ ॥১৫॥
আকারমভিরক্ষন্তী প্রতিজ্ঞাং ধর্ম্মচারিণী ।
দহমানেব রৌদ্রেণ চক্ষুষা দ্রুপদাত্মজা ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তথেতি। তদা রাজা ধর্ম্মরাট্ যুধিষ্ঠিরঃ, স্বচরণস্য অঙ্গুষ্ঠেন, তস্য ভীমস্য, চরণস্যৈব অঙ্গুষ্ঠম্, অবমৃদন্ অবমৃদ্নন্, প্রবোধনভয়াৎ ভীমস্যেন জ্ঞানভয়াৎ তং ভীমং প্রত্যষেধয়ৎ ॥১৪॥

সেতি। ধর্ম্মচারিণী, অতএব যুধিষ্ঠিরস্য অজ্ঞাতবাসসম্বন্ধিনীং প্রতিজ্ঞাম্, অভিরক্ষন্তী সর্ব্বথা পালয়ন্তী, তত এব চ আকারং কীচকবধেঙ্গিতম্, অভিরক্ষন্তী নিবারয়ন্তী অকুর্ব্বাণেত্যর্থঃ, সুশ্রোণী শোভননিতম্বা, সা দ্রুপদাত্মজা, সভাদ্বারমাসাদ্য, রুদতী, দীনমানসৌ প্রতীকারাকরণাৎ দুঃখিতচিত্তৌ, তৌ পতী যুধিষ্ঠিরভীমসেনৌ, অবেক্ষমাণা অবলোকয়ন্তী, রৌদ্রেণ ভয়ঙ্করেণ চক্ষুষা, দহমানেব বিরাটমেব দহন্তীব, মৎস্যং মৎস্যরাজং বিরাটম্, অব্রবীৎ ॥১৫—১৬॥

ভারতভাবদীপঃ

॥৪—৭॥ বিধুন্বানা কম্পমানা ॥৮—৯॥ অপোবাহ দূরীচকার ॥১০—১৩॥ (পাঠান্তরে) ধূমচ্ছায়াঃ কর্ম্ম, নেত্রে কর্ত্তৃণী অভজতাম্। ছায়ামিত্যেকবচনান্তঃ পাঠঃ স্বচ্ছঃ। অঙ্গুষ্ঠং পাদাঙ্গুষ্ঠম্, অঙ্গুষ্ঠেন হস্তাঙ্গুষ্ঠেন আচারাদেবং জ্ঞেয়ম্ ॥১৪—১৫॥ অভিরক্ষন্তী গৃহমানা, ধর্ম্মসংহিতা ধর্ম্মবন্ধা ॥১৬॥

এই সময়ে লোকে বুঝিয়া ফেলিবে এই ভয়ে রাজা যুধিষ্ঠির আপন চরণাঙ্গুষ্ঠদ্বারা ভীমের চরণাঙ্গুষ্ঠ মর্দ্দন করিয়া ভীমকে নিষেধ করিলেন ॥১৪॥

শোভননিতম্বা ও ধর্ম্মচারিণী দ্রৌপদী তখন যুধিষ্ঠিরের অজ্ঞাতবাসের প্রতিজ্ঞা রক্ষা করিবার জন্য কীচকবধের ইঙ্গিত না করিয়া, সভার নিকট যাইয়া, রোদন করিতে থাকিয়া, দুঃখিতচিত্ত যুধিষ্ঠির ও ভীমের প্রতি দৃষ্টিপাত করিয়া রৌদ্রনয়নে বিরাটকে যেন দগ্ধ করিতে থাকিয়া তাঁহাকে বলিতে লাগিলেন ॥১৫-১৬॥

(১৪) অথাবমৃদ্যাদঙ্গুষ্ঠমঙ্গুষ্ঠেন যুধিষ্ঠিরঃ···বা ব রা ম, অঙ্গুষ্ঠেনাবমৃদ্যাত্ত অঙ্গুষ্ঠং তস্য ধর্ম্মরাট্ ···ভা। (১৪) শ্লোকাৎ পরম্ 'তং মত্তমিব মাতঙ্গং বীক্ষমাণং বনস্পতিম্। স তমাবারয়ামাস ভীমসেনং যুধিষ্ঠিরঃ ॥ আলোকয়সি কিং বৃক্ষং সুদ! দারুকৃতেন বৈ। যদি তে দারুভিঃ কৃত্যং বহির্বৃক্ষান্নিগৃহ্যতাম্ ॥" ইদমধিকং শ্লোকদ্বয়ম্—বা ব রা ম। (১৫)···আগত্য রুদন্তী···ভা,···পতীংস্তান্ দীনচেতসঃ—প্র বা ব রা ম। (১৬)···প্রতিজ্ঞা ধর্ম্মসংহিতা···বা ব রা ম,···প্রতিজ্ঞাং ধর্ম্মসংহিতাম্···ভা।

দ্রৌপদ্যুবাচ।

যেষাং বৈরী ন স্বপিতি ষষ্ঠেঽপি বিষয়ে বসন্।
তেষাং মাং মানিনীং ভার্য্যাং সূতপুত্রঃ পদাবধীৎ ॥১৭॥
যে দদ্যুর্ন চ যাচেয়ুর্ব্রহ্মণ্যাঃ সত্যবাদিনঃ।
তেষাং মাং মানিনীং ভার্য্যাং সূতপুত্রঃ পদাবধীৎ ॥১৮॥
যেষাং দুন্দুভিনির্ঘোষো জ্যাঘোষঃ শ্রূয়তে মহান্।
তেষাং মাং মানিনীং ভার্য্যাং সূতপুত্রঃ পদাবধীৎ ॥১৯॥
যে চ তেজস্বিনো দান্তা বলবন্তোঽতিমানিনঃ।
তেষাং মাং মানিনীং ভার্য্যাং সূতপুত্রঃ পদাঽবধীৎ ॥২০॥

ভারতকৌমুদী

যেষামিতি। যেষাং বীরাণাং বৈরী, ষষ্ঠে বিষয়ে দেশে স্বদেশাপেক্ষয়া ষষ্ঠদেশে অতিদূর ইত্যর্থঃ বসন্নপি সন্, ন স্বপিতি ভয়াদেব ন নিদ্রাতি, তেষাং মানিনীং ভার্য্যাং মাম্, সূতপুত্রঃ কীচক এব, পদা চরণেন, অবধীৎ আহতবানিতি কাকুঃ ॥১৭॥

য ইতি। ব্রহ্মণ্যা ব্রাহ্মণহিতাঃ সত্যবাদিনশ্চ যে বীরাঃ, ব্রাহ্মণাদিভ্যো দদ্যুরেব, ন চ কঞ্চিদপি যাচেয়ুঃ, তেষাং মানিনীং ভার্য্যাং মাং সূতপুত্রঃ পদা অবধীৎ ॥১৮॥

যেষামিতি। যেষাং বীরাণাম্, জ্যাঘোষো ধনুর্গুণাস্ফালনশব্দঃ, দুন্দুভিনির্ঘোষ ইব মহান্ শ্রূয়তে, তেষাং মানিনীং ভার্য্যাং মাং সূতপুত্রঃ পদা অবধীৎ ॥১৯॥

য ইতি। যে বীরাশ্চ, তেজস্বিন উৎসাহিনঃ, দান্তা ইন্দ্রিয়দমনশীলাঃ, বলবন্তঃ অতিমানিনশ্চ বর্ত্তন্তে, তেষাং মানিনীং ভার্য্যাং মাং সূতপুত্রঃ পদা অবধীৎ ॥২০॥

দ্রৌপদী বলিলেন—'যাঁহাদের শত্রু যাঁহাদের দেশ হইতে ষষ্ঠ দেশে বাস করিয়াও ভয়ে নিদ্রা যায় না, তাঁহাদেরই মানিনী ভার্য্যা আমি; আমাকেই সূতপুত্র পদাঘাত করিল! ॥১৭॥

ব্রাহ্মণহিতৈষী ও সত্যবাদী যে বীরেরা কেবল দানই করেন, প্রার্থনা করেন না, তাঁহাদেরই মানিনী ভার্য্যা আমি; আমাকেই সূতপুত্র পদাঘাত করিল! ॥১৮॥

যে বীরগণের ধনুর্গুণাস্ফালনের শব্দ দুন্দুভিশব্দের ন্যায় বৃহৎ শুনা যায়, তাঁহাদেরই মানিনী ভার্য্যা আমি, আমাকেই সূতপুত্র পদাঘাত করিল! ॥১৯॥

যাঁহারা তেজস্বী, জিতেন্দ্রিয়, বলবান্ ও অত্যন্ত অভিমানী, তাঁহাদেরই মানিনী ভার্য্যা আমি; আমাকেই সূতপুত্র পদাঘাত করিল! ॥২০॥

(১৭) যেষামবধ্যো নৈবারিঃ পদা ভূমিমুপস্পৃশন্…ভা। (১৮) অয়ং শ্লোকো ভা নাস্তি। (১৯)…শ্রূয়তেঽনিশম্…প্র রা ম,…শ্রূয়তে হি অহর্নিশম্…ভা।

সর্ব্বলোকমিমং হন্যুর্ধর্ম্মপাশসিতাস্তু যে।
তেষাং মাং মানিনীং ভার্য্যাং সূতপুত্রঃ পদাঽবধীৎ ॥২১॥
শরণং যে প্রপন্নানাং ভবন্তি শরণার্থিনাম্।
চরন্তি লোকে প্রচ্ছন্নাঃ ক্ব নু তেঽদ্য মহারথাঃ ॥২২॥
কথং তে সূতপুত্রেণ বধ্যমানাং প্রিয়াং সতীম্।
মর্ষয়ন্তি যথা ক্লীবা বলবন্তোঽমিতৌজসঃ ॥২৩॥
ক্ব নু তেষামমর্ষশ্চ বীর্য্যং তেজশ্চ বর্ত্ততে।
ন পরীপ্সন্তি যে ভার্য্যাং বধ্যমানাং প্রিয়াং সতীম্ ॥২৪॥

ভারতকৌমুদী

সর্বেতি। যে বীরাঃ, ইমং সর্ব্বলোকং হন্যুঃ হন্তুং শক্নুয়ুঃ, ইদানীন্তু ধর্ম্মপাশেন সিতা বদ্ধা বর্ত্তন্তে। "ষিঞ্ বন্ধনে" ইত্যস্য ক্তপ্রত্যয়ে রূপম্। তেষাং মানিনীং ভার্য্যাং মাং সূতপুত্রঃ পদা অবধীৎ। ইতোঽধিকং কিমস্তি দুঃখমিত্যাশয়ঃ সর্ব্বত্র ॥২১॥

শরণমিতি। যে বীরাঃ, প্রপন্নানামুপস্থিতানাং শরণার্থিনাম্, শরণং রক্ষিতারো ভবন্তি; ইদানীঞ্চ প্রচ্ছন্না গুপ্তাশ্চরন্তি, অদ্য তে মহারথাঃ ক্ব নু বর্ত্তন্তে ॥২২॥

কথমিতি। বলবন্তঃ অমিতৌজসশ্চ তে বীরাঃ, ক্লীবা যথা তথা, সূতপুত্রেণ বধ্যমানাং পদা আহন্যমানাম্, সতীং প্রিয়াং ভার্য্যাম্, কথং মর্ষয়ন্তি সহন্তে ॥২৩॥

ক্বেতি। যে বীরাঃ, বধ্যমানাং নিহীনেন পদা আহন্যমানাং সতীং প্রিয়াঞ্চ ভার্য্যাম্, ন পরীপ্সন্তি রক্ষিতুং নেচ্ছন্তি; তেষামমর্ষঃ ক্রোধঃ বীর্য্যং তেজশ্চ ক্ব নু বর্ত্ততে ॥২৪॥

ভারতভাবদীপঃ

ষষ্ঠে বিষয়ে দেশপঞ্চকব্যবধানেঽপি ন স্বপিতি তেষাং সার্বভৌমত্বাৎ; যদ্বা, বাহ্যেন্দ্রিয়গ্রাহ্য-পঞ্চবিষয়াপেক্ষয়া ষষ্ঠে মনোমাত্রগ্রাহ্যে স্বপ্নমনোরথাদিরূপেঽপি বিষয়ে ন স্বপিতি ভয়ার্দিতঃ

এবং যাঁহারা এই সমগ্র জগৎ সংহার করিতে পারেন, কিন্তু এখন ধর্ম্মপাশে আবদ্ধ রহিয়াছেন, তাঁহাদেরই মানিনী ভার্য্যা আমি; আমাকেই সূতপুত্র পদাঘাত করিল! ॥২১॥

শরণার্থীরা উপস্থিত হইলে, যাঁহারা তাহাদিগকে রক্ষা করিয়া থাকেন এবং যাঁহারা গুপ্তভাবে লোকসমাজে বিচরণ করিতেছেন, আজ সেই মহারথগণ কোথায় রহিলেন ॥২২॥

সতী ও প্রিয়তমা পত্নীকে সূতপুত্র পদাঘাত করিল, ইহা দেখিয়াও সেই বলবান্ ও অমিততেজা বীরগণ নপুংসকের ন্যায় কি করিয়া সহ্য করিতেছেন? ॥২৩॥

(২১)…ধর্ম্মপাশস্থিতাশ্চ যে…প্র। অস্য বিন্যাসব্যত্যয়োঽপি প্র।

ময়া তু শক্যং কিং কর্ত্তুং বিরাটে ধর্ম্মদূষকে।
যঃ পশ্যন্ মাং মর্ষয়তি বধ্যমানামনাগসম্ ॥২৫॥
ন রাজন্! রাজবৎ কিঞ্চিৎ সমাচরসি কীচকে।
দস্যূনামিব ধর্ম্মস্তে নহি সংসদি শোভতে ॥২৬॥
নাহমেতেন যুক্তা বৈ বস্তুং মৎস্য! তবান্তিকে।
সভাসদশ্চ পশ্যন্তু কীচকস্য ব্যতিক্রমম্ ॥২৭॥
ন কীচকশ্চ ধর্ম্মজ্ঞো ন চ মৎস্যঃ কথঞ্চন।
সভাসদোঽপ্যধর্ম্মজ্ঞা য ইমং পর্য্যুপাসতে ॥২৮॥

ভারতকৌমুদী

ময়েতি। বিরাটে রাজনি, ধর্ম্মদূষকে ইদানীমপি তূষ্ণীম্ভাবাবলম্বনাদন্যায্যাচারিণি সতি, ময়া তু কীচকস্য কিং কর্ত্তুং শক্যম্, অপি তু কিমপি নেত্যর্থঃ। যো বিরাটঃ, অনাগসং নিরপরাধামপি মাম্, বধ্যমানাং কীচকেন পদা আহন্যমানাং পশ্যন্নপি, মর্ষয়তি কীচকং ক্ষমতে ॥২৫॥

নেতি। হে রাজন্! ত্বং কীচকে কীচকবিষয়ে, রাজবৎ কিঞ্চিদপি কার্য্যং ন সমাচরসি। অতএব দস্যূনামিব তে তবায়ং ধর্ম্মঃ, সংসদি রাজসভায়াং নহি শোভতে ॥২৬॥

নেতি। হে মৎস্য! মৎস্যরাজ! অহম্, এতেন প্রকারেণ, তবান্তিকে, বস্তুং স্থাতুং ন যুক্তা। সভাসদশ্চ কীচকস্য ব্যতিক্রমমত্যাচারং পশ্যন্তু ॥২৭॥

নেতি। কীচকশ্চ ন ধর্ম্মজ্ঞঃ, মৎস্যো বিরাটোঽপি কথঞ্চনাপি চ ন ধর্ম্মজ্ঞঃ, সভাসদোঽপি অধর্ম্মজ্ঞা ন ধর্ম্মজ্ঞাঃ, যে সভাসদঃ, ইমং বিরাটং পর্য্যুপাসতে ॥২৮॥

সতী ও প্রিয়তমা পত্নীকে সূতপুত্র পদাঘাত করিল, ইহা দেখিয়াও যাঁহারা তাহাকে রক্ষা করিবার ইচ্ছা করিতেছেন না, তাঁহাদের ক্রোধ, বীর্য্য ও তেজ কোথায় রহিয়াছে? ॥২৪॥

আমি নিরপরাধা, তথাপি কীচক আমাকে পদাঘাত করিল; ইহা দেখিয়াও যিনি কীচকের প্রতি ক্ষমা করিতেছেন, সেই বিরাটরাজাই যদি ধর্ম্মকে দূষিত করিতে থাকেন, তবে আমি আর কীচকের কি করিতে পারি? ॥২৫॥

রাজা! আপনি কীচকের প্রতি রাজার মত কোন কার্য্যই করিলেন না! সুতরাং দস্যুর ন্যায় আপনার এই ধর্ম্ম রাজসভায় শোভা পাইতেছে না ॥২৬॥

মৎস্যরাজ! আপনার নিকটে এইভাবে বাস করাও আমার সঙ্গত হইতেছে না। সভ্যগণও কীচকের এই অত্যাচার দর্শন করুন ॥২৭॥

(২৫) ধর্ম্মবৈতংসিকো নূনমধর্ম্মমপি পূজয়েৎ…ভা,…বিরাটে ধর্ম্মদূষণম্…প্র,…ধর্ম্মদূষণে…বা। (২৬) ন রাজা রাজবৎ…বা ব রা ম। (২৭) নাহমেতেন যুক্তং বৈ…রা ম। (২৮) ন কীচকঃ স্বধর্ম্মজ্ঞঃ…ভা। ইতঃ পরম্ 'বৈশম্পায়ন উবাচ' বা ব রা ম।

এবংবিধৈর্বচোভিঃ সা তদা কৃষ্ণাশ্রুলোচনা।
উপালভত রাজানং মৎস্যানাং বরবর্ণিনী ॥২৯॥

বিরাট উবাচ।

পরোক্ষং নাভিজানামি বিগ্রহং যুবয়োরহম্।
অর্থতত্ত্বমবিজ্ঞায় কিন্নু স্যাৎ কৌশলং মম ॥৩০॥

বৈশম্পায়ন উবাচ। *

ততস্তু সভ্যা বিজ্ঞায় কৃষ্ণাং ভূয়োঽভ্যপূজয়ন্।
সাধু সাধ্বিতি চাপ্যাহুঃ কীচকঞ্চ ব্যগর্হয়ন্ ॥৩১॥

সভ্যা ঊচুঃ।

যস্যৈষা চারুসর্ব্বাঙ্গী ভার্য্যা স্যাদায়তেক্ষণা।
পরো লাভশ্চ তস্য স্যান্ন স শোচেৎ কথঞ্চন ॥৩২॥

ভারতকৌমুদী

এবমিতি। অশ্রূণি লোচনয়োর্যস্যাঃ সা, বরবর্ণিনী উত্তমা স্ত্রী কৃষ্ণা দ্রৌপদী, তদা এবংবিধৈর্বচোভিঃ, মৎস্যানাং রাজানং বিরাটম্, উপালভত অনিন্দৎ ॥২৯॥

পরোক্ষমিতি। অহম্, যুবয়োঃ তব কীচকস্য চ, পরোক্ষম্ অস্মদসমক্ষম্, বিগ্রহম্ কলহম্, নাভিজানামি। অতএব অর্থস্য তবৈতদপমানস্য তত্ত্বং যথার্থকারণম্, অবিজ্ঞায় স্থিতস্য মম, কিন্নু কৌশলং বিচারনৈপুণ্যং স্যাৎ। তুচ্ছমিদমুত্তরং রাজ্ঞ ইতি সমালোচনীয়ম্ ॥৩০॥

তত ইতি। ততস্তু সভ্যাঃ, কৃষ্ণায়া নিরপরাধতাং বিজ্ঞায়, ভূয়ো বহুলং কৃষ্ণাং দ্রৌপদীম্, অভ্যপূজয়ন্ প্রাশংসন্, সাধু সাধ্বিতি চাপ্যাহুঃ কীচকং ব্যগর্হয়ংশ্চ ॥৩১॥

কীচক ত ধর্ম্মজ্ঞ নহেই, মৎস্যরাজও কোনপ্রকারেই ধর্ম্মজ্ঞ নহেন এবং সভ্যগণও ধর্ম্মজ্ঞ নহেন, যাঁহারা এই রাজার সেবা করিতেছেন' ॥২৮॥

তখন অশ্রুপূর্ণনয়না বরবর্ণিনী দ্রৌপদী এইরূপ বহু বাক্যদ্বারা মৎস্যরাজকে তিরস্কার করিলেন ॥২৯॥

বিরাটরাজা বলিলেন—সৈরিন্ধ্রি! আমার অসমক্ষে তোমাদের যে বিবাদ হইয়াছে, তাহা আমি জানি না। সুতরাং তোমার এই অপমানের যথার্থ কারণ না জানায় আমার কি বিচারনৈপুণ্য হইতে পারে?' ॥৩০॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর সভ্যেরা দ্রৌপদীর নির্দ্দোষতা জানিয়া তাঁহার বহুতর প্রশংসা করিলেন এবং 'সাধু সাধু' এই কথা বলিলেন, আর কীচকেরও বিশেষ নিন্দা করিলেন ॥৩১॥

(২৯) এবংবিধং বিলপতী বচোভিঃ কটুকাক্ষরৈঃ···ভা। (৩০)···বিবাদং যুবয়োরহম্। কার্য্যস্যার্থমবিজ্ঞায় কিন্নু স্যাৎ কুশলং মম। * অয়ং পাঠঃ ভা নাস্তি। (৩১)···কৃষ্ণা-বাক্যমপূজয়ন্। সাধু সাধ্বিতি তে সর্বে··· ভা। (৩২) যস্যেয়ম্···পরো লাভোঽস্য···ভা।

নহীদৃশী মনুষ্যেষু সুলভা বরবর্ণিনী।
নারী সর্ব্বানবদ্যাঙ্গী দেবী মন্যামহে বয়ম্ ॥৩৩॥

বৈশম্পায়ন উবাচ।

এবং পূজয়তস্তাং তু কৃষ্ণাং প্রেক্ষ্য সভাসদঃ।
যুধিষ্ঠিরস্য কোপাত্তু ললাটে স্বেদ আগতঃ ॥৩৪॥
অথাব্রবীদ্রাজপুত্রীং কৌরব্যো মহিষীং প্রিয়াম্।
গচ্ছ সৈরিন্ধ্রি! মাহত্র স্থাঃ সুদেষ্ণায়া নিবেশনম্ ॥৩৫॥
ভর্ত্তারমনুরুন্ধন্ত্যঃ ক্লিশ্যন্তে বীরপত্নয়ঃ।
শুশ্রূষয়া ক্লিশ্যমানাঃ পতিলোকং জয়ন্ত্যুত ॥৩৬॥

ভারতকৌমুদী

যস্যেতি। চারুসর্ব্বাঙ্গী, আয়তেক্ষণা বিশালনয়না চ এষা নারী; যস্য পুরুষস্য ভার্য্যা স্যাৎ, তস্য পরো মহান্ লাভঃ স্যাৎ, স কথঞ্চনাপি ন শোচেচ্চ ॥৩২॥

নহীতি। ঈদৃশী সর্ব্বানবদ্যাঙ্গী বরবর্ণিনী নারী, মনুষ্যেষু নহি সুলভা। অতএব ইয়ং দেবী, ইতি বয়ং মন্যামহে ॥৩৩॥

এবমিতি। এবং তাং কৃষ্ণাং পূজয়তঃ প্রশংসতঃ সভাসদঃ প্রেক্ষ্য স্থিতস্য তু যুধিষ্ঠিরস্য ললাটে, কোপাৎ, স্বেদো ঘর্ম্ম আগতঃ, তৎপ্রশংসায়া এবোদ্দীপকত্বাৎ ॥৩৪॥

অথেতি। অথ কৌরব্যঃ প্রকরণাদ্যুধিষ্ঠিরঃ, প্রিয়াং মহিষীং রাজপুত্রীং দ্রৌপদীমব্রবীৎ। হে সৈরিন্ধ্রি! অত্র মা স্থা ন তিষ্ঠ, সুদেষ্ণায়া নিবেশনং ভবনং গচ্ছ ॥৩৫॥

সভ্যেরা বলিলেন—'এই সর্ব্বাঙ্গসুন্দরী দীর্ঘনয়না নারী যাহার ভার্য্যা হইয়াছেন, তাহার মহালাভ হইয়াছে এবং সে কোন প্রকারেই শোক করে না ॥৩২॥

এইরূপ সর্ব্বাঙ্গসুন্দরী বরবর্ণিনী নারী মনুষ্যসমাজে সুলভ নহে; সুতরাং ইনি দেবী; ইহাই আমরা ধারণা করি' ॥৩৩॥

বৈশম্পায়ন বলিলেন—সভ্যেরা দ্রৌপদীকে এইরূপ প্রশংসা করিতেছেন দেখিয়া ক্রোধে যুধিষ্ঠিরের ললাটে ঘর্ম্ম আবির্ভূত হইল ॥৩৪॥

তাহার পর যুধিষ্ঠির প্রিয়তমা মহিষী দ্রৌপদীকে বলিলেন—'সৈরিন্ধ্রি! তুমি এখানে থাকিও না, সুদেষ্ণার গৃহেই যাও ॥৩৫॥

(৩৩) অয়ং শ্লোকঃ ভা নাস্তি। (৩৪) এবং সম্পূজয়ন্তস্তে···স্বেদ আগমৎ—বা ব রা ম, এবং সম্পূজয়ন্তি স্ম···আগমৎ—প্র। (৩৫) সৈরিন্ধ্রি! মুক্তাসি···ভা। (৩৬)··· অনুরুন্ধত্যঃ···প্র,···অনুবর্ত্তন্ত্যঃ···ভা।

মন্যে ন কালং ক্রোধস্য পশ্যন্তি পতয়স্তব।
যেন ত্বাং নাভিধাবন্তি গন্ধর্ব্বাঃ সূর্য্যবর্চ্চসঃ ॥৩৭॥
অকালজ্ঞাসি সৈরিন্ধ্রি! শৈলূষীব বিরোদিষি।
বিঘ্নং করোষি মৎস্যানাং দীব্যতাং রাজসংসদি ॥৩৮॥
গচ্ছ সৈরিন্ধ্রি! গন্ধর্ব্বাঃ করিষ্যন্তি তব প্রিয়ম্।
ব্যপনেষ্যন্তি তে দুঃখং যেন তে বিপ্রিয়ং কৃতম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

নন্বীদৃশাপমানসহনে কিং ফলমিত্যাহ ভর্ত্তারমিতি। বীরাণাং পত্নয়ো ভার্য্যাঃ, ভর্ত্তারম্ অনুরুন্ধন্ত্যঃ অনুসরন্ত্যঃ সত্যঃ ক্লিশ্যন্ত এব; ভর্ত্তৃণাং শুশ্রূষয়া ক্লিশ্যমানাস্ত তাঃ, পতিলোকং জয়ন্তি লভন্তে। উতশব্দঃ পাদপূরণে, অনুরুন্ধন্ত্য ইতি নকারলোপাভাবঃ বীরপত্নয় ইতি হ্রস্বেকারান্তপত্নিশব্দশ্চ আর্ষঃ ॥৩৬॥

অথ মৎপতয়ঃ কথং ন প্রতিকুর্ব্বন্তীত্যাহ মন্য ইতি। মন্যে যৎ, তব পতয়ঃ ক্রোধস্য কালং ন পশ্যন্তি, ইদানীমপি অজ্ঞাতবাসাসমাপ্তেরিতি ভাবঃ। যেন হেতুনা, সূর্য্যবর্চ্চসঃ সূর্য্যতুল্যতেজস্বিনঃ তব পতিভূতা গন্ধর্ব্বাঃ প্রতীকারায় ত্বাং নাভিধাবন্তি ॥৩৭॥

অকালেতি। হে সৈরিন্ধ্রি! ত্বম্ অকালজ্ঞাসি প্রতীকারস্য কালং ন জানাসি। অতএব শৈলূষী নটীব বিরোদিষি অভিনয়বদেবানর্থকং বিশেষেণ ক্রন্দসি। কিঞ্চ এতেন রোদনেন রাজসংসদি, দীব্যতাং ক্রীড়তাং মৎস্যানাং মৎস্যদেশীয়ানাং বিঘ্নং করোষি ॥৩৮॥

গচ্ছেতি। হে সৈরিন্ধ্রি! ত্বং গচ্ছ, ত্বৎপতয়ো গন্ধর্ব্বাস্তব প্রিয়ং করিষ্যন্তি। যেন তে বিপ্রিয়মপ্রিয়ং কৃতম্, তং দণ্ডয়ন্ত ইতি শেষঃ, তে দুঃখং ব্যপনেষ্যন্তি ॥৩৯॥

দেখ—বীরপত্নীরা ভর্ত্তাদের অনুসরণ করিতে থাকিয়া কষ্ট পাইয়াই থাকেন এবং ভর্ত্তৃশুশ্রূষাদ্বারা কষ্ট পাইতে থাকিয়া পতিলোক জয় করেন ॥৩৬॥

আমি মনে করি—তোমার ভর্ত্তারা এখন ক্রোধের সময় বলিয়া মনে করিতেছেন না; যে হেতু সূর্য্যতুল্য তেজস্বী সেই গন্ধর্ব্বেরা প্রতীকার করিবার জন্য তোমার নিকট ধাবিত হইয়া আসিতেছেন না ॥৩৭॥

অতএব সৈরিন্ধ্রি! তুমি প্রতীকারের সময় বোঝ না। সেই জন্যই নটীর ন্যায় রোদন করিতেছ এবং এইরূপ রোদন করিয়া রাজসভায় ক্রীড়াকারী মৎস্যদেশীয়গণের ক্রীড়ার বিঘ্ন করিতেছ ॥৩৮॥

অতএব সৈরিন্ধ্রি! তুমি যাও, গন্ধর্ব্বেরা তোমার প্রিয় কার্য্য করিবেন এবং যে লোক তোমার অপ্রিয় কার্য্য করিয়াছে, তাহার দণ্ড দিয়া তোমার দুঃখ দূর করিবেন' ॥৩৯॥

(৩৮)···শৈলূষীব প্রধাবসি···ভা। (৩৯) শ্লোকঃ ভা নাস্তি।

সৈরিন্ধ্র্যুবাচ। ✝

অতীব তেষাং ঘৃণিনামর্থেঽহং ধর্ম্মচারিণী।
তস্য তস্যৈব তে বধ্যা যেষাং জ্যেষ্ঠোঽক্ষদেবিতা ॥৪০॥

বৈশম্পায়ন উবাচ। ✠

ইত্যুক্ত্বা প্রাদ্রবৎ কৃষ্ণা সুদেষ্ণায়া নিবেশনম্।
কেশান্ মুক্ত্বা তু সুশ্রোণী সংরম্ভাল্লোহিতেক্ষণা ॥৪১॥
শুশুভে বদনং তস্যা রুদত্যাঃ সুচিরং তদা।
মেঘলেখাবিনির্ম্মুক্তং দিবীব রবিমণ্ডলম্ ॥৪২॥

ভারতকৌমুদী

অতীবেতি। যেষাং জ্যেষ্ঠো ভ্রাতা, অক্ষদেবিতা দ্যূতক্রীড়াকারী, ব্যসনাসক্ত ইত্যাশয়ঃ, অতীব ঘৃণিনাম্ অতিশয়েন দয়ালূনাং তেষামর্থে, অহং ভোগসময়েঽপি ধর্ম্মচারিণী জাতা, তদানীং দ্যূতসভায়ামিব ইদানীমপি কেশাকর্ষণাদিনা নিতরামপমানেঽপি প্রতিজ্ঞারক্ষার্থ এব তৎসহনেন ধর্ম্মাচরণাদিতি ভাবঃ। অন্যথা তু তে দুঃশাসনাদয়ঃ, তস্য তস্যৈব ভীমাদেঃ, বধ্যাঃ তৎক্ষণমেব বিনাশ্যা ভবেয়ুঃ। সাক্ষেপোক্তিরিয়ম্ ॥৪০॥

ইতীতি। সুশ্রোণী সুন্দরনিতম্বা, সংরম্ভাৎ ক্রোধাৎ লোহিতেক্ষণা রক্তবর্ণনয়না কৃষ্ণা, ইত্যুক্ত্বা, কীচকাকৃষ্টান্ কেশান্ মুক্ত্বৈব সুদেষ্ণায়া নিবেশনং প্রাদ্রবৎ দ্রুতমগচ্ছৎ ॥৪১॥

শুশুভ ইতি। তদা সুচিরং রুদত্যাঃ তস্যাঃ কৃষ্ণায়া বদনম্, দিবি আকাশে, মেঘলেখা-বিনির্ম্মুক্তং রবিমণ্ডলমিব শুশুভে, ক্রোধেন নয়নকিরণপ্রসারাদিতি ভাবঃ ॥৪২॥

ভারতভাবদীপঃ

সন্ কিমুত লোকে ন স্বপিতীত্যর্থঃ ॥১৭—২০॥ সিতাঃ বদ্ধাঃ ॥২১—২৯॥ কৌশলং সাধ্বসাধুনির্ণয়ে ইতি শেষঃ। কিংনু কথংনু ॥৩০—৩৪॥ মাত্র স্থাঃ অত্র মা স্থাঃ মা তিষ্ঠ

দ্রৌপদী বলিলেন—'যাঁহাদের জ্যেষ্ঠভ্রাতা দ্যূতক্রীড়াসক্ত, সেই মহাদয়ালু-দের জন্যই আমি ভোগের সময়েও ধর্ম্মচারিণী হইয়াছি। না হইলে সেই দুর্জনেরা তখন তখনই তাঁহাদের বধ্য হইত' ॥৪০॥

বৈশম্পায়ন বলিলেন—সুনিতম্বা দ্রৌপদী ক্রোধে আরক্তনয়ন হইয়া এই কথা বলিয়া কেশকলাপ মুক্ত রাখিয়াই বেগে সুদেষ্ণার ভবনে চলিয়া গেলেন ॥৪১॥

তখন দীর্ঘকাল রোদনকারিণী দ্রৌপদীর মুখমণ্ডল, আকাশে মেঘমুক্ত সূর্য্য-মণ্ডলের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥৪২॥

✝ দ্রৌপদ্যুবাচ—ভা। (৪০) বহুদুঃখান্বিতা যেষামর্থে···তস্য তস্যেহ···ভা। ✠ অয়ং পাঠো ভা নাস্তি। (৪২)···রুদন্ত্যাঃ···বা ব রা ম ভা,···শশিমণ্ডলম্—বা ব রা ম।

সুদেষ্ণোবাচ।

কস্ত্বাঽবধীদ্বরারোহে! কস্মাদ্রোদিষি শোভনে!।
কস্যাদ্য ন সুখং ভদ্রে! কেন তে বিপ্রিয়ং কৃতম্ ॥৪৩॥

দ্রৌপদ্যুবাচ।

কীচকো মাঽবধীত্তত্র সুরাহারীং গতাং তব।
সভায়াং পশ্যতো রাজ্ঞো যথৈব বিজনে তথা ॥৪৪॥

সুদেষ্ণোবাচ।

ঘাতয়ামি সুকেশান্তে! কীচকং যদি মন্যসে।
গৃহং গতায়া মদ্বাক্যাদ্‌যেন তে বিপ্রিয়ং কৃতম্ ॥৪৫॥

ভারতকৌমুদী

ক ইতি। হে বরারোহে! কো জনঃ, ত্বা ত্বাম্, অবধীৎ প্রহৃতবান্; হে শোভনে! ত্বং কস্মাৎ রোদিষি। হে ভদ্রে! অদ্য কস্য ন সুখং দুঃখমুপস্থিতম্, কেন তে বিপ্রিয়ং কৃতম্ ॥৪৩॥

কীচক ইতি। হে রাজ্ঞি! কীচকঃ, তবার্থে সুরাহারীং সুরামাহরিষ্যন্তীম্, অতএব তত্র গতাম্, মা মাম, যথৈব বিজনে, তথৈব সভায়াম্, পশ্যত এব রাজ্ঞঃ, অবধীৎ ॥৪৪॥

ঘাতেতি। হে সুকেশান্তে! ত্বং যদি মন্যসে ইচ্ছসি, তর্হি যেন, মদ্বাক্যাদেব আত্মনো গৃহং গতায়াস্তে বিপ্রিয়ং কৃতম্, তং কীচকং ঘাতয়ামি ॥৪৫॥

ভারতভাবদীপঃ

॥৩৫—৩৭॥ শৈলুষীব নটীব নির্লজ্জা ॥৩৮॥ দুঃখং দুঃখয়িতারং বাপনেষ্যন্তি জীবিতাদিতি

তখন সুদেষ্ণা বলিলেন—'বরবর্ণিনি! কে তোমাকে প্রহার করিল? শোভনে! তুমি কেন কাঁদিতেছ? আজ কাহার সুখের অবসান হইল? কে তোমার অপ্রিয় কার্য্য করিল?' ॥৪৩॥

দ্রৌপদী বলিলেন—'রাজ্ঞি! আমি আপনার জন্য সুরা আনয়ন করিতে সেখানে গিয়াছিলাম; তাহার পর নির্জ্জনে যেমন প্রহার করে, সেইরূপই রাজসভায় রাজার সমক্ষেই কীচক আমাকে প্রহার করিয়াছে' ॥৪৪॥

সুদেষ্ণা বলিলেন—'সুকেশি! তুমি আমার আদেশেই কীচকের বাড়ী গিয়াছিলে; এই অবস্থাতেও যে কীচক তোমার অপ্রিয় কার্য্য করিয়াছে, যদি তুমি ইচ্ছা কর, আমি সে কীচকের প্রাণদণ্ডই করাইব' ॥৪৫॥

(৪৩) সম শ্বস বরারোহে! ভা,···রোদিষি ভামিনি!···বা ব রা ম। (৪৪) কীচকো মাং বধীত্তত্র···ভা। (৪৫)···যোঽসৌ ত্বাং কামসংমত্তো দুর্লভামবমন্যতে—প্র বা ব রা ম।

দ্রৌপদ্যুবাচ।

অন্যেঽপি তং হনিষ্যন্তি যেষামাগঃ করোতি সঃ।
মন্যে চাদ্যৈব সুব্যক্তং পরলোকং গমিষ্যতি ॥৪৬॥

বৈশম্পায়ন উবাচ।

সা হতা সূতপুত্রেণ রাজপুত্রী সমজ্বলৎ।
বধং কৃষ্ণা পরীপ্সন্তী সেনাবাহস্য ভামিনী ॥৪৭॥
জগামাবাসমেবাথ তদা সা দ্রুপদাত্মজা।
কৃত্বা শৌচং যথান্যায়ং কৃষ্ণা বৈ তনুমধ্যমা ॥৪৮॥

ভারতকৌমুদী

অন্য ইতি। স কীচকঃ, যেষাং সম্বন্ধে আগঃ অপরাধং করোতি স্ম, তে অন্য এব তং হনিষ্যন্তি। অপিঃ সম্ভাবনায়াম্। মন্যে চ অদ্যৈব সুব্যক্তং ধ্রুবং পরলোকং গমিষ্যতি স কীচক ইত্যনুবৃত্তিঃ ॥৪৬॥

সেতি। সূতপুত্রেণ কীচকেন হতা প্রহৃতা, অতএব ভামিনী ক্রুদ্ধা, সা রাজপুত্রী কৃষ্ণা, সেনাং বহতি নয়তীতি তস্য কীচকস্য বধং পরীপ্সন্তী ইচ্ছন্তী ক্রোধেনৈব সমজ্বলৎ ॥৪৭॥

জগামেতি। অথ তনুমধ্যমা কৃশকটীদেশা সা দ্রুপদাত্মজা কৃষ্ণা, যথান্যায়ং শৌচং দেহ-পরিষ্কারং কৃত্বা তদা আবাসমেব স্ববাসস্থানমেব জগাম ॥৪৮॥

ভারতভাবদীপঃ

শেষঃ ॥৩৯॥ ঘৃণিনাং দয়াবতাং তেষামর্থে তস্য তস্য সর্বস্যৈব তে বধ্যাঃ স্যুঃ ॥৪০—৪৩॥ পশ্যতো রাজ্ঞ ইত্যনাদরে ষষ্ঠী, রাজানং লক্ষীকৃত্যেত্যর্থঃ ॥৪৪—৪৬॥ সেনাবাহস্য

দ্রৌপদী বলিলেন—'রাজ্ঞি! কীচক যাঁহাদের নিকট অপরাধ করিয়াছে, আমি মনে করি—তাঁহারাই তাহাকে বধ করিবেন এবং ইহাও মনে করি যে, নিশ্চয় আজই সে পরলোকে গমন করিবে' ॥৪৬॥

বৈশম্পায়ন বলিলেন—কীচককর্ত্তৃক প্রহৃতা ক্রুদ্ধা রাজনন্দিনী কৃষ্ণা সেনাপতি কীচকের বধ কামনা করিয়া ক্রোধে জ্বলিতে লাগিলেন ॥৪৭॥

তাহার পর ক্ষীণমধ্যা দ্রুপদনন্দিনী কৃষ্ণা যথানিয়মে শরীর পরিষ্কার করিয়া আপন বাসস্থানেই গমন করিলেন ॥৪৮॥

(৪৬) অন্যে তং বৈ বধিষ্যন্তি…প্র, অন্যে চৈনং বধিষ্যন্তি…রা ম, অন্যে চৈব বধিষ্যন্তি …বা। ইতঃ পরং '…ষোড়শোঽধ্যায়ঃ'—প্র বা ব রা ম। (৪৭)…রাজপুত্রী যশস্বিনী… প্র বা ব রা ম,…সেনাবাহস্য ভাবিনী—প্র। (৪৮) জগাম বাসমেবং সা শোকাদুদ্বিগ্ন-মানসা…ভা।

গাত্রাণি বাসসী চৈব প্রক্ষাল্য সলিলেন সা।
চিন্তয়ামাস রুদতী তস্য দুঃখস্য নির্ণয়ম্ ॥৪৯॥
ইত্যেবং চিন্তয়িত্বা সা ভীমং বৈ মনসাগমৎ।
কর্ত্তা নান্যোঽস্তি বৈ ভীমান্মমাদ্য মনসঃ প্রিয়ম্ ॥৫০॥
তত উত্থায় রাত্রৌ সা বিহায় ভবনং স্বকম্।
প্রাদ্রবন্নাথমিচ্ছন্তী কৃষ্ণা নাথবতী সতী ॥৫১॥
সা তং মহানসে প্রাপ্য ভীমসেনং শুচিস্মিতা।
উপাতিষ্ঠত পাঞ্চালী বাসিতেব মহাবৃষম্ ॥৫২॥

ভারতকৌমুদী

গাত্রাণীতি। ততঃ, সা কৃষ্ণা সলিলেন গাত্রাণি বাসসী চৈব প্রক্ষাল্য, কীচকেন পদাঘাতে কৃতে ভূতলপতনেন ধূল্যাদিলগ্নত্বাদিত্যাশয়ঃ, রুদতী সতী, তস্য দুঃখস্য, নির্ণয়ং নিষ্ক্রয়ং পরিশোধনোপায়মিত্যর্থঃ চিন্তয়ামাস ॥৪৯॥

ইতীতি। পরঞ্চ সা কৃষ্ণা, ভীমাদন্যো জনঃ অদ্য মম মনসঃ প্রিয়ং কার্য্যং কর্ত্তা নাস্তি, ইত্যেবং চিন্তয়িত্বা মনসা ভীমম্ অগমৎ অস্মরৎ। কর্ত্তেতি তৃন্প্রত্যয়ান্ততয়া কর্ম্মণি ষষ্ঠীনিষেধঃ ॥৫০॥

তত ইতি। ততঃ সা কৃষ্ণা নাথবতী পতিমতী সত্যপি, নাথং তদানীং রক্ষকম্ ইচ্ছন্তী সতী, রাত্রৌ শয্যাত উত্থায়, স্বকং ভবনং বিহায়, ভীমভবনং প্রাদ্রবৎ ॥৫১॥

পরে তিনি জলদ্বারা সমস্ত অঙ্গ এবং বস্ত্রযুগল প্রক্ষালন করিয়া রোদন করিতে থাকিয়া সেই দুঃখপরিশোধের উপায় চিন্তা করিতে লাগিলেন ॥৪৯॥

তৎপরে 'ভীম ব্যতীত অন্য কোন লোকই আমার মনের প্রিয় কার্য্য করিতে পারিবে না' এইরূপ চিন্তা করিয়া তিনি মনে মনে ভীমকেই স্মরণ করিলেন ॥৫০॥

তাহার পর দ্রৌপদী পতিশালিনী হইয়াও তৎকালীন আশ্রয়লাভের ইচ্ছা করিয়া রাত্রিতে শয্যা হইতে গাত্রোত্থানপূর্ব্বক আপন গৃহ পরিত্যাগ করিয়া (ভীমের উদ্দেশে) প্রস্থান করিলেন ॥৫১॥

(৪৯) শ্লোকাৎ পরম্ 'কিং করোমি ক্ব গচ্ছামি কথং কার্য্যং ভবেন্মম' ইত্যর্দ্ধমধিকম্—প্র বা ব রা ম। (৫০)…নান্যঃ কর্ত্তা ঋতে ভীমাৎ…বা ব রা ম ভা। (৫১)…শয়নং স্বকম্…বা ব রা ম ভা। ইতঃ শ্লোকাৎ পরম্ 'ভবনং ভীমসেনস্য ক্ষিপ্রমায়তলোচনা। দুঃখেন মহতা যুক্তা মানসেন মনস্বিনী॥ দ্রৌপদ্যুবাচ। তস্মিন্ জীবতি পাপিষ্ঠে সেনাবাহে মম দ্বিষি। তৎ কর্ম্ম কৃতবত্যস্য কথং নিদ্রাং নিষেবসে॥ বৈশম্পায়ন উবাচ। এবমুক্ত্বা তু তাং শালাং প্রবিবেশ মনস্বিনী। যস্যাং ভীমস্তদা শেতে মৃগরাজ ইব শ্বসন্॥ তস্যা রূপেণ সা শালা ভীমস্য চ মহাত্মনঃ। সংমূর্চ্ছিতেব কৌরব্য! প্রজজ্বাল চ তেজসা॥' ঈদৃশঃ পাঠঃ—প্র বা ব রা ম। (৫২) শ্লোকস্য পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'সর্ব্বশ্বেতেব মাহেয়ী বনে জাতা ত্রিহায়ণী' ইত্যর্দ্ধমধিকং—প্র বা ব রা ম।…বাসিতেব বরর্ষভম্—বা ব রা ম।

পর্য্যস্বজত পাঞ্চালী সা ভীমং পাণ্ডুনন্দনম্।
সিংহং সুপ্তং বনে দুর্গে মৃগরাজবধূরিব ॥৫৩॥
ভীমসেনং সমাশ্লিষ্য হস্তিনীব মহাগজম্।
অভ্যভাষত পাঞ্চালী ভীমসেনমনিন্দিতা ॥৫৪॥

ভারতকৌমুদী

সেতি। শুচিস্মিতা সা পাঞ্চালী, মহানসে পাকস্থানে, ভীমসেনং প্রাপ্য, বাসিতা স্ত্রীগবী মহাবৃষমিব, তং ভীমসেনম্, উপাতিষ্ঠত উপাগচ্ছৎ ॥৫২॥

পর্য্যস্বজতেতি। সা পাঞ্চালী, দুর্গে দুর্গমে বনে, মৃগরাজবধূঃ সিংহী, সুপ্তং সিংহমিব, সুপ্তং পাণ্ডুনন্দনং ভীমম্, পর্য্যস্বজত আলিঙ্গৎ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

সেনাপতেঃ কীচকস্য ॥৪৭—৫২॥ (পাঠান্তরে) যঃ তৎকর্ম্ম পদাহতিরূপং কৃতবান্ তস্মিন্ জীবতি ॥১—২॥ সংমূর্চ্ছিতেব বৃদ্ধিং শোভারূপাং প্রাপ্তেব, প্রজজ্বাল অশোভত ॥৩—৪॥ সর্ব্বশ্বেতেবেতি। পাঞ্চালী দ্রৌপদী বরর্ষভং বরণীয়ং পতিং শ্রেষ্ঠং ভীমসেনম্ উপলক্ষ্য বাসিতেব পুষ্পিণীত্বেন কামাতুরেব উপাতিষ্ঠত সমীপে স্থিতবতী, বস্তুতো ন কামাতুরা কিন্তু দ্বেষাতুরৈবেতি ভাবঃ। তত্র দৃষ্টান্তদ্বয়ম্,—ইবশব্দঃ কাকাক্ষিবদুভয়ত্র সম্বধ্যতে। সর্বশ্বেতেব মাহেয়ীব চেতি। সর্ব্বশ্বেতা বকী যথা কামাতুরা বরর্ষভং পতিমিতি একঃ। তস্যাঃ কামাতুরত্বে হেতুঃ বনে জাতেতি। জলে জাতা তেন জলসামীপ্যেন লব্ধাহারত্বেন উন্মত্তত্বং সূচ্যতে। তথা মাহেয়ী গৌঃ, সাপি বাসিতা সতী বরর্ষভং সাণ্ডং বলীবর্দ্দম্। তস্যা অপি বাসিতাত্বে বিশেষণং ত্রিহায়ণীতি। ত্রিবর্ষা হি গৌর্যৌবনারূঢ়া কামাতুরা চ ভবতি। অন্যে তু "শ্বেতঃ সিতে রাজহংসে কৈলাসে দ্বীপভূপয়োঃ" ইতি কোশমুদাহৃত্য সর্বশ্বেতা হংসীতি ব্যাচক্ষতে। তত্র সর্ব্বপদং ব্যর্থম্, হংসস্য লোহিতলোচনাস্তচরণত্বাৎ প্রতিকূলঞ্চ। যদ্যপি "ত্রিহায়ণী ত্রিবর্ষা গৌঃ" ইতি চ কোশাৎ ত্রিহায়ণীপদেনৈব গৌর্লভ্যতে তথাপি তৎকামাতুরত্বজ্ঞাপনার্থমুপক্ষীণং সদ্বিশেষ্যসমর্পকং পদান্তরমপেক্ষত এবেতি ন ব্যর্থবিশেষণত্বম্। অন্যে ব্যাখ্যানপ্রকারাঃ সর্ব্বেঽনেনৈব দোষেণ গ্রস্তা ইত্যুপেক্ষিতাঃ ॥৫॥ মধ্যমং পাণ্ডুনন্দনং ভীমসেনম্। যময়োঃ সহজাতত্বেন পৌর্ব্বাপর্য্যাভাবাত্তৌ কনিষ্ঠাবেব,

তদনন্তর নির্ম্মলহাসিনী দ্রৌপদী পাকস্থানে ভীমসেনকে পাইয়া ধেনু যেমন মহাবৃষের নিকট গমন করে, সেইরূপ ভীমসেনের নিকট গমন করিলেন ॥৫২॥

তৎপরে দুর্গম বনে সিংহী যেমন নিদ্রিত সিংহকে আলিঙ্গন করে, সেইরূপ দ্রৌপদী নিদ্রিত পাণ্ডুনন্দন ভীমকে আলিঙ্গন করিলেন ॥৫৩॥

(৫৩) 'বাহুভ্যাং পরিরভ্যৈনং সুপ্তং প্রাবোধয়ৎ পতিম্' ইতি পূর্ব্বার্দ্ধপাঠঃ—প্র বা ব রা ম। (৫৪)···উপাশ্লিষ্য···বীণেব মধুরাপা গান্ধারং সাধুমূর্চ্ছিতা। অভ্যভাষত···প্র বা ব রা ম।

উত্তিষ্ঠোত্তিষ্ঠ কিং শেষে ভীমসেন ! যথা মৃতঃ ।
নামৃতস্য হি পাপীয়ান্ ভার্য্যামালভ্য জীবতি ॥৫৫॥
তস্মিন্ জীবতি পাপিষ্ঠে সেনাবাহে মম দ্বিষি ।
তৎ কর্ম্ম কৃতবত্যদ্য কথং নিদ্রাং নিষেবসে ॥৫৬॥
স সম্প্রহায় শয়নং রাজপুত্র্যা প্রবোধিতঃ ।
উদতিষ্ঠত্তদা তূর্ণং পর্য্যঙ্কে সোপসংগ্রহে ॥৫৭॥

ভারতকৌমুদী

ভীমেতি। অনিন্দিতা পাঞ্চালী, হস্তিনী মহাগজমিব, ভীমসেনং সমাশ্লিষ্য আলিঙ্গ্য, তং ভীমসেনমভ্যভাষত ॥৫৪॥

উত্তিষ্ঠেতি। হে ভীমসেন! উত্তিষ্ঠ উত্তিষ্ঠ, মৃতো যথা, তথা কিং শেষে নিদ্রাসি। মম মৃতেন সহ কথং মাং সদৃশীকরোষীত্যাহ নেতি। হি যস্মাৎ, পাপীয়ান্ জনঃ, অমৃতস্য জীবতো জনস্য ভার্য্যাম্, আলভ্য স্পৃষ্ট্বা ন জীবতি, তেন স্বামিনৈব তদ্বিনাশাদিতি ভাবঃ ॥৫৫॥

তস্মিন্নিতি। অদ্যৈব তৎ কর্ম্ম ময়ি পাদপ্রহাররূপং কার্য্যং কৃতবতি, অতএব মম দ্বিষি শত্রৌ পাপিষ্ঠে চ, তস্মিন্ সেনাবাহে সেনাপতৌ কীচকে, জীবতি সতি, কথং নিদ্রাং নিষেবসে, দারুণাক্রোশরূপবিঘ্নসত্ত্বাদিত্যাশয়ঃ ॥৫৬॥

স ইতি। স ভীমসেনঃ, রাজপুত্র্যা দ্রৌপদ্যা, প্রবোধিতো জাগরিতঃ সন্, শয়নং নিদ্রাম্, সম্প্রহায় ত্যক্ত্বা, তদৈব, উপসংগ্রহৈঃ শয্যোপযোগিদ্রব্যৈঃ সহেতি তস্মিন্ পর্য্যঙ্কে, তূর্ণম্ উদতিষ্ঠৎ উত্থায়াবসৎ। "উপগ্রহো বন্দ্যামুপযোগেঽনুকূলনে" ইতি বিশ্বঃ ॥৫৭॥

ভারতভাবদীপঃ

যুধিষ্ঠিরো জ্যেষ্ঠ এব, মধ্যমত্বং ভীমার্জ্জুনয়োরেব বিশ্রান্তং তত্রাপি অত্র প্রকরণাৎ অর্জ্জুনস্য সম্প্রতি পুংস্ত্বাভাবাচ্চ মধ্যমত্বং ভীমসেনে এব মুখ্যমিত্যাশয়েনৈবৈতদুক্তম্। পরিষ্বজত পর্য্যষ্বজত আলিঙ্গিতবতী ॥৫৩॥ গান্ধারং স্বরবিশেষম্, মূর্চ্ছতী মূর্চ্ছয়ন্তী ॥৫৪—৫৬॥

পরে হস্তিনী যেমন মহাহস্তীকে আলিঙ্গন করে, সেইরূপ অনিন্দিতা দ্রৌপদী ভীমসেনকে আলিঙ্গন করিয়া তাঁহাকে বলিতে লাগিলেন—॥৫৪॥

'মধ্যমপাণ্ডব! উঠুন উঠুন; মৃতব্যক্তির ন্যায় কেন শয়ন করিয়া রহিয়াছেন। কারণ, পাপিষ্ঠ লোক অ-মৃত (জীবিত) ব্যক্তির ভার্য্যাকে স্পর্শ করিয়া কখনও জীবিত থাকে না ॥৫৫॥

আমার শত্রু সেই পাপিষ্ঠ সেনাপতি কীচক অদ্যই আমার উপরে সেই পাদ প্রহার করিয়া এখনও জীবিত রহিয়াছে; এ অবস্থায় আপনি কি করিয়া নিদ্রা যাইতেছেন?' ॥৫৬॥

(৫৬) অয়ং শ্লোকঃ পূর্ব্বং পঠিতঃ—প্র বা ব রা ম। (৫৭) উপাতিষ্ঠন্মহাবাহুঃ···প্র, উপাতিষ্ঠত মেঘাভঃ···বা ব রা ম।

অথাব্রবীদ্রাজপুত্রীং কৌরব্যো মহিষীং প্রিয়াম্।
কেনাস্যর্থেন সংপ্রাপ্তা ত্বরিতেব মমান্তিকম্ ॥৫৮॥
ন তে প্রকৃতিমান্ বর্ণঃ কৃশা পাণ্ডুশ্চ লক্ষ্যসে।
আচক্ষ্বাপরিশেষেণ সর্ব্বং বিদ্যামহং যথা ॥৫৯॥
সুখং বা যদিবা দুঃখং দ্বেষ্যং বা যদিবা প্রিয়ম্।
যথাবৎ সর্ব্বমাচক্ষ্ব শ্রুত্বা ধ্যাস্যামি যৎ ক্ষমম্ ॥৬০॥
অহমেব হি তে কৃষ্ণে! বিশ্বাস্যঃ সর্ব্বকর্ম্মসু।
অহমাপৎসু চাপি ত্বাং মোক্ষয়ামি পুনঃ পুনঃ ॥৬১॥

ভারতকৌমুদী

অথেতি। অথ কৌরব্যো ভীমঃ, প্রিয়াং মহিষীং রাজপুত্রীং দ্রৌপদীমব্রবীৎ। ত্বং কেন অর্থেন প্রয়োজনেন, ত্বরিতা ব্যস্তচিত্তেব, মমান্তিকং সম্প্রাপ্তা আগতা ॥৫৮॥

নেতি। তে তব বর্ণঃ, ন প্রকৃতিমান্ ন স্বাভাবিকঃ, কিঞ্চ ত্বং কৃশা পাণ্ডুশ্চ লক্ষ্যসে। অতএব ত্বং সর্বম্ অপরিশেষেণ আচক্ষ্ব, যথা অহং বিদ্যাং তজ্জানীয়াম্ ॥৫৯॥

সুখমিতি। সুখং বা যদিবা দুঃখম্, দ্বেষ্যম্ অপ্রিয়ং বা যদিবা প্রিয়ম্, তৎ সর্ব্বং যথাবদাচক্ষ্ব। অহন্তু তচ্ছ্রুত্বা যৎ ক্ষমমুচিতং তৎ ধ্যাস্যামি করণায় চিন্তয়িষ্যামি ॥৬০॥

অহমিতি। হে কৃষ্ণে! সর্ব্বকর্ম্মসু অহমেব হি তে বিশ্বাস্যঃ। অহমাপৎসু চাপি ত্বাং পুনঃ পুনর্মোক্ষয়ামি। ভবিষ্যৎসামীপ্যে বর্ত্তমানেয়ম্ ॥৬১॥

দ্রৌপদী এইভাবে জাগাইয়া তুলিলে, ভীমসেন নিদ্রা ত্যাগ করিয়া তখনই সজ্জিত খাটের উপরে উঠিয়া বসিলেন ॥৫৭॥

তাহার পর ভীমসেন প্রিয়তমা মহিষী দ্রৌপদীকে বলিলেন—'তুমি কি প্রয়োজনে ব্যস্তচিত্তের ন্যায় আমার নিকট আসিয়াছ? ॥৫৮॥

তোমার শরীরের বর্ণ স্বাভাবিক নহে এবং তোমাকে কৃশা ও পাণ্ডুবর্ণা দেখা যাইতেছে। অতএব তুমি নিঃশেষে সমস্ত ঘটনা বল, যাহাতে আমি জানিতে পারি ॥৫৯॥

সুখ, দুঃখ, প্রিয় বা অপ্রিয়, যাহাই কেন হউক না; তুমি সে সমস্ত বিষয় যথাযথভাবে বল; আমি শুনিয়া—যাহা উচিত, তাহা করিবার জন্য চিন্তা করিব ॥৬০॥

কৃষ্ণে! তুমি সকল কার্য্যে আমাকেই বিশ্বাস করিও; আমি তোমাকে বিপদেও বার বার মুক্ত করিব ॥৬১॥

(৫৯)…আচক্ষ পরিশেষেণ…প্র বা ব রা ম,…বিদ্যামহে যথা—ভা। (৬০)…শুভং বা যদিবাশুভম্…শ্রুত্বা জ্ঞাস্যাম্যহং পরম্—ভা,…শ্রুত্বা জ্ঞাস্যামি যৎ ক্ষমম্—বা ব রা ম। (৬১) …বিশ্বাস্যঃ সর্ব্ববস্তুষু…মোক্ষয়িষ্যাম্যসংশয়ম্—ভা,…মোচয়ামি পুনঃ পুনঃ—বা।

শীঘ্রমুক্ত্বা যথাকামং যত্তে কার্য্যং বিবক্ষিতম্ ।
গচ্ছ বৈ শয়নায়ৈব যথা নান্যো বিবুধ্যতে ॥৬২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্বণি
কীচকবধে ভীমপ্রবোধো নাম পঞ্চদশোঽধ্যায়ঃ ॥০॥ *

ষোড়শোঽধ্যায়ঃ ।

দ্রৌপদ্যুবাচ ।
অশোচ্যত্বং কুতস্তস্যা যস্যা ভর্ত্তা যুধিষ্ঠিরঃ ।
জানন্ সর্বাণি দুঃখানি কিং মাং ত্বং পরিপৃচ্ছসি ॥১॥

ভারতকৌমুদী

শীঘ্রমিতি। তে তব যৎ কার্য্যং বিবক্ষিতং বক্তুমিষ্টমস্তি, তৎ যথাকামমুক্ত্বা শীঘ্রং শয়নায়ৈব গচ্ছ ; যথা অন্যো জনো ন বিবুধ্যতে অত্রাগতাসীতি ন জানাতি ॥৬২॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বিরাটপর্ব্বণি কীচকবধে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥০॥

পূর্ব্বাধ্যায়ে "ন তে প্রকৃতিমান্ বর্ণঃ" ইত্যাদিনা ভীমেনাত্মনঃ শোককারণমেব জিজ্ঞাসিতমিতি সম্ভাব্যাহ অশোচ্যত্বমিতি। যস্যা ভর্ত্তা যুধিষ্ঠিরঃ, তস্যা নার্য্যা অশোচ্যত্বং শোকাবিষয়ত্বং কুতঃ। পরন্তু ত্বং সর্বাণি মম দুঃখানি জানন্নপি কিং মাং পরিপৃচ্ছসি ॥১॥

ভারতভাবদীপঃ

সোপসংগ্রহে সতুলিকে ॥৫৭—৫৮॥ বিদ্যাং জানীয়াম্ ॥৫৯॥ জ্ঞাস্যামি উপায়ং চিন্তয়িষ্যামি, ক্ষমং যোগ্যম্ ॥৬০—৬২॥

ইতি বিরাটপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চদশোঽধ্যায়ঃ ॥১৫॥

তোমার যে বিষয় বলিবার ইচ্ছা হইয়াছে, তাহা ইচ্ছানুসারে বলিয়া সত্বর শয়ন করিবার জন্যই চলিয়া যাও ; যাহাতে অন্যে জানিতে না পারে' ॥৬২॥

(৬২)···কশ্চিদ্যাবন্ন বুধ্যতে—বা ব,···পুরা নান্যেন বুধ্যতে—রা ম,···গচ্ছস্ব শয়নায়ৈব পুরা ত্বন্যোঽববুধ্যতে—ভা। * '···ষোড়শোঽধ্যায়ঃ'—ভা, '···সপ্তদশোঽধ্যায়ঃ' প্র বা ব রা ম।

যন্মাং দাসীপ্রবাদেন প্রাতিকামী তদানয়ৎ।
সভাং পরিষদো মধ্যে তন্মাং দহতি ভারত! ॥২॥
পার্থিবস্য সুতা নাম কা নু জীবেত মাদৃশী।
অনুভূয়েদৃশং দুঃখমত্যন্তং দ্রৌপদীমৃতে ॥৩॥
বনবাসগতায়াশ্চ সৈন্ধবেন দুরাত্মনা।
পরামর্শো দ্বিতীয়ো বৈ সোঢ়ুমুৎসহতে তু কা ॥৪॥

ভারতকৌমুদী

তথাপি তানি দুঃখানি স্মরয়িতুমাহ যদিতি। হে ভারত! তদা দ্যূতক্রীড়াকালে, প্রাতিকামী তন্নিবৃত্তৌ দুঃশাসন ইত্যর্থঃ, দাসীপ্রবাদেন ত্বং দুর্য্যোধনস্য দাসী জাতাসি ইত্যুক্ত্যা, মাম্, পরিষদঃ "ত্রৈবিদ্যো হৈতুকস্তর্কী নৈরুক্তো ধর্ম্মপাঠকঃ। ত্রয়শ্চাশ্রমিণঃ পূর্ব্বে পরিষৎ স্যাদ্দশাবরা॥" ইতি মনূক্তস্য বিদ্বন্মণ্ডলস্য মধ্যে, যৎ সভাং সভাগৃহম্ অনয়ৎ, তন্মাং দহতি, ইদানীমপি তৎপ্রতিশোধাভাবাদিতি ভাবঃ ॥২॥

পার্থিবস্যেতি। দ্রৌপদীম্ ঋতে বিনা, কা নাম মাদৃশী পার্থিবস্য রাজ্ঞঃ সুতা, ঈদৃশমত্যন্তং দুঃখমনুভূয় জীবেত নু, অপি তু কাপি নেত্যর্থঃ ॥৩॥

বনেতি। কিঞ্চেতি চার্থঃ। দুরাত্মনা সৈন্ধবেন সিন্ধুরাজেন জয়দ্রথেন, বনবাসগতায়া মম, দ্বিতীয়ঃ পরামর্শঃ কেশাকর্ষণং কৃত ইতি শেষঃ। তঞ্চ সোঢ়ুং কা নাম নারী উৎসহতে শক্নোতি, অপি তু কাপি নেত্যর্থঃ ॥৪॥

দ্রৌপদী বলিলেন—'যাহার স্বামী যুধিষ্ঠির, সে নারী শোচনীয়া হইবে না কেন? পরন্তু আপনি আমার সমস্ত দুঃখ জানিয়াও আবার আমাকে জিজ্ঞাসা করিতেছেন কেন? ॥১॥

ভরতনন্দন! সেই দ্যূতক্রীড়ার সময়ে দুঃশাসন আমাকে 'দাসী দাসী' বলিয়া বিদ্বন্মণ্ডলীর মধ্যে সভায় যে নিয়া গিয়াছিল, তাহা স্মরণ করিলে আমি দগ্ধ হইতে থাকি ॥২॥

আমি ভিন্ন আমার মত অন্য কোন্ রাজতনয়া এইরূপ গুরুতর দুঃখ অনুভব করিয়া জীবন ধারণ করিতে পারে? ॥৩॥

তা'র পর আমি যখন দ্বৈতবনে গিয়াছিলাম, তখন দুরাত্মা জয়দ্রথ দ্বিতীয়বার আমার কেশাকর্ষণ করিয়াছিল, তাহাই বা অন্য কোন্ নারী সহ্য করিতে পারে? ॥৪॥

(১) অশোচ্যং তু···ভা,···জানন্ সর্ব্বাত্মনা দুঃখম্···প্র। (২)···সভাপরিষদো মধ্যে ···বা ব রা ম,···সভায়াং পার্ষদো মধ্যে···ভা। (৩)···জীবতি মাদৃশী···বা ব রা ম,··· দ্রৌপদীং প্রভো!—বা ব রা ম ভা। (৪)···পরামর্শং দ্বিতীয়ঞ্চ কিং ফলং জীবিতেন মে—প্র,···পরামর্শং দ্বিতীয়ং তৎ···ভা।

মৎস্যরাজ্ঞঃ সমক্ষঞ্চ তস্য ধূর্ত্তস্য পশ্যতঃ।
কীচকেন পদা স্পৃষ্টা কা নু জীবেত মাদৃশী ॥৫॥
এবং বহুবিধৈঃ ক্লেশৈঃ ক্লিশ্যমানাঞ্চ ভারত ! ।
ন মাং জানাসি কৌন্তেয় ! কিং ফলং জীবিতেন মে ॥৬॥
যোঽয়ং রাজ্ঞো বিরাটস্য কীচকো নাম ভারত ! ।
সেনানীঃ পুরুষব্যাঘ্র ! শ্যালঃ পরমদুর্ম্মতিঃ ॥৭॥
স মাং সৈরিন্ধ্রীবেশেন চরন্তীং রাজবেশ্মনি।
নিত্যমেবাহ দুষ্টাত্মা ভার্য্যা ভব মমেতি বৈ ॥৮॥ (যুগ্মকম্)
তেনোপমন্ত্র্যমাণায়া বধার্হেণ সপত্নজিৎ ! ।
কালেনেব ফলং পক্বং হৃদয়ং মে বিদীর্য্যতে ॥৯॥

ভারতকৌমুদী

তৃতীয়মাহ মৎস্যেতি। ধূর্ত্তস্য দ্যূতক্রীড়াং কুর্বতঃ পশ্যতস্তস্য মৎস্যরাজ্ঞঃ সমক্ষঞ্চ, কীচকেনাহং পদা স্পৃষ্টা। অতস্তেনাপি মাদৃশী কা নাম নারী জীবেত নু ॥৫॥

এবমিতি। হে ভারত! কৌন্তেয়! এবং বহুবিধৈঃ ক্লেশৈঃ ক্লিশ্যমানাং মাঞ্চ ত্বং জানাসীতি কাকুঃ। অতএব মে জীবিতেন কিং ফলমস্তি ॥৬॥

য ইতি। হে ভারত! পুরুষব্যাঘ্র! কীচকো নাম পরমদুর্ম্মতিঃ যোঽয়ং বিরাটস্য রাজ্ঞঃ, সেনানীঃ সেনাপতিঃ শ্যালশ্চ, স দুষ্টাত্মা, সৈরিন্ধ্রীবেশেন রাজবেশ্মনি চরন্তীং মাম্, 'মম ভার্য্যা ভব' ইতি নিত্যমেব আহ ব্রবীতি ॥৭—৮॥

আবার আজ দ্যূতক্রীড়াপ্রবৃত্ত সেই মৎস্যরাজের সমক্ষেই কীচক আমাকে পদাঘাত করিয়াছে; ইহাতেই বা আমার মত কোন্ নারী জীবন ধারণ করিতে পারে? ॥৫॥

ভরতনন্দন! মধ্যমপাণ্ডব! আমি যে এইরূপ নানাবিধ দুঃখে দুঃখিত হইয়া সময় অতিবাহিত করিতেছি, তাহা কি আপনি জানেন না? অতএব আমার বাঁচিয়া থাকায় ফল কি? ॥৬॥

হে ভরতনন্দন পুরুষশ্রেষ্ঠ! 'কীচক—' নামে এই যে বিরাটরাজার পরম-দুর্ম্মতি সেনাপতি ও শ্যালক রহিয়াছে, সেই দুরাত্মা—সৈরিন্ধ্রীবেশে রাজভবনে বিচরণ করিবার সময়ে সর্ব্বদাই আমাকে বলে যে, 'তুমি আমার ভার্য্যা হও' ॥৭—৮॥

(৬) এবং স্ববহুভিঃ ক্লিষ্টাং ক্লিশ্যমানাঞ্চ ভারত!...ভা। (৭)...নাম নামতঃ...পুরুষ-ব্যাঘ্রঃ...ভা। (৮)...সৈরিন্ধ্রিবেষেণ...বা ব রা ম ভা। (৯)...বধার্হেণ সপত্নহন্! বা ব রা ম ভা।

ভ্রাতরঞ্চ বিগর্হস্ব জ্যেষ্ঠং দুর্দ্যূতদেবিনম্।
যস্যাস্মি কর্ম্মণা প্রাপ্তা দুঃখমেতদনন্তকম্ ॥১০॥
কো হি রাজ্যং পরিত্যজ্য সর্ব্বস্বঞ্চাত্মনা সহ।
প্রব্রজ্যায়ৈব দীব্যেত বিনা দুর্দ্যূতদেবিনম্ ॥১১॥
যদি নিষ্কসহস্রাণি যচ্চান্যৎ সারবদ্ধনম্।
সায়ং প্রাতরদেবিষ্যদপি সংবৎসরান্ বহূন্ ॥১২॥
রূপ্যং হিরণ্যং বাসাংসি যানং যুগ্যমজাবিকম্।
অশ্বাশ্বতরসংঘাংশ্চ ন জাতু ক্ষয়মাবহেৎ ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তেনেতি। হে সপত্নজিৎ! শত্রুবিজয়িন্! বধার্হেণ তেন কীচকেন উপমন্ত্র্যমাণায়া ইত্থং গুপ্তমুচ্যমানায়া মে হৃদয়ম্, কালেন পক্কং ফলমিব বিদীর্য্যত ইব ॥৯॥

ভ্রাতরমিতি। দুর্দ্যূতদেবিনং দুষ্টদ্যূতক্রীড়াকারিণং জ্যেষ্ঠং ভ্রাতরং যুধিষ্ঠিরঞ্চ, বিগর্হস্ব বিশেষেণ নিন্দ। যস্য কর্ম্মণাহম্ এতদেতাদৃশমনন্তকং দুঃখং প্রাপ্তাস্মি ॥১০॥

ক ইতি। দুর্দ্যূতদেবিনং যুধিষ্ঠিরং বিনা কো হি জনঃ, আত্মনা স্বদেহেন সহ রাজ্যং সর্ব্বস্বঞ্চ পরিত্যজ্য, প্রব্রজ্যায়ৈব বনবাসায়ৈব, পুংস্ত্বমার্ষম্, দীব্যেত ক্রীড়েৎ ॥১১॥

যদীতি। নিষ্কা দীনারাত্মকস্বর্ণমুদ্রাঃ "দীনারেঽপি চ নিষ্কোঽস্ত্রী" ইত্যমরঃ, তেষাং সহস্রাণি, অন্যৎ যচ্চ সারবৎ মূল্যবৎ ধনং হীরকাদিকম্, রূপ্যং রজতম্, হিরণ্যং স্বর্ণম্, বাসাংসি বস্ত্রাণি, যানং রথাদিকম্, যুগ্যং হস্ত্যাদিবাহনম্, অজাশ্ছাগাশ্চ অবয়ো মেষাশ্চ তদজাবিকম্, অশ্বাশ্চ অশ্বতরা গর্দ্দভীষু অশ্বেভ্যো জাতাঃ পশবশ্চ তেষাং সংঘাংশ্চ, এষামেকৈকং

ভারতভাবদীপঃ

অশোচ্যত্বমিতি ॥১॥ সভা শালা তস্যাং পরিষৎ জনসমাজস্তস্য মধ্যে তদা দ্যূতকালে ॥২—৩॥ সৈন্ধবেন জয়দ্রথেন ॥৪—১০॥ প্রব্রজ্যাং প্রব্রজনম্। ব্রজযজোর্ভাবে ক্যপ্।

শত্রুবিজয়ী! বধযোগ্য সেই কীচক যখন ঐরূপ আমাকে বলে, তখন পক্কফলের ন্যায় আমার হৃদয় যেন বিদীর্ণ হইয়া যায় ॥৯॥

মধ্যমপাণ্ডব! আপনি আপনার দুষ্টদ্যূতক্রীড়াকারী জ্যেষ্ঠভ্রাতার নিন্দা করুন, যাঁহার ব্যবহারে আমি এইরূপ অনন্ত দুঃখ ভোগ করিতেছি ॥১০॥

দুষ্টদ্যূতক্রীড়াকারী যুধিষ্ঠির ব্যতীত অন্য কোন্ লোক নিজশরীরের সহিত রাজ্য ও সর্ব্বস্ব ত্যাগ করিয়া কেবল বনবাসের জন্যই দ্যূত ক্রীড়া করে? ॥১১॥

দশ হাজার মোহর, অন্য যে সকল মূল্যবান্ ধন, রূপা সোণা, কাপড়, যান,

(১০) ভ্রাতরঞ্চ বিগর্হ স্বম্…ভা। (১২) যদি নিষ্কসহস্রেণ…বা ব রা ম, যদি নিষ্কসহস্রস্য…ভা,…যদি সংবৎসরান্…প্র। (১৩) রূপ্যম্…বা ব রা ম ভা,…দাসীদাসমজাবিকম্…সংঘাতং…ক্ষয়মানয়েৎ—ভা।

সোঽয়ং দ্যূতপ্রমাদেন ঐশ্বর্য্যাদবরোপিতঃ।
তূষ্ণীমাস্তে যথা মূঢ়ঃ স্বানি কর্ম্মাণি চিন্তয়ন্ ॥১৪॥
দশ নাগসহস্রাণি পদ্মিনাং হেমমালিনাম্।
যং যান্তমনুযান্তীহ সোঽয়ং দ্যূতেন জীবতি ॥১৫॥
তথা শতসহস্রাণি রাজ্ঞামমিততেজসাম্।
উপাসত মহারাজমিন্দ্রপ্রস্থে যুধিষ্ঠিরম্ ॥১৬॥

ভারতকৌমুদী

পণীকৃত্যেতি শেষঃ, যদি বহূন্ সংবৎসরান্ ব্যাপ্যাপি, সায়ং রাত্রৌ, প্রাতর্দিবা রাত্রিন্দিনমপীত্যর্থঃ, অদেবিষ্যৎ, যুধিষ্ঠিরঃ অক্রীড়িষ্যৎ, তদাপি জাতু কদাচিদপি, তস্য কোষঃ ক্ষয়ং ন আবহেৎ ন প্রাপ্নুয়াৎ অগণ্যধনপূর্ণত্বাদিতিভাবঃ ॥১২—১৩॥

স ইতি। সোঽয়ং যুধিষ্ঠিরঃ, দ্যূতে প্রমাদেন অনবধানতয়া যুগপদেকৈকধনশ্রেণীপণনেনৈবেত্যর্থঃ, ঐশ্বর্য্যাৎ ধনসম্পদঃ, অবরোপিতঃ প্রচ্যাবিতঃ সন্, যথা মূঢ়ো বিকৃতচিত্তো জনঃ, তথৈব স্বানি কর্ম্মাণি চিন্তয়ন্, তূষ্ণীং নীরবমাস্তে ॥১৪॥

দশেতি। দশ, নাগানাং সাধারণহস্তিনাং সহস্রাণি, তথা হেমমালিনাং স্বর্ণমালালঙ্কৃতানাম্, পদ্মিনাং মহাহস্তিনাং সহস্রাণি চেত্যনুষঙ্গঃ, যান্তং কুত্রাপি গচ্ছন্তং যম্, অনুযান্তি স্ম, ইহ ইদানীম্, সোঽয়ং যুধিষ্ঠিরঃ, দ্যূতেন জীবতি ॥১৫॥

তথেতি। তথা অমিততেজসাং রাজ্ঞাং শতসহস্রাণি বহূনি লক্ষাণি, ইন্দ্রপ্রস্থে মহারাজং যুধিষ্ঠিরম্ উপাসত অসেবন্ত ॥১৬॥

বাহন, ছাগল, মেষ, অশ্ব ও অশ্বতর—ইহার এক একটা পণ ধরিয়া তিনি যদি বহুবৎসরপর্য্যন্ত দিবা-রাত্রিও খেলা করিতেন, তাহা হইলেও তাঁহার কোষ কখনও ক্ষয় পাইত না ॥১২—১৩॥

সেই যুধিষ্ঠির দ্যূতক্রীড়ায় পণ ধরার অনবধানতাবশতঃ ঐশ্বর্য্যভ্রষ্ট হইয়া; আপন কার্য্যের চিন্তা করিতে থাকিয়া বিকলচিত্ত লোকের ন্যায় নীরব হইয়া বসিয়া থাকেন ॥১৪॥

যিনি কোথাও যাইতে লাগিলে, দশ সহস্র সাধারণ হস্তী এবং বহুসহস্র স্বর্ণমালাধারী মহাহস্তী তাঁহার অনুগমন করিত, সেই যুধিষ্ঠির এখন দ্যূতলব্ধ ধনদ্বারা জীবিকানির্ব্বাহ করেন ॥১৫॥

অমিততেজা শত-সহস্র রাজা আসিয়া ইন্দ্রপ্রস্থে মহারাজ যুধিষ্ঠিরের উপাসনা করিতেন ॥১৬॥

(১৪) সোঽয়ং দ্যূতপ্রবাদেন…প্র বা ব রা ম। (১৬) রথাঃ শতসহস্রাণি নৃপাণামমিতৌজসাম্। উপাসন্ত…বা ব রা ম,…নৃণাম্…উপাসন্তে…ভা।

শতং দাসীসহস্রাণাং যস্য নিত্যং মহানসে।
পাত্রীহস্তং দিবারাত্রমতিথীন্ ভোজয়ত্যুত ॥১৭॥
এষ নিষ্কসহস্রাণাং প্রদাতা দদতাং বরঃ।
দ্যূতজেন হ্যনর্থেন মহতা সমুপাবৃতঃ ॥১৮॥ (যুগ্মকম্)
এনং হি স্বরসম্পন্না বহবঃ সূতমাগধাঃ।
সায়ং প্রাতরুপাতিষ্ঠন্ সুমৃষ্টমণিকুণ্ডলাঃ ॥১৯॥
সহস্রমৃষয়ো যস্য নিত্যমাসন্ সভাসদঃ।
তপঃশ্রুতোপসম্পন্নাঃ সর্ব্বকামৈস্তু পূজিতাঃ ॥২০॥

ভারতকৌমুদী

শতমিতি। পাত্র্যস্তাম্বূলাদিপাত্রাণি হস্তেষু যস্য তত্তাদৃশম্, দাসীসহস্রাণাং শতং দাসীনাং লক্ষম্, নিত্যং প্রত্যহম্, দিবারাত্রম্, যস্য মহানসে পাকস্থানে, অতিথীন্ ভোজয়তি স্ম। উতশব্দঃ পাদপূরণে। স এষঃ, নিষ্কসহস্রাণাং সহস্রস্বর্ণমুদ্রাণাং প্রত্যহং প্রদাতা, অতএব দদতাং বরঃ যুধিষ্ঠিরঃ, অধুনা দ্যূতজেন মহতা অনর্থেন বিপদা, সমুপাবৃতো ব্যাপ্তঃ ॥১৭—১৮॥

এনমিতি। স্বরসম্পন্নাঃ সুকণ্ঠাঃ, সুমৃষ্টমণিকুণ্ডলাঃ পরিষ্কৃতমণিকুণ্ডলধারিণঃ, বহব এব সূতমাগধা বন্দিচারণাঃ, সায়ং প্রাতশ্চ, এনম্, উপাতিষ্ঠন্ অস্তুবন্ ॥১৯॥

সহস্রমিতি। তপোভির্ব্রতাদিভিঃ শ্রুতৈঃ শাস্ত্রজ্ঞানৈশ্চ উপসম্পন্না যুক্তাঃ, অতএব সর্ব্বকামৈঃ সর্বপ্রকারকামনাপূরণৈঃ যুধিষ্ঠিরেণৈব পূজিতাঃ, সহস্রম্ ঋষয়ঃ, নিত্যং প্রত্যহম্, যস্য যুধিষ্ঠিরস্য সভাসদ আসন্ ॥২০॥

এবং শত-সহস্র দাসী পাত্র হস্তে করিয়া প্রত্যহ দিবারাত্র যে যুধিষ্ঠিরের পাকশালায় অতিথিদিগকে ভোজন করাইত, প্রত্যহ সহস্র সহস্র স্বর্ণমুদ্রাদাতা দাতৃশ্রেষ্ঠ সেই যুধিষ্ঠির এখন দ্যূতজাত গুরুতর বিপদে ব্যাপ্ত হইয়াছেন ॥১৭—১৮॥

মধুরস্বরসম্পন্ন এবং সুপরিষ্কৃতমণিকুণ্ডলধারী বহুতর বন্দী ও চারণ (স্তুতিপাঠক) সন্ধ্যাকালে ও প্রাতঃকালে এই যুধিষ্ঠিরের উপাসনা করিত ॥১৯॥

(১৭)…ভোজয়ন্ত্যুত—বা ম, শতং দাসীসহস্রাণি যস্য বিপ্রানুপাসতে। পাত্রীহস্তা দিবারাত্রৌ অতিথীন্ ভোজয়ন্ত্যুত—ভা। (১৮) এষ নিষ্কসহস্রাণি প্রদায়…মহতা সমুপাশ্রিতঃ—বা ব রা ম, এষ নিষ্কসহস্রাণি প্রদাতা—ভা। (২০)…সম্পন্না বিদ্যাবন্তো জিতেন্দ্রিয়াঃ—বা, …সর্বকামৈরুপস্থিতাঃ—প্র রা ম। ইতঃ পরম্ 'অষ্টাশীতিসহস্রাণি স্নাতকা গৃহমেধিনঃ। ত্রিংশদ্দাসীকমেকৈকং যান্ বিভর্ত্তি যুধিষ্ঠিরঃ॥ অপ্রতিগ্রাহিণাঞ্চৈব যতীনামূর্দ্ধরেতসাম্। দশ চাপি সহস্রাণি সোঽয়মাস্তে নরেশ্বরঃ॥ আনৃশংস্যমনুক্রোশঃ সংবিভাগস্তথৈব চ। যস্মিন্নেতানি সর্বাণি সোঽয়মাস্তে নরেশ্বরঃ। বিভর্ত্তি বিবিধান্ বিপ্রান্ অতিথীন্ সত্যবিক্রমঃ॥' —ইতি প্রায়েণ বনপর্বোক্তং সার্দ্ধশ্লোকত্রয়মধিকং—প্র বা ব রা ম।

অন্ধান্ বৃদ্ধাংস্তথা বালান্ সর্ব্বরাষ্ট্রেষু দুঃখিতান্ ।
বিভর্ত্ত্যবিমনা নিত্যমানৃশংস্যাদ্যুধিষ্ঠিরঃ ॥২১॥
স এষ নিরয়ং প্রাপ্তো মৎস্যস্য পরিচারকঃ ।
সভায়াং দেবিতা রাজা কঙ্কং ব্রূতে যুধিষ্ঠিরম্ ॥২২॥
ইন্দ্রপ্রস্থে নিবসতঃ সময়ে যস্য পার্থিবাঃ ।
আসন্ বলিভৃতঃ সর্ব্বে সোঽদ্যান্যৈর্ভূতিমিচ্ছতি ॥২৩॥

ভারতকৌমুদী

অন্ধানিতি। যুধিষ্ঠিরঃ, অবিমনা অবিষণ্ণচিত্তঃ সন্নেব, আনৃশংস্যাৎ দয়াত এব, সর্বরাষ্ট্রেষু, দুঃখিতান্ অন্ধান্ বৃদ্ধান্ তথা বালান্, নিত্যং প্রত্যহং বিভর্তি স্ম ॥২১॥

স ইতি। স এষ যুধিষ্ঠিরঃ, মৎস্যস্য বিরাটস্য পরিচারকঃ সন্, নিরয়ং নরকং প্রাপ্ত ইব। যেন হি দেবিতা দ্যূতক্রীড়াপ্রবৃত্তঃ, রাজা বিরাটঃ, সভায়াম্, যুধিষ্ঠিরং কঙ্কং ব্রূতে কঙ্কনাম্না আলপতি, ভৃত্যবদিতি ভাবঃ ॥২২॥

ইন্দ্রেতি। সর্বে পার্থিবা রাজানঃ, সময়ে অবসরে, ইন্দ্রপ্রস্থে নিবসতো যস্য যুধিষ্ঠিরস্য, বলিভৃতঃ দেয়োপহারধারিণ আসন্, অদ্য সঃ, অন্যৈর্জনৈঃ, ভূতিং সম্পদমিচ্ছতি ॥২৩॥

ভারতভাবদীপঃ

তস্মৈ প্রব্রজ্যায় ॥১১॥ নিষ্কঃ সুবর্ণপলং তেষাং সহস্রেণ ॥১২॥ রুক্মং স্বর্ণরূপং হিরণ্যম্। "তস্মাদ্রজতং হিরণ্যমশ্নুজম্" ইতি শ্রুতৌ হিরণ্যশব্দস্য রজতেঽপি দর্শনাৎ। যানং গজাদি। যুগ্যং যুগোপেতং রথশকটাদি। অশ্বা বড়বা ॥১৩—২১॥ (পাঠান্তরে) যতীনাং দশসহস্রাণি

তপস্বী ও শাস্ত্রজ্ঞ সহস্র ঋষি সর্বপ্রকার অভীষ্টলাভে সন্তুষ্ট হইয়া প্রত্যহই যাঁহার সভায় অবস্থান করিতেন ॥২০॥

যুধিষ্ঠির দয়া করিয়া প্রত্যহই প্রফুল্লচিত্তে সমস্তরাজ্যমধ্যে দুঃখিত অন্ধ, বৃদ্ধ ও বালকগণের ভরণ-পোষণ করিতেন ॥২১॥

সেই যুধিষ্ঠিরই এই বিরাটরাজার পরিচারক হইয়া এখন যেন নরক ভোগ করিতেছেন। কারণ, বিরাটরাজা দ্যূতক্রীড়ায় প্রবৃত্ত হইয়া সভার মধ্যেই 'কঙ্ক'—নাম ধরিয়া যুধিষ্ঠিরের সঙ্গে আলাপ করেন ॥২২॥

ইন্দ্রপ্রস্থে বাস করিবার সময়ে সমস্ত রাজা অবসর বুঝিয়া যাঁহার উপহার লইয়া দাঁড়াইয়া থাকিতেন, সেই যুধিষ্ঠির আজ অন্যলোকদ্বারা সম্পদ্ লাভ করিবার ইচ্ছা করিতেছেন ॥২৩॥

(২১) অন্ধান্ বৃদ্ধাংস্তথাঽনাথান্ স্বরাষ্ট্রে সর্বদুর্গতান্। যঃ সংবিভজ্য বিনয়াদানৃশংস্যাদ্-যুধিষ্ঠিরঃ ॥—প্র। (২২) স এব···প্র। (২৩)···বৃত্ত্যর্থং যস্য পার্থিবাঃ···সোঽদ্যস্মাদ্ভূতিম্···প্র।

পার্থিবাঃ পৃথিবীপালা যস্যাসন্ বশবর্ত্তিনঃ।
স বশে বিবশো রাজা পরেষামদ্য বর্ত্ততে ॥২৪॥
প্রতাপ্য পৃথিবীং সর্ব্বাং রশ্মিবানিব তেজসা।
ক্রমে অতিক্রুদ্ধ, নিকটবর্ত্তী, মহারথ ও অপরাজিত সেই বীরেরা দুই জনই শরসমূহদ্বারা পরস্পরকে আবৃত করিলেন ॥২৮॥

তৎপরে অতিক্রুদ্ধ দ্রোণ স্বর্ণখচিত, দুর্দ্ধর্ষ ও অতিবিশাল ধনু বিস্তৃত করিয়া অর্জুনকে বিদ্ধ করিলেন ॥২৯॥

(২৭)···গুরুণা যদযুধ্যত···প্র বা ব রা ম। (২৮)···অভিসংরব্ধৌ···প্র বা ব রা ম,··· সন্নিকৃষ্টৌ মহাভুজৌ···বা ব রা ম। (২৯)···সংক্রুদ্ধোঽথ ভরদ্বাজঃ ফাল্গুনং প্রত্যযুধ্যত—প্র। (৩০) পার্থং স সুমহাবাহুর্বেগেন চ···ভা।

পার্থঞ্চ স মহাবাহুর্মহাবেগৈর্মহারথঃ।
বিব্যাধ নিশিতৈর্বাণৈর্মেঘো বৃষ্ট্যেব পর্ব্বতম্ ॥৩১॥
তথৈব দিব্যং গাণ্ডীবং ধনুরাদায় ফাল্গুনঃ।
শত্রুঘ্নং বেগবান্ হৃষ্টো ভারসাধনমুত্তমম্।
বিসসর্জ্জ শরাংশ্চিত্রান্ সুবর্ণবিকৃতান্ বহূন্ ॥৩২॥
নাশয়ন্ শরবর্ষাণি ভারদ্বাজস্য বীর্য্যবান্।
তূর্ণং চাপবিনির্ম্মুক্তৈস্তদদ্ভুতমিবাভবৎ ॥৩৩॥ (যুগ্মকম্)
স রথেন চরন্ পার্থঃ প্রেক্ষণীয়ো ধনঞ্জয়ঃ।
যুগপদ্দিক্ষু সর্ব্বাসু সর্ব্বশস্ত্রাণ্যদর্শয়ৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

বস্তিঃ, সায়কময়ৈর্ব্বাণময়ৈর্জালৈঃ, অর্জ্জুনস্য রথং প্রতি তদুপরিদেশ ইত্যর্থঃ, ভানোঃ সূর্য্যস্য প্রভাং প্রাচ্ছাদয়ৎ ॥৩০॥

পার্থমিতি। কিঞ্চেতি চার্থঃ। মহাবাহুর্মহারথশ্চ স ভারদ্বাজঃ, মহান্ বেগো যেষাং তৈঃ, নিশিতৈর্ব্বাণৈঃ, মেঘো বৃষ্ট্যা পর্বতমিব, পার্থং বিব্যাধ ॥৩১॥

তথেতি। তথৈব বীর্য্যবান্ ফাল্গুনোঽর্জ্জুনঃ, বেগবান্ হৃষ্টশ্চ সন্, শত্রুঘ্নম্, ভারসাধনং দুষ্করকার্য্যসাধকম্, দিব্যং স্বর্গীয়ম্, অতএবোত্তমঞ্চ, গাণ্ডীবং ধনুরাদায়, তচ্চাপবিনির্ম্মুক্তৈঃ শরৈঃ, ভারদ্বাজস্য দ্রোণস্য, শরবর্ষাণি তূর্ণং নাশয়ন্ সুবর্ণবিকৃতান্ স্বর্ণখচিতান্, অতএব চিত্রান্ বহূন্ শরান্ বিসসর্জ্জ। তদর্জ্জুনস্য কার্য্যমদ্ভুতমিবাভবৎ। দ্বাত্রিংশঃ শ্লোকঃ ষট্পাদঃ ॥৩২—৩৩॥

স ইতি। প্রেক্ষণীয়ঃ সুদৃশ্যমূর্ত্তিঃ, পার্থঃ পৃথাপুত্রঃ স ধনঞ্জয়ঃ, রথেন চরন্ সন্, যুগপদেকদৈব, সর্ব্বাসু দিক্ষু সর্বশস্ত্রাণি অদর্শয়ৎ ॥৩৪॥

এবং তিনি শিলাপরিষ্কৃত ও উজ্জ্বল বাণময় জালদ্বারা অর্জ্জুনের রথের উপরে সূর্য্যের আলোক নিবারিত করিয়া ফেলিলেন ॥৩০॥

আর মহাবাহু ও মহারথ দ্রোণাচার্য্য—মেঘ যেমন বৃষ্টিদ্বারা পর্ব্বত বিদ্ধ করে, সেইরূপ মহাবেগশালী নিশিত বাণদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিলেন ॥৩১॥

সেইরূপই বলবান্ অর্জ্জুনও বেগবান্ এবং হৃষ্ট হইয়া, শত্রুনাশক, দুষ্করকার্য্যসাধক, দিব্য ও উত্তম গাণ্ডীবধনু লইয়া, সেই ধনু হইতে বিমুক্ত বাণদ্বারা সত্বরই দ্রোণের শরবৃষ্টি বিনাশ করিবেন বলিয়া, স্বর্ণখচিত ও বিচিত্র বহুতর বাণ নিক্ষেপ করিলেন; অর্জ্জুনের সেই কার্য্য যেন অদ্ভুতের ন্যায় হইল ॥৩২—৩৩॥

(৩২)···বেগবদ্ধৃষ্টঃ···প্র ভা। (৩৩)···শময়ন্ শরবর্ষাণি···ব। (৩৪)···সর্ব্বশোঽস্ত্রাণ্যদর্শয়ৎ—ভা।

একচ্ছায়মিবাকাশং বাণৈশ্চক্রে ধনঞ্জয়ঃ।
নাদৃশ্যত তদা দ্রোণো নীহারেণেব সংবৃতঃ ॥৩৫॥
তস্যাভবত্তদা রূপং সংবৃতস্য শরোত্তমৈঃ।
জাজ্বল্যমানস্য যথা পর্ব্বতস্যেব সর্ব্বতঃ ॥৩৬॥
দৃষ্ট্বা তু পার্থস্য রণে শরৈঃ স্বরথমাবৃতম্।
স বিস্ফার্য্য ধনুঃশ্রেষ্ঠং মেঘস্তনিতনিস্বনম্ ॥৩৭॥
অগ্নিচক্রোপমং ঘোরং বিকর্ষন্ পরমায়ুধম্।
ব্যশাতয়চ্ছরাংস্তাংস্তু দ্রোণঃ সমিতিশোভনঃ।
মহানভূত্ততঃ শব্দো বংশানামিব দহ্যতাম্ ॥৩৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

একেতি। ধনঞ্জয়ো বাণৈঃ আকাশম্ একচ্ছায়মিব চক্রে, অবকাশারক্ষণাদিতি ভাবঃ। তদা চ দ্রোণো নীহারেণ সংবৃত ইব সন্ ন অদৃশ্যত ॥৩৫॥

তস্যেতি। তদা শরোত্তমৈঃ সংবৃতস্য তস্য দ্রোণস্য রূপম্, সর্বতো জাজ্বল্যমানস্য ভৃশং জ্বলিতস্য পর্ব্বতস্য রূপং যথা তথা অভবৎ। ইবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥৩৬॥

দৃষ্ট্বেতি। সমিতিং সমরাঙ্গনং স্ববীরশ্রিয়া শোভয়তীতি সমিতিশোভনঃ, "সমিত্যাজি-সমিদ্‌যুধঃ" ইত্যমরঃ, স দ্রোণস্তু, রণে স্বরথম্, পার্থস্য শরৈরাবৃতং দৃষ্ট্বা, মেঘস্য স্তনিতং গর্জিতমিব নিস্বনঃ শব্দো যস্য তৎ, অগ্নিচক্রোপমং ঘোরং পরমায়ুধঞ্চ, ধনুঃশ্রেষ্ঠম্, বিস্ফার্য্য বিস্তীর্য্য, বিকর্ষন্ আকর্ষন্, তান্ পার্থনিক্ষিপ্তান্ শরান্, ব্যশাতয়ৎ ব্যনাশয়ৎ। ততঃ, দহ্যতাং দহ্যমানানাং বংশানাং শব্দ ইব, মহান্ শব্দঃ অভূৎ। অষ্টত্রিংশত্তমঃ শ্লোকঃ ষট্‌পাদঃ ॥৩৭—৩৮॥

এবং সুদৃশ্যমূর্ত্তি পৃথানন্দন অর্জ্জুন রথে বিচরণ করিতে থাকিয়া একদাই সকল দিকে সকল অস্ত্র প্রকাশ করিলেন ॥৩৪॥

আর অর্জ্জুন বাণদ্বারা আকাশটাকে যেন একটামাত্র-চ্ছায়াযুক্ত করিয়া ফেলিলেন। তখন দ্রোণ যেন তুষারে আবৃত হইয়া দৃষ্টিগোচর হইলেন না ॥৩৫॥

এবং তখন বাণজালে আবৃত দ্রোণের আকৃতিটা যেন সকল দিকে প্রজ্বলিত পর্ব্বতের আকৃতির ন্যায় হইয়া পড়িল ॥৩৬॥

সমরাঙ্গনের শোভাকারী দ্রোণাচার্য্য যুদ্ধে নিজের রথখানাকে অর্জ্জুনের বাণে আবৃত দেখিয়া মেঘের ন্যায় গম্ভীরশব্দকারী ও অগ্নিচক্রের ন্যায় ভয়ঙ্কর শ্রেষ্ঠ অস্ত্র উত্তম ধনু বিস্ফারিত করিয়া আকর্ষণ করতঃ শরনিক্ষেপদ্বারা অর্জ্জুনের

(৩৬)···জাজ্বল্যমানস্য তদা···প্র বা ব রা ম,···পর্ব্বতস্যেব সর্ব্বশঃ—ভা। (৩৮) অগ্নি-বর্ণময়ং ঘোরম্···প্র,···ব্যকর্ষৎ পরমায়ুধম্···বা ব রা ম,···বিকর্ষৎ পরমায়ুধম্···ভা।

জাম্বূনদময়ৈঃ পুঙ্খৈশ্চিত্রচাপবিনির্গতৈঃ।
প্রাচ্ছাদয়দমেয়াত্মা দিশঃ সূর্য্যস্য চ প্রভাম্ ॥৩৯॥
ততঃ কনকপুঙ্খানাং শরাণাং নতপর্ব্বণাম্।
বিয়চ্চরাণাং বিয়তি দৃশ্যন্তে বহবো ব্রজাঃ ॥৪০॥
দ্রোণস্য পুঙ্খসক্তাশ্চ প্রভবন্তঃ শরাসনাৎ।
একো দীর্ঘ ইবাদৃশ্যদাকাশে সংহতঃ শরঃ ॥৪১॥
এবং তৌ স্বর্ণবিকৃতান্ বিমুঞ্চন্তৌ মহাশরান্।
আকাশং সংবৃতং বীরাবুল্কাভিরিব চক্রতুঃ ॥৪২॥

ভারতকৌমুদী

জাম্বূনদেতি। অমেয়াত্মা অজ্ঞেয়স্বরূপো দ্রোণঃ, চিত্রাচ্চাপাদ্বিনির্গতৈঃ, জাম্বূনদময়ৈঃ স্বর্ণখচিতৈঃ, পুঙ্খৈঃ শরৈঃ, দিশঃ সূর্য্যস্য প্রভাঞ্চ প্রাচ্ছাদয়ৎ ॥৩৯॥

তত ইতি। ততো বিয়তি আকাশে, কনকপুঙ্খানাম্, নতপর্ব্বণাম্, ঈষদ্বক্রপ্রান্তানাম্, বিয়চ্চরাণাং শরাণাম্, বহবো ব্রজাঃ শ্রেণয়ো দৃশ্যন্তে স্ম ॥৪০॥

দ্রোণস্যেতি। দ্রোণস্য শরাসনাৎ কার্ম্মুকাৎ, প্রভবন্ত আবির্ভবন্তঃ শরাশ্চ, পুঙ্খসক্তাঃ পুঙ্খে পুঙ্খে লগ্না অভবন্নিতি শেষঃ। অতএব আকাশে একো দীর্ঘঃ শর ইব, সংহতঃ সম্মিলিতঃ স শরসমূহঃ, অদৃশ্যৎ অদৃশ্যত লোকৈরিতি শেষঃ ॥৪১॥

এবমিতি। তৌ বীরৌ দ্রোণার্জ্জুনৌ, স্বর্ণবিকৃতান্ স্বর্ণখচিতান্ মহাশরান্, এবং বিমুঞ্চন্তৌ সন্তৌ, উল্কাভিরিব আকাশং সংবৃতং চক্রতুঃ ॥৪২॥

সেই শরসমূহ বিনষ্ট করিতে লাগিলেন। তখন দহ্যমান বংশের শব্দের ন্যায় গুরুতর শব্দ হইতে থাকিল ॥৩৭—৩৮॥

তৎপরে অজ্ঞেয়স্বভাব দ্রোণ আপন ধনু হইতে নির্গত স্বর্ণখচিত বাণদ্বারা সকল দিক্ আবৃত ও সূর্য্যের আলোক নিবারিত করিলেন ॥৩৯॥

তাহার পর স্বর্ণপুঙ্খ, নতপর্ব্ব ও আকাশচর বাণসমূহের বহুতর শ্রেণী আকাশে দেখা যাইতে লাগিল ॥৪০॥

তখন দ্রোণের ধনু হইতে বাণ সকল পুঙ্খে পুঙ্খে সংলগ্ন হইয়া নির্গত হইতে লাগিল; তাহাতে আকাশে একটা দীর্ঘবাণের ন্যায় সেই পরস্পর-সংলগ্ন শরগুলিকে দেখা যাইতে থাকিল ॥৪১॥

(৩৯)···চিত্রচাপবরাতিগৈঃ···প্র ভা। (৪১) একো দীর্ঘ ইবাদৃশ্যতাকাশে সংবৃতঃ শরঃ—প্র।

শরাস্তয়োস্তু বিবভুঃ কঙ্কবর্হিণবাসসঃ।
পঙ্‌ক্ত্যঃ শরদি খস্থানাং হংসানাং চরতামিব ॥৪৩॥
যুদ্ধং সমভবত্তত্র সুসংরব্ধং মহাত্মনোঃ।
দ্রোণপাণ্ডবয়োর্ঘোরং বৃত্রবাসবয়োরিব ॥৪৪॥
তৌ গজাবিব সংক্রুদ্ধৌ বিষাণাগ্রৈঃ পরস্পরম্।
শরৈঃ পূর্ণায়তোৎসৃষ্টৈরন্যোন্যমভিজঘ্নতুঃ ॥৪৫॥
তৌ ব্যবাহরতাং যুদ্ধে সংরব্ধৌ রণশোভিনৌ।
উদীরয়ন্তৌ সমরে দিব্যান্যস্ত্রাণি ভাগশঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

শরা ইতি। কঙ্কবর্হিণাঃ কঙ্কপক্ষিময়ূরপক্ষিপক্ষা বাসাংসি আচ্ছাদকা যেষাং তে তাদৃশাঃ, তয়োর্দ্রোণার্জুনয়োঃ শরাঃ, শরদি শরৎকালে, চরতাং খস্থানাম্ আকাশবর্ত্তিনাং হংসানাং পঙ্‌ক্ত্যঃ শ্রেণয় ইব, বিবভুঃ বিরেজিরে ॥৪৩॥

যুদ্ধমিতি। বৃত্রবাসবয়োরিব, তত্র তদানীম্, মহাত্মনোর্দ্রোণপাণ্ডবয়োঃ, সুমহৎ সংরব্ধং ক্রোধো যস্মিন্ তৎ তাদৃশং ঘোরঞ্চ যুদ্ধং সমভবৎ ॥৪৪॥

তাবিতি। সংক্রুদ্ধৌ গজৌ, বিষাণাগ্রৈর্দন্তাগ্রৈঃ পরস্পরমিব, তৌ দ্রোণার্জুনৌ, পূর্ণম্ আয়তেন আকৃষ্টেন ধনুষা উৎসৃষ্টৈঃ শরৈঃ, অন্যোন্যম্, অভিজঘ্নতুঃ ॥৪৫॥

তাবিতি। সংরব্ধৌ ক্রুদ্ধৌ রণশোভিনৌ চ, তৌ দ্রোণার্জুনৌ, সমরে, ভাগশঃ স্বস্বভিন্ন-দেশে, দিব্যান্যস্ত্রাণি, উদীরয়ন্তৌ নিক্ষিপন্তৌ সন্তৌ, যুদ্ধে ব্যবাহরতাং মহাবীরব্যবহারমেব অকুরুতাম্ ॥৪৬॥

সেই বীরেরা দুই জনই এইভাবে স্বর্ণখচিত মহাবাণ সকল নিক্ষেপ করিতে থাকিয়া উল্কাদ্বারাই যেন আকাশটাকে আবৃত করিয়া ফেলিলেন ॥৪২॥

তাঁহাদের বাণগুলি কঙ্কপক্ষী ও ময়ূরপক্ষীর পক্ষযুক্ত ছিল। সুতরাং শরৎকালে আকাশচারী হংসশ্রেণীর ন্যায় সেগুলি শোভা পাইতে লাগিল ॥৪৩॥

পূর্ব্বকালে বৃত্রাসুর ও ইন্দ্রের যেমন যুদ্ধ হইয়াছিল, তখন মহাত্মা দ্রোণ এবং অর্জ্জুনের যুদ্ধও অত্যন্তক্রোধপ্রযুক্ত সেইরূপ ভয়ঙ্করভাবেই হইতে লাগিল ॥৪৪॥

দুইটা হাতী যেমন অত্যন্তক্রুদ্ধ হইয়া দন্তাগ্রদ্বারা পরস্পরকে আঘাত করে, সেইরূপ দ্রোণ ও অর্জুন পূর্ণ আকৃষ্ট ধনু হইতে বিমুক্ত বাণদ্বারা পরস্পরকে আঘাত করিতে লাগিলেন ॥৪৫॥

(৪৩)…পঙ্‌ক্তয়ঃ শিরসিস্থানাম্…ভা। (৪৫) তৌ গজাবিব চাসাদ্য…বা ব রা ম ভা।

অথ ত্বাচার্য্যমুখ্যেন শরান্ স্বষ্টান্ শিলাশিতান্ ।
ন্যবারয়চ্ছিতৈর্বাণৈরর্জ্জুনো জয়তাং বরঃ ॥৪৭॥
দর্শয়ন্ বীক্ষমাণানামস্ত্রমুগ্রপরাক্রমঃ ।
ইষুভিস্তূর্ণমাকাশং বহুভিশ্চ সমাবৃণোৎ ॥৪৮॥ (যুগ্মকম্)
জিঘাংসন্তং নরব্যাঘ্রমর্জ্জুনং তিগ্মতেজসম্ ।
আচার্য্যমুখ্যঃ সমরে দ্রোণঃ শস্ত্রভৃতাং বরঃ ।
অর্জ্জুনেন সহাক্রীড়ন্ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৪৯॥
দিব্যান্যস্ত্রাণি বর্ষন্তং তস্মিন্ বৈ তুমুলে রণে ।
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য ফাল্গুনং সমযোধয়ৎ ॥৫০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অথেতি। অথ, উগ্রো ভয়ঙ্করঃ পরাক্রমো যস্য সঃ, অতএব জয়তাং বরঃ অর্জ্জুনঃ, শিতৈঃ সুধারৈর্ব্বাণৈঃ, আচার্য্যমুখ্যেন দ্রোণেন, স্বষ্টান্ নিক্ষিপ্তান্, শিলাশিতান্ শিলায়াং ঘর্ষণেন সুধারীকৃতান্ শরান্ ন্যবারয়ৎ; তথা বীক্ষমাণানাং জনানাং সমীপে অস্ত্রং দর্শয়ন্ সন্, বহুভিঃ ইষুভির্ব্বাণৈঃ, তূর্ণম্ আকাশং সমাবৃণোচ্চ ॥৪৭—৪৮॥

জিঘাংসন্তমিতি। আচার্য্যমুখ্যঃ শস্ত্রভৃতাং বরশ্চ দ্রোণঃ, সন্নতপর্ব্বভির্বক্রপ্রান্তৈঃ শরৈঃ, সমরে অর্জ্জুনেন সহ, আক্রীড়ন্ খেলাং কুর্ব্বন্নিব স্বকীয়ৈরস্ত্রৈঃ, অর্জ্জুনস্যাস্ত্রাণি সংবার্য্য, তস্মিন্ তুমুলে রণে, দিব্যানি অস্ত্রাণি বর্ষন্তম্, তিগ্মতেজসম্, জিঘাংসন্তং হন্তুমিচ্ছন্তম্, নরব্যাঘ্রম্, ফাল্গুনং তদ্রূপাপরপর্য্যায়ম্ অর্জ্জুনম্, সমযোধয়ৎ। ঊনপঞ্চাশত্তমঃ শ্লোকঃ ষট্পাদঃ ॥৪৯—৫০॥

ভারতভাবদীপঃ

তেজিতৈঃ ॥২৯—৩১॥ ভারসাধনং শত্রুমর্দ্দনক্ষমম্ অচ্ছেদ্যমিত্যর্থঃ ॥৩২—৪৪॥ বিষাণাগ্রৈ-র্দন্তাগ্রৈঃ ॥৪৫॥ ব্যবহরতাং ব্যবহারং ধর্ম্মযুদ্ধং কৃতবন্তৌ ॥৪৬—৪৮॥ জিঘাংসতাপার্জ্জুনেন

সমরশোভী দ্রোণ অর্জ্জুন ও অত্যন্তক্রুদ্ধ হইয়া যুদ্ধের অপর দিকে দিব্য অস্ত্র সকল নিক্ষেপ করিতে থাকিয়া যুদ্ধে মহাবীরের ব্যবহারই করিতে লাগিলেন ॥৪৬॥

তাহার পর ভয়ঙ্করপরাক্রমশালী ও বিজয়িশ্রেষ্ঠ অর্জ্জুন নিশিত বাণসমূহ-দ্বারা দ্রোণনিক্ষিপ্ত শিলাশিত বাণসমূহকে নিবারণ করিলেন এবং দর্শকদিগকে অস্ত্র দেখাইতে থাকিয়া বহুতর বাণদ্বারা সত্বরই আকাশটাকে আবার আবৃত করিয়া ফেলিলেন ॥৪৭—৪৮॥

তখন আচার্য্যপ্রধান ও শস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণ আনতপর্ব শরসমূহদ্বারা যুদ্ধে

(৪৭) অথ আচার্য্যমুখ্যেন শরান্ স্বষ্টান্ শরাসনাৎ। নিবারয়ৎ…ভা। (৪৮) শ্লোকঃ প্র নাস্তি। (৪৯) প্রথমার্দ্ধং প্র নাস্তি। (৫০) দিব্যান্যস্ত্রাণি চ দ্রোণঃ প্রমুঞ্চন্তং মহারণে …প্র, দিব্যাস্ত্রাণি বিমুঞ্চন্তং ভারদ্বাজং মহারণে…ফাল্গুনঃ সমযোধয়ৎ—ভা।

তয়োরাসীৎ সংপ্রহারঃ ক্রুদ্ধয়োর্নরসিংহয়োঃ।
অমর্ষিণোস্তদাঽন্যোন্যং দেবদানবয়োরিব ॥৫১॥
ঐন্দ্রং বায়ব্যমাগ্নেয়মস্ত্রমস্ত্রেণ পাণ্ডবঃ।
দ্রোণেন মুক্তং মুক্তন্তু গ্রসতি স্ম পুনঃ পুনঃ ॥৫২॥
এবং শূরৌ মহেষ্বাসৌ বিসৃজন্তৌ শরান্ শিতান্।
একচ্ছায়ং চক্রতুস্তাবাকাশং শরবৃষ্টিভিঃ ॥৫৩॥
ততোঽর্জ্জুনেন মুক্তানাং পততাঞ্চ শরীরিষু।
পর্বতেষ্বিব বজ্রাণাং শরাণাং শ্রূয়তে ধ্বনিঃ ॥৫৪॥

ভারতকৌমুদী

তয়োরিতি। ক্রুদ্ধয়োঃ, অমর্ষিণোঃ পরোৎকর্ষমসহমানয়োশ্চ, নরসিংহয়োস্তয়োর্দ্রোণার্জ্জুনয়োঃ, তদা দেবদানবয়োরিব, অন্যোন্যং সম্প্রহারো যুদ্ধমাসীৎ ॥৫১॥

ঐন্দ্রমিতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ, অস্ত্রেণ অনুরূপেণেত্যাশয়ঃ, দ্রোণেন মুক্তং মুক্তন্তু, বীপ্সায়াং দ্বিরুক্তিঃ, ঐন্দ্রং বায়ব্যম্ আগ্নেয়ঞ্চাস্ত্রম্, পুনঃ পুনঃ, গ্রসতি স্ম গ্রাসবৎ বিলুম্পতি স্ম ব্যনাশয়দিত্যর্থঃ ॥৫২॥

এবমিতি। শূরৌ মহেষ্বাসৌ মহাধনুর্দ্ধরৌ চ তৌ দ্রোণার্জ্জুনৌ, এবং শিতান্ শরান্ বিসৃজন্তৌ সন্তৌ, শরবৃষ্টিভিঃ আকাশমেকচ্ছায়ং চক্রতুঃ ॥৫৩॥

অর্জ্জুনের সহিত খেলা করিতে থাকিয়াই যেন, আপন অস্ত্রদ্বারা অর্জ্জুনের অস্ত্র নিবারণ করিয়া, সেই তুমুল যুদ্ধে দিব্যাস্ত্রবর্ষণকারী, তীক্ষ্ণতেজা ও বধাভিলাষী নরশ্রেষ্ঠ অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৯—৫০॥

তখন দেব ও দানবের যুদ্ধের ন্যায় ক্রুদ্ধ ও অসহিষ্ণু নরশ্রেষ্ঠ দ্রোণ এবং অর্জুনের পরস্পর যুদ্ধ হইতে লাগিল ॥৫১॥

দ্রোণাচার্য্য যখন যখন ঐন্দ্র, বায়ব্য ও আগ্নেয় অস্ত্র নিক্ষেপ করিতে লাগিলেন; অর্জুনও তখন তখনই অনুরূপ অস্ত্রদ্বারা বার বার সেগুলিকে বিনষ্ট করিতে থাকিলেন ॥৫২॥

মহাবীর ও মহাধনুর্দ্ধর দ্রোণ ও অর্জুন এইভাবে নিশিত বাণসমূহ নিক্ষেপ করিতে থাকিয়া সেই বাণবৃষ্টিদ্বারা আকাশটাকে যেন একটা ছায়াযুক্ত করিয়া ফেলিলেন ॥৫৩॥

তাহার পর পর্বতের উপরে বজ্র পড়িবার সময়ে যেমন শব্দ শুনা যায়, সেই-

(৫১)…জয়ৈষিণোস্তদান্যোন্যম্…ভা। (৫২)…দ্রোণেন মুক্তমাত্রস্তু…বা ব রা ম,…মুক্তং মুক্তঞ্চ…ভা। (৫৩)… শরাংস্ততান্…ভা। (৫৪)…পততাং বৈ…শ্রূয়তে স্বনঃ—বা ব রা ম ভা।

ততো নাগা রথাশ্চৈব সাদিনশ্চ বিশাংপতে ! ।
শোণিতাক্তা ব্যদৃশ্যন্ত পুষ্পিতা ইব কিংশুকাঃ ॥৫৫॥
বাহুভিশ্চ সকেয়ূরৈর্বিচক্রৈশ্চ মহারথৈঃ ।
সুবর্ণচিত্রৈঃ কবচৈর্ধ্বজৈশ্চ বিনিপাতিতৈঃ ॥৫৬॥
যোধৈশ্চ নিহতৈস্তত্র পার্থবাণপ্রপীড়িতৈঃ ।
বলমাসীৎ সমুদ্ভ্রান্তং দ্রোণার্জুনসমাগমে ॥৫৭॥ (যুগ্মকম্)
বিধুন্বানৌ তু তৌ তত্র ধনুষী ভারসাধনে ।
আচ্ছাদয়েতামন্যোন্যং ততক্ষতুরথেষুভিঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ অর্জুনেন মুক্তানাম্, শরীরিষু কৌরবসৈন্যেষু পততাঞ্চ শরাণাম্, পর্ব্বতেষু পততাং বজ্রাণামিব,, ধ্বনিঃ শ্রূয়তে স্ম ॥৫৪॥

তত ইতি। হে বিশাংপতে! ততঃ শোণিতাক্তা অর্জুনশরাঘাতাৎ রক্তাক্তাঃ নাগা হস্তিনঃ, রথাশ্চ, সাদিন আরোহিণশ্চ, পুষ্পিতাঃ কিংশুকা বৃক্ষা ইব ব্যদৃশ্যন্ত ॥৫৫॥

বাহুভিরিতি। বিনিপাতিতৈঃ, সকেয়ূরৈঃ কেয়ূরযুক্তৈর্বাহুভিঃ, বিচক্রৈশ্চক্রশূন্যীকৃতৈঃ, মহারথৈর্বিশালস্যন্দনৈঃ, সুবর্ণচিত্রৈঃ কবচৈর্ধ্বজৈশ্চ, পার্থবাণপ্রপীড়িতৈর্নিহতৈশ্চ যোধৈর্যোদ্ধৃভিশ্চ, তত্র দ্রোণার্জুনয়োঃ সমাগমে রণসম্মেলনে, বলং কৌরবসৈন্যম্, সমুদ্ভ্রান্তং বিচলিতমাসীৎ ॥৫৬—৫৭॥

বীতি। তত্র তৌ দ্রোণার্জুনৌ, ভারসাধনে দুষ্করকার্য্যসাধকে ধনুষী, বিধুন্বানৌ সঞ্চালয়ন্তৌ তু, ইষুভির্বাণৈঃ, অন্যোন্যমাচ্ছাদয়েতাম্, অথ ততক্ষতুস্তনূচক্রতুশ্চ ॥৫৮॥

রূপ অর্জুননিক্ষিপ্ত শর কৌরবসৈন্যের উপরে পড়িবার সময়ে শব্দ শুনা যাইতে লাগিল ॥৫৪॥

নরনাথ! তদনন্তর রক্তাক্ত হস্তী, রথ ও আরোহীদিগকে পুষ্পশোভিত কিংশুকবৃক্ষসমূহের ন্যায় দেখা যাইতে লাগিল ॥৫৫॥

সেই দ্রোণ ও অর্জ্জুনের যুদ্ধের সময়ে অর্জ্জুননিপাতিত কেয়ূরযুক্ত বাহু, চক্রবিহীন বিশাল রথ, স্বর্ণখচিত কবচ ও ধ্বজ এবং অর্জ্জুনের বাণে পীড়িত ও নিহত যোদ্ধাদিগকে দেখিতে থাকিয়া কৌরবসৈন্য বিচলিত হইয়া পড়িল ॥৫৬—৫৭॥

এদিকে তখন দ্রোণ ও অর্জ্জুন দুষ্করকার্য্যসাধক ধনু দুইখানা আকর্ষণ করিতে থাকিয়া বাণবৃষ্টিদ্বারা পরস্পর আবৃত ও আহত করিতে লাগিলেন ॥৫৮॥

(৫৫)···বাজিনশ্চ বিশাংপতে!···বা ব রা ম ভা। (৫৬)···বিচিত্রৈশ্চ মহারথৈঃ···বা ব রা ম ভা,···সুবর্ণকবচৈশ্চিত্রৈঃ···প্র। (৫৭)···সুসংভ্রান্তম্···প্র। (৫৮)···তৌ বীরৌ···সন্তক্ষন্তৌ রণেষুভিঃ···প্র,···অন্বেক্ষন্তৌ রথেষুভিঃ—ভা।

তয়োঃ সমভবদ্‌যুদ্ধং তুমুলং ভরতর্ষভ ! ।
দ্রোণকৌন্তেয়য়োস্তত্র বলিবাসবয়োরিব ॥৫৯॥
অথ পূর্ণায়তোৎসৃষ্টৈঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
ব্যদারয়েতামন্যোন্যং প্রাণদ্যূতে প্রবর্ত্তিতে ॥৬০॥
অথান্তরীক্ষে নাদোঽভূদ্‌দ্রোণং তত্র প্রশংসতাম্।
দুষ্করং কৃতবান্ দ্রোণো যদর্জ্জুনমযোধয়ৎ ॥৬১॥
প্রমাথিনং মহাবীর্য্যং দৃঢ়মুষ্টিং দুরাসদম্।
জেতারং দেবদৈত্যানাং সর্ব্বেষাঞ্চ মহারথম্ ॥৬২॥ (যুগ্মকম্)
অবিভ্রমঞ্চ শিক্ষাঞ্চ লাঘবং দূরপাতিতাম্।
পার্থস্য সমরে দৃষ্ট্বা দ্রোণস্যাভূচ্চ বিস্ময়ঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

তয়োরিতি। হে ভরতর্ষভ! তত্র তদানীম্, বলিবাসবয়োরিব, তয়োর্দ্রোণকৌন্তেয়য়োঃ, তুমুলং যুদ্ধং সমভবৎ ॥৫৯॥

অথেতি। অথ প্রাণৈর্দ্যূতং প্রাণদ্যূতং তস্মিন্, রণক্রীড়ায়াং প্রাণানামেব পণরূপত্বাদিত্যাশয়ঃ, প্রবর্ত্তিতে সতি, পূর্ণং যথা স্যাত্তথা আয়তেন আকৃষ্টেন ধনুষা উৎসৃষ্টৈঃ ক্ষিপ্তৈঃ, সন্নতপর্ব্বভিঃ বক্রাগ্রৈঃ শরৈঃ, অন্যোন্যং ব্যদারয়েতাম্ ॥৬০॥

অথেতি। অথ তত্র দ্রোণং প্রশংসতাং দেবাদীনাম্, অন্তরীক্ষে নাদঃ শব্দঃ অভূৎ। কীদৃশঃ শব্দ ইত্যাহ—দ্রোণঃ, প্রমাথিনং শত্রুমর্দ্দকম্, মহাবীর্য্যম্, দৃঢ়মুষ্টিম্, দুরাসদম্, সর্ব্বেষাং দেবদৈত্যানাং জেতারম্, মহারথঞ্চ অর্জ্জুনম্, যৎ, অযোধয়ৎ, তৎ দুষ্করং কার্য্যমেব কৃতবান্ ॥৬১—৬২॥

ভরতশ্রেষ্ঠ! পূর্ব্বকালে বলি ও ইন্দ্রের যেমন তুমুল যুদ্ধ হইয়াছিল, তখন দ্রোণ এবং অর্জ্জুনেরও সেইরূপই তুমুল যুদ্ধ হইতে থাকিল ॥৫৯॥

তাহার পর সেই প্রাণপণে সমররূপ দ্যূতক্রীড়া চলিতে থাকিলে, পূর্ণ আকৃষ্ট ধনু হইতে নির্গত নতপর্ব বাণদ্বারা তাঁহারা পরস্পরকে বিদীর্ণ করিতে লাগিলেন ॥৬০॥

তদনন্তর দেবগণপ্রভৃতি আকাশবর্ত্তীরা দ্রোণকে প্রশংসা করিতে লাগিলে, তখন আকাশে একটা রব উঠিল যে, 'শত্রুবিজয়ী, মহাবীর, দৃঢ়মুষ্টি, দুর্দ্ধর্ষ, সমস্ত-দেব-দানব-বিজেতা ও মহারথ অর্জ্জুনের সহিত দ্রোণ যে যুদ্ধ করিলেন, ইহা তিনি দুষ্কর কার্য্যই করিলেন' ॥৬১—৬২॥

(৬২)···জেতারং দেবমর্ত্যানাং সর্পাণাঞ্চ মহারথম্—প্র···সর্পাণাঞ্চ মহারথম্—ভা।
(৬৩)···দূরপাতিতম্···ভা।

ততো গাণ্ডীবমুদ্যম্য দিব্যং ধনুরমর্ষণঃ।
বিচকর্ষ রণে পার্থো বাহুভ্যাং ভরতর্ষভ ! ॥৬৪॥
তস্য বাণময়ং বর্ষং শলভানামিবায়তিম্।
দৃষ্ট্বা তে বিস্মিতাঃ সর্বে সাধু সাধ্বিত্যপূজয়ন্ ॥৬৫॥
ন চ বাণান্তরে তস্য বায়ুঃ শক্নোতি সর্পিতুম্।
অনিশং সন্দধানস্য শরানুৎসৃজতস্তথা।
দদর্শ নান্তরং কশ্চিৎ পার্থস্যাদদতোঽপি চ ॥৬৬॥
তথা শীঘ্রাস্ত্রযুদ্ধে তু বর্ত্তমানে সুদারুণে।
শীঘ্রাচ্ছীঘ্রতরঃ পার্থঃ শরানন্যানুদৈরয়ৎ ॥৬৭॥

ভারতকৌমুদী

অবিভ্রমমিতি। সমরে পার্থস্য, অবিভ্রমং ভ্রান্ত্যভাবম্, শিক্ষাং শিক্ষানৈপুণ্যম্, লাঘবং লঘুহস্ততাম্, অস্ত্রাণাং দূরপাতিতাঞ্চ দৃষ্ট্বা দ্রোণস্য বিস্ময়োঽভূৎ ॥৬৩॥

তত ইতি। হে ভরতর্ষভ ! ততঃ অমর্ষণঃ ক্রুদ্ধঃ পার্থঃ, রণে বাহুভ্যাং দিব্যং গাণ্ডীবং ধনুঃ, উদ্যম্য উত্তোল্য, বিচকর্ষ আচকর্ষ ॥৬৪॥

তস্যেতি। শলভানাং পতঙ্গানাম্, আয়তিং শ্রেণীমিব, তস্য পার্থস্য বাণময়ং বর্ষং দৃষ্ট্বা, তে সর্ব্বে বিস্মিতাঃ সন্তঃ সাধু সাধু ইত্যুক্ত্বা অপূজয়ন্ প্রাশংসন্ ॥৬৫॥

নেতি। বায়ুরপি তস্য পার্থস্য বাণান্তরে সর্পিতুং বিচরিতুং ন চ নৈব শক্নোতি স্ম। তথা কশ্চিদপি জনঃ, অনিশং নিরন্তরম্, শরান্ সন্দধানস্য, শরানুৎসৃজতঃ, শরান্ আদদতোঽপি চ পার্থস্য, অন্তরং তত্তৎকর্ম্মাবকাশম্, ন দদর্শ, অতিদ্রুতত্বাদিতি ভাবঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৬॥

যুদ্ধে অর্জ্জুনের ভ্রম না হওয়া, শিক্ষানৈপুণ্য, লঘুহস্ততা এবং দূরপাতিতা দেখিয়া দ্রোণাচার্য্যের বিস্ময় জন্মিল ॥৬৩॥

ভরতশ্রেষ্ঠ ! তাহার পর যুদ্ধে অর্জ্জুন বাহুযুগলদ্বারা স্বর্গীয় গাণ্ডীবধনু উত্তোলন করিয়া আকর্ষণ করিতে লাগিলেন ॥৬৪॥

তখন পতঙ্গশ্রেণির ন্যায় তাঁহার বাণবৃষ্টি দেখিয়া তাঁহারা সকলেই বিস্মিত হইয়া 'সাধু সাধু' বলিয়া প্রশংসা করিতে লাগিলেন ॥৬৫॥

এই সময়ে অর্জ্জুনের বাণশ্রেণীর ভিতরে বায়ুও প্রবেশ করিতে সমর্থ হইল না; আর অর্জ্জুন যে অনবরত বাণসন্ধান, বাণক্ষেপ ও বাণগ্রহণ করিতে লাগিলেন, তাহার রন্ধ্র (ফাঁক) কেহই দেখিল না ॥৬৬॥

(৬৪) অথ গাণ্ডীবম্…বা ব রা ম, অথ গাণ্ডীবম্…যে চকর্ষ…ভরতর্ষভঃ—ভা। (৬৫)…শলভানামিবায়তম্ ..ভা। (৬৬)…দদৃশে নান্তরম্…প্র ভা। (৬৭)…উদীরয়ন্—প্র,.. উদীরয়ৎ—বা রা ম ভা।

ততঃ শতসহস্রাণি শরাণাং নতপর্ব্বণাম্।
যুগপৎ প্রাপতংস্তত্র দ্রোণস্য রথমন্তিকাৎ ॥৬৮॥
কীর্য্যমাণে তদা দ্রোণে শরৈর্গাণ্ডীবধন্বনা।
হাহাকারো মহানাসীৎ সৈন্যানাং ভরতর্ষভ! ॥৬৯॥
পাণ্ডবস্য তু শৈত্রাস্ত্রং মঘবা প্রত্যপূজয়ৎ।
গন্ধর্ব্বাপ্সরসশ্চৈব যে চ তত্র সমাগতাঃ ॥৭০॥
ততো বৃন্দেন মহতা রথানাং রথযূথপঃ।
আচার্য্যপুত্রঃ সহসা পাণ্ডবং প্রত্যবারয়ৎ ॥৭১॥

ভারতকৌমুদী

তথেতি। সুদারুণে তথা শীঘ্রাস্ত্রযুদ্ধে বর্ত্তমানে তু, পার্থঃ, শীঘ্রাৎ শীঘ্রাস্ত্রক্ষেপকাৎ দ্রোণাৎ শীঘ্রতরঃ অতীবশীঘ্রাস্ত্রক্ষেপী সন্, অন্যান্ শরান্, উদৈরয়ৎ ন্যক্ষিপৎ ॥৬৭॥

তত ইতি। ততঃ তত্র অন্তিকাৎ অর্জ্জুনসকাশাৎ, নতপর্ব্বণাম্ ঈষদ্বক্রোপান্তানাং শরাণাং শতসহস্রাণি, যুগপদেব, দ্রোণস্য রথম্, প্রাপতন্ প্রাপ্নুবন্ ॥৬৮॥

কীর্য্যেতি। হে ভরতর্ষভ! তদা গাণ্ডীবধন্বনা অর্জ্জুনেন শরৈঃ, দ্রোণে কীর্য্যমাণে আচ্ছাদ্যমানে সতি, সৈন্যানাং মহান্ হাহাকার আসীৎ ॥৬৯॥

পাণ্ডবস্যেতি। মঘবা আকাশস্থো দেবরাজস্ত, পাণ্ডবস্য অর্জ্জুনস্য, শৈত্রাস্ত্রং শীঘ্রাস্ত্রক্ষেপ-শক্তিম্, প্রত্যপূজয়ৎ প্রাশংসৎ। আকাশস্থা গন্ধর্ব্বাপ্সরসশ্চ, তত্রাকাশে যে দানবাদয়ঃ সমাগতাস্তে চ তৎ প্রত্যপূজয়ন্ ॥৭০॥

তত ইতি। ততো রথযূথপঃ রথসমূহরক্ষকঃ, আচার্য্যপুত্রঃ অশ্বত্থামা, সহসা তৎক্ষণাদেব, মহতা রথানাং বৃন্দেন, পাণ্ডবমর্জ্জুনং প্রত্যবারয়ৎ ॥৭১॥

অতিভয়ঙ্কর সেই রূপ শীঘ্রাস্ত্রযুদ্ধ চলিতে লাগিলে, অর্জ্জুন শীঘ্র হইতেও শীঘ্রতর হইয়া অন্য শর সকল ক্ষেপ করিতে লাগিলেন ॥৬৭॥

তাহার পর তখন অর্জ্জুনের নিকট হইতে শত শত ও সহস্র সহস্র নতপর্ব্ব বাণ যাইয়া একদাই দ্রোণের রথের উপরে পড়িতে লাগিল ॥৬৮॥

ভরতশ্রেষ্ঠ! তখন অর্জ্জুন বাণদ্বারা দ্রোণাচার্য্যকে আবৃত করিয়া ফেলিলে, তাঁহার সৈন্যগণের মধ্যে গুরুতর হাহাকার উঠিল ॥৬৯॥

এবং আকাশবর্ত্তী দেবরাজ অর্জ্জুনের শীঘ্রাস্ত্রতার প্রশংসা করিলেন; ক্রমে গন্ধর্ব্বগণ ও অপ্সরোগণ, আর আকাশে অন্য যাঁহারা আসিয়াছিলেন, তাঁহারাও অর্জ্জুনের শীঘ্রাস্ত্রতার সুখ্যাতি করিলেন ॥৭০॥

(৬৯) আকীর্য্যমাণে দ্রোণে তু…প্র, দ্রোণেঽবকীর্য্যমাণে তু…ভা। (৭০)…শীঘ্রাস্ত্রং মঘবা…বা ব রা ম,…মঘবান্…ভা।

অশ্বত্থামা তু তৎ কর্ম্ম হৃদয়েন মহাত্মনঃ।
পূজয়ামাস পার্থস্য কোপং চাস্যাকরোদ্‌ভৃশম্ ॥৭২॥
স মন্যুবশমাপন্নঃ পার্থমভ্যদ্রবদ্রণে।
কিরন্ শরসহস্রাণি পর্জন্য ইব বৃষ্টিমান্ ॥৭৩॥
আবর্ত্ত্য তু মহাবাহুর্যতো দ্রৌণিস্ততো হয়ান্।
অন্তরং প্রদদৌ পার্থো দ্রোণস্য ব্যপসর্পিতুম্ ॥৭৪॥
স তু লব্ধ্বান্তরং তূর্ণমপায়াজ্জবনৈর্হয়ৈঃ।
ছিন্নবর্ম্মধ্বজঃ শূরো নিকৃত্তঃ পরমেষুভিঃ ॥৭৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্বণি গোহরণে উত্তরগোগ্রহে দ্রোণভঙ্গো নাম ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অশ্বেতি। অশ্বত্থামা তু হৃদয়েন মহাত্মনঃ পার্থস্য তৎ কর্ম্ম পূজয়ামাস, অস্য অর্জুনস্যোপরি ভৃশং কোপমকরোচ্চ, পিতুরপমানাদিত্যাশয়ঃ ॥৭২॥

স ইতি। সঃ অশ্বত্থামা, মন্যুবশং ক্রোধাধীনতাম্, আপন্নঃ প্রাপ্তঃ সন্, বৃষ্টিমান্ পর্জন্যো মেঘ ইব, শরসহস্রাণি কিরন্ নিক্ষিপন্, রণে পার্থমভ্যদ্রবৎ ॥৭৩॥

আবর্ত্ত্যেতি। মহাবাহুঃ পার্থস্তু, যতো যত্র, দ্রৌণিরশ্বত্থামা আসীৎ, ততস্তত্র, হয়ান্ অশ্বান্, আবর্ত্ত্য পরাবর্ত্ত্য, ব্যপসর্পিতুম্ অপসর্ত্তুম্, দ্রোণস্য, অন্তরমবকাশং প্রদদৌ ॥৭৪॥

ভারতভাবদীপঃ

সহ বাৎসল্যাৎ স্বয়মক্রীড়ৎ ন তু ক্রূরোঽভূৎ ॥৪৯—৫৭॥ ততক্ষতুঃ ক্ষীণং চক্রতুঃ ॥৫৮—৬৪॥ আয়তিং সন্ততিম্ ॥৬৫—৭৩॥ অন্তরমবকাশম্ ॥৭৪॥ নিকৃত্তঃ প্রহৃতঃ ॥৭৫॥

ইতি বিরাটপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৩॥

তৎপরে রথসমূহের রক্ষক অশ্বত্থামা তৎক্ষণাৎ বিশাল রথসমূহদ্বারা অর্জুনকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৭১॥

কিন্তু অশ্বত্থামা মনে মনে মহাত্মা অর্জুনের প্রশংসা করিলেন এবং উঁহার উপরে গুরুতর ক্রোধও করিলেন ॥৭২॥

অশ্বত্থামা ক্রুদ্ধ হইয়া, বৃষ্টিকারী মেঘের ন্যায় বহুতর বাণ বর্ষণ করিতে থাকিয়া, যুদ্ধে অর্জুনের দিকে ধাবিত হইলেন ॥৭৩॥

এদিকে মহাবাহু অর্জ্জুনও—যেখানে অশ্বত্থামা ছিলেন, সেই দিকে ঘোড়াগুলিকে ফিরাইয়া দ্রোণকে চলিয়া যাইবার ফাঁক্ দিলেন ॥৭৪॥

---

(৭৩) সোঽমর্ষবশমাপন্নঃ…পর্য্যন্ত ইব…ভা। (৭৪) আবৃত্য তু…প্র বা ব রা ম। (৭৫)…অপয়াজ্জবনৈঃ…ভা। * '…সপ্তপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' প্র, '…অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' বা ব রা ম।

চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

ততো দ্রৌণির্মহাবীর্য্যঃ প্রযযাবর্জ্জুনং রণে।
তং পার্থঃ প্রতিজগ্রাহ তার্ক্ষ্যো নাগমিবোদ্ধতম্।
শরজালেন মহতা বর্ষমাণ ইবাম্বুদঃ ॥১॥
তয়োর্দেবাসুরসমঃ সন্নিপাতো মহানভূৎ।
কিরতোঃ শরজালানি বৃত্রবাসবয়োরিব ॥২॥

ভারতকৌমুদী

স ইতি। পরমেষুভিঃ অর্জ্জুনস্য উত্তমৈর্বাণৈঃ, ছিন্নৌ বর্ম্মধ্বজৌ যস্য সঃ, নিকৃত্তঃ ক্ষত-বিক্ষতাঙ্গশ্চ, শূরঃ স দ্রোণস্তু, অন্তরম্ অবকাশং লব্ধা, জবনৈর্বেগবদ্ভিঃ, হয়ৈরশ্বৈঃ তূর্ণম্, অপায়াৎ সমরাদপাসরৎ ॥৭৫॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বিরাটপর্ব্বণি গোহরণে ত্রিপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

তত ইতি। ততঃ মহাবীর্য্যো দ্রৌণিরশ্বত্থামা রণে অর্জ্জুনং প্রযযৌ। পার্থোঽর্জ্জুনোঽপি মহতা শরজালেন, বর্ষমাণঃ অম্বুদো মেঘ ইব ধাবন্, তার্ক্ষ্যো গরুড়ঃ, উদ্ধতং গর্বিণম্, নাগং সর্পমিব, তং দ্রৌণিং প্রতিজগ্রাহ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

তয়োরিতি। শরজালানি কিরতোর্নিক্ষিপতোঃ, বৃত্রবাসবয়োরিব, তয়োর্দ্রৌণার্জ্জুনয়োঃ, দেবাসুরসমো দেবাসুরসংঘর্ষতুল্যঃ, মহান্ সন্নিপাতঃ সংঘর্ষোঽভূৎ ॥২॥

অর্জ্জুনের তীক্ষ্ণবাণে বীর দ্রোণেরও বর্ম্ম ও ধ্বজ ছিন্ন হইয়াছিল এবং দেহেরও অনেকস্থান ক্ষত-বিক্ষত হইয়াছিল; তাই তিনি ফাঁক্ পাইয়া বেগবান্ অশ্বসমূহের গুণে সত্বরই অপসৃত হইলেন ॥৭৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর মহাবীর অশ্বত্থামা যুদ্ধে অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন। তখন অর্জ্জুনও বর্ষণকারী মেঘের ন্যায় বিশাল শরবর্ষণ করিয়া, গরুড় যেমন উদ্ধত সর্পকে গ্রহণ করেন, সেই রূপ অশ্বত্থামাকে গ্রহণ করিলেন ॥১॥

(১) ততো দ্রৌণির্মহারাজ!…বায়ুবেগমিবোদ্ধতম্…বর্ষমাণমিবাম্বুদম্—বা ব রা ম, অথ দ্রৌণিঃ…বর্ষমাণমিবাম্বুদম্—ভা, দ্বিতীয়ার্দ্ধং ভা নাস্তি।

ন স্ম সূর্য্যো দিবা ভাতি ন চ বাতি সমীরণঃ।
শরসংঘৈঃ কৃতে ব্যোম্নি চ্ছায়াভূতে সমন্ততঃ ॥৩॥
মহাংশ্চটচটাশব্দো যোধয়োর্যুধ্যমানয়োঃ।
দহ্যতামিব বেণূনামাসীৎ পরপুরঞ্জয় ! ॥৪॥
হয়ানস্যার্জ্জুনঃ সর্বান্ কৃতবানল্পজীবিতান্।
তে রাজন্ ! ন প্রজানন্তি দিশং কাঞ্চন মোহিতাঃ ॥৫॥
ততো দ্রৌণির্মহাবীর্য্যঃ পার্থস্য বিচরিষ্যতঃ।
বিবরং সূক্ষ্মমালক্ষ্য জ্যাং চিচ্ছেদ ক্ষুরেণ হ।
তদস্যাপূজয়ন্ দেবা দৃষ্ট্বা কর্ম্মাতিমানুষম্ ॥৬॥

ভারতকৌমুদী

নেতি। ব্যোম্নি গগনে, শরসংঘৈঃ, সমন্ততঃ সর্বত এব, ছায়াভূতে ছায়াপ্রাপ্তে, কৃতে সতি, দিবাপি সূর্য্যো ন ভাতি স্ম, অবকাশাভাবাৎ সমীরণশ্চ ন বাতি স্ম ॥৩॥

মহানিতি। হে পরপুরঞ্জয় ! যোধয়োর্দ্রৌণ্যর্জুনয়োঃ শরক্ষেপেণ যুধ্যমানয়োঃ সতোঃ, দহ্যতাং দহ্যমানানাং বেণূনাং বংশানামিব মহান্ চটচটাশব্দ আসীৎ ॥৪॥

হয়ানিতি। হে রাজন্ ! অর্জুনঃ অস্য দ্রৌণেঃ সর্ব্বানেব হয়ান্ প্রহারাতিরেকেণ অল্পজীবিতান্ কৃতবান্। অতএব তে হয়া মোহিতাঃ সন্তঃ, কাঞ্চন কাঞ্চিদপি দিশং ন প্রজানন্তি স্ম ॥৫॥

ক্রমে অর্জ্জুন ও অশ্বত্থামা অনবরত শর বর্ষণ করিতে লাগিলেন। সুতরাং বৃত্রাসুর ও ইন্দ্রের ন্যায় তাঁহাদের দেবাসুরের সংঘর্ষের তুল্য গুরুতর সংঘর্ষ হইতে লাগিল ॥২॥

তাঁহারা বাণদ্বারা আকাশটাকে সকল দিকেই ছায়াযুক্ত করিয়া ফেলিলে, দিনের বেলায়ও সূর্য্য প্রকাশ পান নাই এবং বায়ুও বহিত হইতে পারেন নাই ॥৩॥

শত্রুনগরবিজয়ী রাজা জনমেজয় ! অর্জ্জুন ও অশ্বত্থামা বাণক্ষেপপূর্বক যুদ্ধ করিতে লাগিলে, দহ্যমান বংশের শব্দের ন্যায় সেই বাণগুলির গুরুতর 'চটচটা' শব্দ হইতে লাগিল ॥৪॥

রাজা ! ক্রমে অর্জ্জুন গুরুতর প্রহার করিয়া অশ্বত্থামার সকল অশ্বেরই অল্পমাত্র জীবন রাখিলেন। সুতরাং সে অশ্বগুলি মোহিত হইয়া কোন দিক্ই বুঝিতে পারিল না ॥৫॥

(৩)…তদা ভাতি…শরজালাবৃতে…বা ব রা ম,…শরগাধকৃতে ব্যোম্নি…ভা। (৫)…ন প্রজানন্ত…বা ব রা ম। (৬)…সূক্ষ্মমালোক্য…বা ব রা ম ভা।

দ্রোণো ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চৈব মহারথাঃ।
সাধু সাধ্বিতি ভাষন্তোঽপূজয়ন্ কর্ম্ম তস্য তৎ ॥৭॥
ততো দ্রৌণির্ধনুঃ শ্রেষ্ঠমপকৃষ্য রথর্ষভম্।
পুনরেবাহনৎ পার্থং হৃদয়ে কঙ্কপত্রিভিঃ ॥৮॥
ততঃ পার্থো মহাবাহুঃ প্রহস্য স্বনবত্তদা।
যোজয়ামাস নবয়া মৌর্ব্যা গাণ্ডীবমোজসা ॥৯॥
ততোঽর্দ্ধচন্দ্রমাবৃত্য তেন পার্থঃ সমাগমৎ।
বারণেনেব মত্তেন মত্তো বারণযূথপঃ ॥১০॥

ভারতকৌমুদী

তত ইতি। ততো মহাবীর্য্যো দ্রৌণিঃ, রণে বিচরিষ্যতঃ পার্থস্য সূক্ষ্মং বিবরং ছিদ্রম্ অনবধানতামিত্যর্থঃ, আলক্ষ্য দৃষ্ট্বা, ক্ষুরেণ ক্ষুরাখ্যশরেণ, জ্যাং গাণ্ডীবস্য গুণং চিচ্ছেদ। দেবাঃ, অস্য দ্রৌণেস্তৎ অতিমানুষং কর্ম্ম দৃষ্ট্বা অপূজয়ন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

দ্রোণ ইতি। দ্রোণো ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ অন্যে মহারথাশ্চ, সাধু সাধু ইতি ভাষন্তো ভাষমাণাঃ সন্তঃ, তস্য দ্রৌণেঃ তৎ কর্ম্ম অপূজয়ন্ প্রাশংসন্ ॥৭॥

তত ইতি। ততো দ্রৌণিঃ শ্রেষ্ঠং ধনুঃ অপকৃষ্য আকৃষ্য, কঙ্কপত্রিভিঃ কঙ্কপক্ষযুক্তৈর্বাণৈঃ, রথর্ষভং রথিশ্রেষ্ঠং পার্থং হৃদয়ে পুনরেবাহনৎ আহতবান্ ॥৮॥

তত ইতি। ততস্তদৈব মহাবাহুঃ পার্থঃ, স্বনবৎ সশব্দং প্রহস্য, ওজসা বলেন আনম্যেতি শেষঃ, নবয়া নূতনয়া মৌর্ব্যা গুণেন সহ গাণ্ডীবং যোজয়ামাস ॥৯॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৪॥ ন প্রজানন্ত অড়ভাব আর্ষঃ ন চ জ্ঞাতবন্তঃ ॥৫॥ বিবরং রন্ধ্রম্ ॥৬—৭॥ অপকৃষ্য আকৃষ্য ॥৮—৯॥ অর্দ্ধচন্দ্রম্ অর্দ্ধচন্দ্রাকারং ললাটম্ আবৃত্য প্রমৃজ্য স্বেদেন জ্যাং

তাহার পর মহাবীর অশ্বত্থামা যুদ্ধে বিচরণকারী অর্জ্জুনের সূক্ষ্ম অনবধানতা দেখিয়া ক্ষুর অস্ত্রদ্বারা তাঁহার ধনুর গুণ ছেদন করিলেন। অশ্বত্থামার সেই অলৌকিক কার্য্য দেখিয়া দেবতারা সে কার্য্যের প্রশংসা করিলেন ॥৬॥

আর দ্রোণ, ভীষ্ম, কর্ণ ও কৃপ এবং অন্যান্য মহারথেরাও 'সাধু সাধু' বলিয়া অশ্বত্থামার সেই কার্য্যের প্রশংসা করিলেন ॥৭॥

তৎপরে অশ্বত্থামা শ্রেষ্ঠ ধনু আকর্ষণ করিয়া বাণদ্বারা রথিশ্রেষ্ঠ অর্জ্জুনের হৃদয়ে পুনরায় আঘাত করিলেন ॥৮॥

তদনন্তর মহাবাহু অর্জ্জুন সশব্দে হাস্য করিয়া বলপূর্ব্বক তখনই গাণ্ডীব-ধনুতে নূতন গুণ যোজনা করিলেন ॥৯॥

(৭)···কৃপশ্চৈব মহাত্মনঃ···ভা দ্বিতীয়ার্দ্ধং ভা, নাস্তি। (৮) ততো দ্রৌণির্ধনুষ্পাণি-রাক্রম্য ভরতর্ষভ! পুনরভ্যহনৎ পার্থম্···প্র, ততো দ্রৌণির্ধনুঃশ্রেষ্ঠাবাক্রম্য তু নরর্ষভাৎ···ভা।

ততঃ প্রববৃতে যুদ্ধং পৃথিব্যামেকবীরয়োঃ।
রণমধ্যে দ্বয়োরেবং সুমহল্লোমহর্ষণম্ ॥১১॥
তৌ বীরৌ দদৃশুঃ সর্ব্বে কৌরবা বিস্ময়ান্বিতাঃ।
যুধ্যমানৌ মহাবীর্য্যৌ যূথপাবিব সঙ্গতৌ ॥১২॥
তৌ সমাজঘ্নতুর্বীরাবন্যোন্যং পুরুষর্ষভৌ।
শরৈরাশীবিষাকারৈর্জ্বলদ্ভিরিব পন্নগৈঃ ॥১৩॥
অক্ষয্যাবিষুধী দিব্যৌ পাণ্ডবস্য মহাত্মনঃ।
তেন পার্থো রণে শূরস্তস্থৌ গিরিরিবাচলঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ পার্থঃ, অর্দ্ধচন্দ্রম্ অর্দ্ধচন্দ্রাকারং যথা স্যাত্তথা আবৃত্য পরিবৃত্য, মত্তো বারণযূথপো হস্তিযূথপতিঃ, অপরেণ মত্তেন বারণেন হস্তিনেব, তেন দ্রৌণিনা সহ, সমাগমং যুদ্ধায় সম্মিলিতবান্ ॥১০॥

তত ইতি। ততঃ পৃথিব্যাম্ একবীরয়োঃ অদ্বিতীয়বীরয়োঃ, দ্বয়োঃ দ্রৌণ্যর্জ্জুনয়োঃ, রণমধ্যে সমরাঙ্গনে এবং সুমহৎ লোমহর্ষণঞ্চ যুদ্ধং প্রববৃতে ॥১১॥

তাবিতি। সর্বে কৌরবা বিস্ময়ান্বিতাঃ সন্তঃ, সঙ্গতৌ যুদ্ধায় সম্মিলিতৌ মহাবীর্য্যৌ যূথপৌ হস্তিযূথপতী ইব, যুধ্যমানৌ তৌ বীরৌ দদৃশুঃ ॥১২॥

তাবিতি। পুরুষর্ষভৌ তৌ বীরৌ, জ্বলদ্ভিঃ বিষানলেন দীপ্যমানৈঃ পন্নগৈরিব, আশীবিষাকারৈঃ সর্পাকারৈঃ শরৈঃ অন্যোন্যং সমাজঘ্নতুঃ ॥১৩॥

অক্ষয্যাবিতি। মহাত্মনঃ পাণ্ডবস্যার্জ্জুনস্য, ইষুধী তূণদ্বয়ম্, দিব্যৌ স্বর্গীয়ৌ, অতএব অক্ষয্যৌ অক্ষয়বাণকৌ। তেন হেতুনা, শূরঃ পার্থঃ, গিরিরিব, রণে অচলস্তস্থৌ ॥১৪॥

তাহার পর অর্জ্জুন অর্দ্ধচন্দ্রাকারে ফিরিয়া—মত্ত হস্তিযূথপতি যেমন অপর মত্ত হস্তীর সহিত মিলিত হয়, সেইরূপ অশ্বত্থামার সহিত মিলিত হইলেন ॥১০॥

তাহার পর পৃথিবীর মধ্যে অদ্বিতীয় বীর অর্জ্জুন ও অশ্বত্থামার সমরাঙ্গনে এইরূপ গুরুতর ও লোমহর্ষণ যুদ্ধ চলিতে লাগিল ॥১১॥

তখন কৌরবেরা সকলেই বিস্মিত হইয়া, পরস্পরসম্মিলিত মহাবল দুইটা মহাহস্তীর ন্যায় যুধ্যমান সেই অর্জ্জুন ও অশ্বত্থামাকে দেখিতে লাগিলেন ॥১২॥

পুরুষশ্রেষ্ঠ সেই বীরেরা দুই জনই বিষানলে জ্বলিত সর্পের ন্যায় সর্পাকৃতি বাণদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥১৩॥

এদিকে মহাত্মা অর্জ্জুনের স্বর্গীয় তূণ দুইটার বাণ অক্ষয় ছিল। সেই কারণে মহাবীর অর্জ্জুন যুদ্ধে পর্ব্বতের ন্যায় অচল রহিলেন ॥১৪॥

(১২)···কুরবো বিস্ময়ান্বিতাঃ···বা ব রা ম ভা।

অশ্বত্থাম্নঃ পুনর্বাণাঃ ক্ষিপ্রমভ্যস্যতো রণে।
জগ্মুঃ পরিক্ষয়ং শীঘ্রমভূত্তেনার্জুনোঽধিকঃ ॥১৫॥
ততঃ কর্ণো মহচ্চাপং বিকৃষ্যাভ্যধিকং রুষা।
অবাক্ষিপত্ততঃ শব্দো হাহাকারো মহানভূৎ ॥১৬॥
তত্র চক্ষুর্দধে পার্থো যত্র বিস্ফার্য্যতে ধনুঃ।
দদর্শ তত্র রাধেয়ং তস্য কোপো ব্যবর্দ্ধত ॥১৭॥
স রোষবশমাপন্নঃ কর্ণমেব জিঘাংসয়া।
তমৈক্ষত বিবৃত্তাভ্যাং নেত্রাভ্যাং কুরুপুঙ্গবঃ ॥১৮॥
তথা তু বিমুখে পার্থে দ্রোণপুত্রস্য সায়কান্।
ত্বরিতাঃ পুরুষা রাজন্নুপাজহ্রুঃ সহস্রশঃ ॥১৯॥

ভারতকৌমুদী

অশ্বেতি। পুনঃ কিন্তু রণে ক্ষিপ্রম্, অভ্যস্যতঃ অবিরতং বাণান্ ক্ষিপতঃ অশ্বত্থাম্নো বাণাঃ, শীঘ্রমেব পরিক্ষয়ং জগ্মুঃ। তেন হেতুনা, অর্জুনঃ অধিকঃ প্রবলোঽভূৎ ॥১৫॥

তত ইতি। ততঃ কর্ণঃ রুষা ক্রোধেন মহৎ চাপং ধনুঃ অভ্যধিকং বিকৃষ্যাকৃষ্য, অবাক্ষিপৎ অর্জুনং প্রতি শরান্ নিক্ষেপুমুদযচ্ছৎ। ততঃ মহান্ হাহাকারঃ শব্দোঽভূৎ, অর্জুনজীবনাশঙ্কয়েতি ভাবঃ ॥১৬॥

তত্রেতি। কর্ণেন যত্র ধনুর্বিস্ফার্য্যতে আকৃষ্যতে স্ম, পার্থস্তত্র চক্ষুর্দধে ধৃতবান্। তত্র চ পার্থো রাধেয়মাকৃষ্টশরাশনং দদর্শ। অতএব তস্য কোপো ব্যবর্দ্ধত ॥১৭॥

স ইতি। স কুরুপুঙ্গবঃ পার্থো রোষবশমাপন্নঃ সন্, জিঘাংসয়া হননেচ্ছয়া, বিবৃত্তাভ্যাং পরিবৃত্তাভ্যাং নেত্রাভ্যাম্, তং কর্ণমেব ঐক্ষত অপশ্যৎ ॥১৮॥

কিন্তু অশ্বত্থামা যুদ্ধে সত্বর সত্বর অনবরত বাণ ক্ষেপ করিতেছিলেন বলিয়া তাঁহার বাণ নিঃশেষ হইয়া গেল। তাহাতেই অর্জ্জুন প্রবল হইয়া পড়িলেন ॥১৫॥

তাহার পর কর্ণ ক্রুদ্ধ হইয়া বিশাল ধনু পূর্ণ আকর্ষণ করিয়া বাণক্ষেপ করিবার উদ্‌যোগ করিলেন। তাহাতে গুরুতর হাহাকার রব উঠিল ॥১৬॥

কর্ণ যেখানে থাকিয়া ধনু আকর্ষণ করিতেছিলেন, অর্জ্জুন যদৃচ্ছাক্রমে সেই দিকে দৃষ্টিপাত করিলেন। তখন তিনি কর্ণকে ধনু আকর্ষণ করিতে দেখিলেন। সুতরাং তাঁহার ক্রোধ বৃদ্ধি পাইল ॥১৭॥

কৌরবশ্রেষ্ঠ অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া বধ করিবার ইচ্ছায় পরিবৃত্ত নয়নযুগলদ্বারা সেই কর্ণকেই দেখিতে লাগিলেন ॥১৮॥

(১৫)…পরিক্ষয়ং তূর্ণম্…বা ব রা ম ভা। (১৬)…মহাচাপম্…অভ্যধিকং তথা…বা ব রা ম। (১৮)…সংপ্রেক্ষিত…কুরুনন্দনঃ—প্র,…সমৈক্ষত বিবর্ত্তাভ্যাম্…ভা।

উৎসৃজ্য চ মহাবাহুর্দ্রোণপুত্রং ধনঞ্জয়ঃ।
অভিদুদ্রাব সহসা কর্ণমেব সপত্নজিৎ ॥২০॥
তমভিদ্রুত্য কৌন্তেয়ঃ ক্রোধসংরক্তলোচনঃ।
কাময়ন্ দ্বৈরথেনৈনমিদং বচনমব্রবীৎ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্বণি গোহরণে উত্তরগোগ্রহে অশ্বত্থামভঙ্গো নাম চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

তথেতি। হে রাজন্! পার্থে তথা বিমুখে সতি তু, পুরুষা দুর্য্যোধনলোকাস্ত্বরিতাঃ সন্তঃ, দ্রোণপুত্রস্যান্তিকে সহস্রশঃ সায়কান্ উপাজহ্রুর্দুঃ ॥১৯॥

উৎসৃজ্যেতি। মহাবাহুঃ সপত্নজিৎ শত্রুবিজয়ী ধনঞ্জয়শ্চ, দ্রোণপুত্রমুৎসৃজ্য, সহসা কর্ণমেব অভিদুদ্রাব, তস্য চিরবদ্ধবৈরত্বাদিত্যাশয়ঃ ॥২০॥

তমিতি। ক্রোধসংরক্তলোচনঃ কৌন্তেয়ঃ, তং কর্ণমভিদ্রুত্য, দ্বৈরথেন যুদ্ধেন দ্বৈরথযুদ্ধার্থ ইত্যর্থঃ এনং কর্ণং কাময়ন্, ইদং বচনমব্রবীৎ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বিরাটপর্ব্বণি গোহরণে চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

———০———

ভারতভাবদীপঃ

প্রমুজ্যেত্যর্থঃ। তেন অশ্বত্থাম্না ॥১০—১৬॥ চক্ষুর্দ্দধে ধৃতবান্ ॥১৭—২০॥ কাময়ন্ কাময়মানঃ ॥২১॥

ইতি বিরাটপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৪॥

———:০:———

রাজা! অর্জ্জুন সেই কারণে বিমুখ হইলে, সেই অবসরে দুর্য্যোধনের লোকেরা সত্বর অশ্বত্থামার নিকটে সহস্র সহস্র বাণ নিয়া দিয়া আসিল ॥১৯॥

এদিকে মহাবাহু ও শত্রুবিজয়ী অর্জ্জুন অশ্বত্থামাকে পরিত্যাগ করিয়া তৎক্ষণাৎ কর্ণের দিকেই ধাবিত হইলেন ॥২০॥

অর্জ্জুন ক্রোধে আরক্তনয়ন হইয়া কর্ণের নিকট যাইয়া তাঁহার সহিত দ্বৈরথ যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া এই কথা বলিলেন ॥২১॥

———:*:———

* '...অষ্টপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ' প্র, '...একোনষষ্টিতমোঽধ্যায়ঃ' বা ব রা ম।

CENTRAL LIBRARY

পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

অর্জ্জুন উবাচ।

কর্ণ! যত্তে সভামধ্যে বহু বাচা বিকত্থিতম্।
ন মে যুধি সমোঽস্তীতি তদিদং সমুপস্থিতম্ ॥১॥
সোঽদ্য কর্ণ! ময়া সার্দ্ধং ব্যবহৃত্য মহামৃধে।
জ্ঞাস্যস্যবলমাত্মানং ন চান্যানবমন্যসে ॥২॥
অবোচঃ পরুষা বাচো ধর্ম্মমুৎসৃজ্য কেবলম্।
ইদং তু দুষ্করং মন্যে যদিদং তে চিকীর্ষিতম্ ॥৩॥

ভারতকৌমুদী

কর্ণেতি। হে কর্ণ! তে ত্বয়া, দ্যূতক্রীড়ায়াঃ সভামধ্যে 'যুধি মে সমঃ সমানো নাস্তি' ইতি ঈদৃশ্যা বাচা যৎ বহু বিকত্থিতম্, ইদং তৎ পরীক্ষাস্থানমুপস্থিতম্ ॥১॥

স ইতি। হে কর্ণ! স ত্বমদ্য মহামৃধে মহাযুদ্ধে ময়া সার্দ্ধং ব্যবহৃত্য অস্ত্রব্যবহারং কৃত্বা আত্মানম্ অবলং দুর্বলং জ্ঞাস্যসি; তদা চান্যান্ ন অবমন্যসে নাবজ্ঞাস্যসি ॥২॥

অবোচ ইতি। তদানীং সভামধ্যে ধর্ম্মমুৎসৃজ্য কেবলং পরুষা নিষ্ঠুরা বাচ এব অবোচঃ। ইদানীন্তু তে ত্বয়া ময়া সহ যুদ্ধরূপমিদং যৎ কার্য্যম্, চিকীর্ষিতং কর্ত্তুমিষ্টম্, তদিদং তব দুষ্করমেব মন্যে, তবাল্পবলত্বাবধারণাদিতি ভাবঃ ॥৩॥

অর্জ্জুন বলিলেন—'কর্ণ! তুমি সেই সভার মধ্যে 'যুদ্ধে আমার সমান অন্য কেহ নাই' এইরূপ বাক্যদ্বারা যে বহুতর গর্ব্ব প্রকাশ করিয়াছিলে, এই তাহার পরীক্ষার স্থান উপস্থিত হইয়াছে ॥১॥

কর্ণ! সেই তুমি আজ এই মহাযুদ্ধে আমার সহিত অস্ত্রব্যবহার করিয়া নিজেকে দুর্ব্বল বলিয়া জানিতে পারিবে এবং তাহা হইলে আর অন্যের প্রতি অবজ্ঞা করিবে না ॥২॥

তখন তুমি ধর্ম্ম পরিত্যাগ করিয়া কেবল নিষ্ঠুর বাক্যই বলিয়াছিলে। কিন্তু এখন তুমি যাহা করিবার ইচ্ছা করিয়াছ, তাহা তোমার পক্ষে দুষ্কর বলিয়াই আমি মনে করি ॥৩॥

(১)…তদিদং পর্য্যুপস্থিতম্—ভা। (২)…জ্ঞাস্যসেঽবলমাত্মানং ন চৈবমবমন্যসে—প্র, …কথসেঽবলমাত্মানং ন চান্যান্ বহু মন্যসে—বা,…জ্ঞাস্যস্যবলমাত্মানং ন চান্যানবমংস্যসে—ভা।

যত্ত্বয়া কথিতং পূর্ব্বং মামনাসাদ্য কিঞ্চন।
তদদ্য কুরু রাধেয়! কুরুমধ্যে ময়া সহ ॥৪॥
যৎ সভায়াঞ্চ পাঞ্চালীং ক্লিশ্যমানাং দুরাত্মভিঃ।
দৃষ্টবানসি তস্যাদ্য ফলমাপ্নুহি কেবলম্ ॥৫॥
ধর্ম্মপাশনিবদ্ধেন যন্ময়া মর্ষিতং পুরা।
তস্য রাধেয়! কোপস্য বিজয়ং পশ্য মে মৃধে ॥৬॥
বনে দ্বাদশ বর্ষাণি যানি সোঢ়ানি দুর্ম্মতে!।
তস্যাদ্য প্রতিকোপস্য ফলং প্রাপ্নুহি সংপ্রতি ॥৭॥
এহি কর্ণ! ময়া সার্দ্ধং প্রতিযুধ্যস্ব সঙ্গরে।
প্রেক্ষকাঃ কুরবঃ সর্ব্বে ভবন্তু সহসৈনিকাঃ ॥৮॥

ভারতকৌমুদী

যদিতি। হে রাধেয়! ত্বয়া পূর্বং মাম্ অনাসাদ্য যুদ্ধে অপ্রাপ্য, যৎ কিঞ্চন কথিতম্; অদ্য কুরুমধ্যে কৌরবসমূহমধ্যে ময়া সহ তৎ কুরু ॥৪॥

যদিতি। কিঞ্চ তদানীং সভায়াং দুরাত্মভির্দুঃশাসনাদিভিঃ ক্লিশ্যমানাং পাঞ্চালীং যৎ সানন্দং দৃষ্টবানসি, অদ্য তস্য কেবলং মুখ্যং ফলমাপ্নুহি ॥৫॥

ধর্ম্মেতি। হে রাধেয়! ধর্ম্মপাশনিবদ্ধেন ময়া পুরা পাঞ্চালীপরিভবসময়ে যৎ মর্ষিতং সোঢ়ম্, মৃধে অস্মিন্ রণে, তস্য মে কোপস্য বিজয়মুৎকর্ষং পশ্য ॥৬॥

বন ইতি। হে দুর্ম্মতে! দ্বাদশ বর্ষাণি যাবৎ বনে যানি দুঃখানি সোঢ়ানি, অদ্য সম্প্রতি ইদানীমেব, তস্য তন্নিবন্ধনস্য প্রতিকোপস্য ফলং প্রাপ্নুহি ॥৭॥

এহীতি। হে কর্ণ! এহি, সঙ্গরে অস্মিন্ সমরে, ময়া সার্দ্ধং প্রতিযুধ্যস্ব। সৈনিকৈঃ সহেতি সহসৈনিকাঃ সর্বে কুরবস্তু প্রেক্ষকা দর্শকাঃ ভবন্তু ॥৮॥

রাধানন্দন! তুমি পূর্ব্বে আমাকে না পাইয়া যে কিছু বলিয়াছিলে, আজ কৌরবগণমধ্যে আমার সহিত তাহা কার্য্যে পরিণত কর ॥৪॥

আর সেই সভামধ্যে দুরাত্মারা দ্রৌপদীকে কষ্ট দিতেছিল, তুমি যে তাহা আনন্দের সহিত দেখিয়াছিলে, আজ তাহার প্রধান ফল লাভ কর ॥৫॥

রাধানন্দন! আমি ধর্ম্মপাশে বদ্ধ থাকিয়া পূর্ব্বে যাহা সহ্য করিয়াছিলাম, এই যুদ্ধে আমার সেই ক্রোধের উৎকর্ষ দেখ ॥৬॥

দুর্ম্মতি! বার বৎসর যাবৎ বনে যে দুঃখ সহ্য করিয়াছি, আজ এখনই সেই ক্রোধের ফল ভোগ কর ॥৭॥

(৪)…মামনাদৃত্য সূতজ!…ভা। (৬)…বিমোক্ষং পশ্য মে মৃধে—ভা। (৭) অয়ং শ্লোকঃ ভা নাস্তি। (৮)…প্রতিপদ্যস্ব সঙ্গরম্…তব সৈনিকাঃ—প্র।

কর্ণ উবাচ।

ব্রবীষি বাচা যৎ পার্থ! কর্ম্মণা তৎ সমাচর।
অতিশেতে হি তে বাক্যং কর্ম্মৈতৎ প্রথিতং ভুবি ॥৯॥
যত্ত্বয়া মর্ষিতং পূর্ব্বং তদশক্তেন মর্ষিতম্।
ইতি গৃহ্লামি তে পার্থ! তব দৃষ্ট্বা পরাক্রমম্ ॥১০॥
ধর্ম্মপাশনিবদ্ধেন যত্ত্বয়া মর্ষিতং পুরা।
তথৈব বদ্ধমাত্মানমবদ্ধমিব মন্যসে ॥১১॥
যদি তাবদ্বনে বাসো যথোক্তশ্চরিতস্ত্বয়া।
তত্ত্বং ধর্ম্মার্থবিৎ কৃৎস্নং সময়ং ভেত্তু মিচ্ছসি ॥১২॥

ভারতকৌমুদী

ব্রবীষীতি। হে পার্থ! ত্বং বাচা যৎ ব্রবীষি, তৎ কর্ম্মণা সমাচর। তে তব বাক্যং কর্ত্তৃ, কর্ম্ম অতিশেতে অতিক্রামতি। এতদ্ধি ভুবি প্রথিতম্ ॥৯॥

যদিতি। হে পার্থ! ত্বয়া পূর্ব্বং যৎ মর্ষিতং সোঢ়ম্, তৎ অশক্তেনৈব মর্ষিতম্। ইতি তব পরাক্রমং দৃষ্ট্বা তে ত্বৎসম্বন্ধে গৃহ্লামি অবধারয়ামি ॥১০॥

ধর্ম্মেতি। হে অর্জ্জুন! ধর্ম্মপাশনিবদ্ধেন ত্বয়া পুরা, যৎ যথা মর্ষিতং সোঢ়ম্, ইদানীমপি তথৈব ধর্ম্মপাশেন বদ্ধম্, অজ্ঞাতবাসকালানপগমাদিতিভাবঃ, আত্মানম্, অবদ্ধমিব মন্যসে, ঔদ্ধত্যাৎ সম্ভাবয়সি। তস্য চাধর্ম্মত্বাদিদানীমপি মর্ষণমেবোচিতমিত্যাশয়ঃ ॥১১॥

যদীতি। ত্বয়া যদি তাবৎ যথোক্ত এব বনে বাসশ্চরিতঃ, তত্তদা ত্বং ধর্ম্মার্থবিৎ সন্,

কর্ণ! আইস, এই যুদ্ধে আমার সহিত প্রতিপক্ষভাবে যুদ্ধ কর; আর কৌরবেরা সকলে সৈন্যগণের সহিত দর্শক হউন' ॥৮॥

কর্ণ কহিলেন—'অর্জ্জুন! তুমি মুখে যাহা বলিতেছ, কার্য্যে তাহা কর। তোমার বাক্য কার্য্যকে অতিক্রম করে (অর্থাৎ কার্য্য অপেক্ষা তোমার বাগাড়ম্বরই বেশী); ইহা জগতেই প্রসিদ্ধ আছে ॥৯॥

অর্জ্জুন! তুমি পূর্ব্বে যাহা সহ্য করিয়াছিলে, তাহা না পারিয়াই করিয়াছিলে; ইহা তোমার পরাক্রম দেখিয়া স্থির করিয়াছি ॥১০॥

অর্জ্জুন! তুমি পূর্ব্বেও যেমন ধর্ম্মপাশে বদ্ধ থাকিয়া সহ্য করিয়াছিলে, এখনও তেমনই ধর্ম্মপাশে বদ্ধ রহিয়াছ; তথাপি ঔদ্ধত্যবশতই আপনাকে অবদ্ধ বলিয়া মনে করিতেছ! ॥১১॥

(৯)…কর্ম্মণৈতৎ…কর্ম্মভিঃ প্রথিতং ভুবি—প্র,…কর্ম্মেতি প্রথিতং ভুবি—ভা। (১০) …ইতি গর্হামি তে পার্থ!…প্র…ইতো গৃহ্লীমহে পার্থ…বা ব রা ম। (১১)…যদি তে মর্ষিতম্…প্র,…অবদ্ধমিতি মন্যসে—ভা। (১২)…তত্ত্বং ধর্ম্মার্থবিক্লিষ্টঃ স ময়া যোদ্ধুমিচ্ছসি —বা ব রা ম,…ভেত্তুমর্হসি—ভা।

যদি শক্রঃ স্বয়ং পার্থ ! যুধ্যতে তব কারণাৎ ।
তথাপি ন ব্যথা কাচিন্মম স্যাদ্বিক্রমিষ্যতঃ ॥১৩॥
অয়ং কৌন্তেয় ! কামস্তে নচিরাৎ সমুপস্থিতঃ ।
যোৎস্যসে ত্বং ময়া সার্দ্ধমদ্য দ্রক্ষ্যসি মে বলম্ ॥১৪॥

অর্জ্জুন উবাচ ।

ইদানীমেব তাবত্ত্বং ব্যপযাতো রণান্মম ।
তেন জীবসি রাধেয় ! নিহতস্ত্বনুজস্তব ॥১৫॥
ভ্রাতরং ঘাতয়িত্বা কস্ত্যক্ত্বা রণশিরশ্চ কঃ ।
ত্বদন্যঃ পুরুষঃ সৎসু ব্রূয়াদেবং ব্যবস্থিতঃ ॥১৬॥

ভারতকৌমুদী

কৃৎস্নং সময়ম্ অজ্ঞাতবাসকালং ভেত্তুমতিক্রমিতুমিচ্ছসীতি কাকুঃ । তচ্চাধর্ম্মমিতি ভাবঃ । এতচ্চ দুর্য্যোধনবদেব সাবনগণনয়োক্তম্ । তন্নিরাসস্তু প্রাগেব দর্শিতঃ ॥১২॥

অথ যুষ্মাকং শাসনার্থমেবায়মজ্ঞাতবাসনিয়মাতিক্রম ইত্যাহ যদীতি । হে পার্থ ! যদি স্বয়ং শক্র ইন্দ্রোঽপি তব কারণাদ্যুধ্যতে, তথাপি বিক্রমিষ্যতো মম, কাচিদপি ব্যথা উদ্বেগো ন স্যাৎ, আত্মনস্ততোঽপি প্রবলত্বাদিতি ভাবঃ ॥১৩॥

অয়মিতি । হে কৌন্তেয় ! অয়ং তে কামঃ ময়া সহ যুদ্ধাভিলাষঃ তৎসময় ইত্যর্থঃ, নচিরাৎ শীঘ্রমেব ইদানীমেব সমুপস্থিতঃ । ত্বং ময়া সার্দ্ধমদ্য যোৎস্যসে, মে বলঞ্চ দ্রক্ষ্যসি ॥১৪॥

ইদানীমিতি । হে রাধেয় ! ত্বং তাবদিদানীমেব মম রণাৎ ব্যপযাতঃ পলায়িতঃ ; তেনৈব ত্বং জীবসি । কিন্তু তব অনুজঃ সংগ্রামজিৎ ময়া নিহতঃ ॥১৫॥

তুমি যদি যথোক্ত নিয়মে বনবাস করিয়া থাক, তবে তুমি ধর্ম্মজ্ঞ হইয়া সমস্ত অজ্ঞাতবাসের সময়টার ব্যতিক্রম করিবার ইচ্ছা করিলে ! ॥১২॥

সে যাহা হউক ; অর্জ্জুন ! স্বয়ং ইন্দ্রও যদি তোমার জন্য যুদ্ধ করেন, তথাপি আমার কোন উদ্বেগ নাই । কেন না, আমি আজ বিক্রম প্রকাশ করিব ॥১৩॥

কুন্তীনন্দন ! তোমার সেই অভিলাষ এখন উপস্থিত হইয়াছে ; তুমি আজ আমার সহিত যুদ্ধ করিতে পারিবে এবং আমার বল দেখিতে পাইবে ॥১৪॥

অর্জ্জুন বলিলেন—'রাধানন্দন ! তুমি এই মাত্র আমার যুদ্ধ হইতে পলাইয়া গেলে এবং তাহাতেই বাঁচিয়া আছ ; কিন্তু তোমার কনিষ্ঠ ভ্রাতা সংগ্রামজিৎ আমার হাতে নিহত হইয়াছে ॥১৫॥

---

(১৬)…ঘাতয়িত্বা চ…ভা ।

বৈশম্পায়ন উবাচ।

ইতি কর্ণং বদন্নেব বীভৎসুরপরাজিতঃ।
অভ্যয়াদ্বিসৃজন্ বাণান্ কায়াবরণভেদিনঃ ॥১৭॥
প্রতিজগ্রাহ তং কর্ণঃ প্রীয়মাণো মহারথঃ।
মহতা শরবর্ষেণ বর্ষমাণমিবাম্বুদম্ ॥১৮॥
উৎপেতুঃ শরজালানি ঘোররূপাণি সর্বশঃ।
অবিধ্যদশ্বান্ বাহ্বোশ্চ হস্তাবাপং পৃথক্ পৃথক্ ॥১৯॥
সোঽমৃষ্যমাণঃ কর্ণস্য নিষঙ্গস্যাবলম্বনম্।
চিচ্ছেদ নিশিতাগ্রেণ শরেণানতপর্বণা ॥২০॥

ভারতকৌমুদী

ভ্রাতরমিতি। ত্বদন্যঃ কঃ পুরুষো ভ্রাতরং ঘাতয়িত্বা, রণশিরঃ সমরাগ্রদেশঞ্চ ত্যক্ত্বা, সৎসু জনেষু মধ্যে ব্যবস্থিতঃ সন্, এবং সগর্ব্বং ব্রূয়াৎ ॥১৬॥

ইতীতি। অপরাজিতো বীভৎসুরর্জুনঃ, ইতি বদন্নেব, কায়াবরণভেদিনঃ কবচবিদারকান্ বাণান্, বিসৃজন্ নিক্ষিপন্, কর্ণম্, অভ্যয়াৎ অভ্যগচ্ছৎ ॥১৭॥

প্রতীতি। মহারথঃ কর্ণোঽপি প্রীয়মাণঃ সন্নেব, মহতা শরবর্ষেণ, বর্ষমাণং জলং বর্ষন্তম্, অম্বুদং মেঘমিব, তমর্জুনং প্রতিজগ্রাহ ॥১৮॥

উদিতি। তদা ঘোররূপাণি শরজালানি, সর্ব্বশঃ সর্ব্বাসু দিক্ষু, উৎপেতুঃ। অশ্বান্, বাহ্বোঃ হস্তাবাপং চর্ম্মাবরণঞ্চ পৃথক্ পৃথক্ অবিধ্যৎ অর্জুনঃ কর্ণশ্চ ॥১৯॥

স ইতি। সঃ অর্জুনঃ, কর্ণস্য, নিষঙ্গস্য বৃহত্তূণীরস্য, অবলম্বনং পৃষ্ঠে ধারণম্, অমৃষ্যমাণঃ অসহমানঃ সন্, নিশিতাগ্রেণ আনতপর্ব্বণা চ শরেণ তৎ চিচ্ছেদ ॥২০॥

কর্ণ! তুমি ভিন্ন কোন্ পুরুষ ভ্রাতাকে বধ করাইয়া এবং সমরাঙ্গনের সম্মুখভাগ পরিত্যাগ করিয়া যাইয়া সজ্জনের মধ্যে থাকিয়া এইরূপ বলিতে পারে? ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—অপরাজিত অর্জুন এই কথা বলিতে বলিতেই বর্ম্মবিদারক বাণসমূহ নিক্ষেপ করিতে করিতে কর্ণের প্রতি ধাবিত হইলেন ॥১৭॥

তখন মহারথ কর্ণও সন্তুষ্টচিত্তে বিশাল শরবর্ষণ করিয়া, জলবর্ষণকারী মেঘের ন্যায় অর্জুনকে গ্রহণ করিলেন ॥১৮॥

এই সময়ে সকল দিকেই ভয়ঙ্কর শরজাল উত্থিত হইল এবং উভয়েই উভয়ের অশ্ব ও বাহুযুগলের চর্ম্মাবরণ পৃথক্ পৃথক্ বিদ্ধ করিলেন ॥১৯॥

(১৭)…ব্রুবন্নেব…বা ব রা ম ভা। (১৮)…প্রীয়মাণো ধনঞ্জয়ম্—ভা। (১৯)…আবিধ্যদশ্বান্…প্র। (২০)…শরেণ নতপর্ব্বণা…বা ব রা ম।

উপাসঙ্গাদুপাদায় কর্ণো বাণমথাপরম্ ।
বিব্যাধ পাণ্ডবং হস্তে তস্য মুষ্টিরশীর্য্যত ॥২১॥
ততঃ পার্থো মহাবাহুঃ কর্ণস্য ধনুরচ্ছিনৎ ।
স শক্তিং প্রাহিণোত্তস্মৈ তাং পার্থো ব্যধমচ্ছরৈঃ ॥২২॥
ততো নিপেতুর্বহবো রাধেয়স্য পদানুগাঃ ।
তাংশ্চ গাণ্ডীবনির্ম্মুক্তৈঃ প্রাহিণোদ্‌যমসাদনম্ ॥২৩॥

ভারতকৌমুদী

উপেতি। অথ কর্ণঃ, উপাসঙ্গাৎ ক্ষুদ্রতূণীরাৎ অপরং বাণমুপাদায়, হস্তে পাণ্ডবমর্জ্জুনং বিব্যাধ। তেন চ তস্যার্জ্জুনস্য মুষ্টিঃ, অশীর্য্যত শ্লথোঽভবৎ ॥২১॥

তত ইতি। ততো মহাবাহুঃ পার্থঃ কর্ণস্য ধনুরচ্ছিনৎ। স কর্ণোঽপি তস্মৈ পার্থায় শক্তিং প্রাহিণোৎ ন্যক্ষিপৎ। পার্থশ্চ তাং শক্তিং শরৈঃ, ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥২২॥

তত ইতি। ততো রাধেয়স্য বহবঃ পদানুগা অনুচরাঃ, নিপেতুঃ আজগ্মুঃ। তাংশ্চ গাণ্ডীবনির্ম্মুক্তৈঃ শরৈঃ পার্থো যমসাদনং প্রাহিণোৎ প্রৈরয়ৎ ॥২৩॥

ভারতভাবদীপঃ

কর্ণেতি। তে ত্বয়া ॥১—৮॥ তে তব বাক্যং কর্ত্তৃ কর্ম্ম অতিশেতে অল্পং কর্ম্ম বাক্যন্তু বহুলমিত্যর্থঃ ॥৯॥ ইতঃপরং তব পরাক্রমং গৃহ্লীমহে অঙ্গীকুর্ম্মহে ॥১০—১৯॥ অবলম্বনং সূত্রং চিচ্ছেদ ॥২০॥ ততো নিষঙ্গে মহাতূণীরে পতিতে সতি উপাসঙ্গাৎ ক্ষুদ্রতূণীরাৎ স্বদেহবাহ্যাৎ ॥২১—২৭॥

ইতি বিরাটপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥৫৫॥

কিন্তু অর্জুন কর্ণের বৃহৎ তূণীর ধারণ সহ্য করিতে না পারিয়া নিশিতাগ্রও আনতপর্ব একটী বাণদ্বারা তাহা ছেদন করিলেন ॥২০॥

তাহার পর কর্ণ ক্ষুদ্র তূণীর হইতে আর একটী বাণ লইয়া তাহাদ্বারা অর্জুনের হস্ত বিদ্ধ করিলেন; তাহাতে অর্জুনের মুষ্টি শিথিল হইয়া পড়িল ॥২১॥

তদনন্তর মহাবাহু অর্জুন কর্ণের ধনু ছেদন করিলেন; কর্ণও অর্জুনের প্রতি একটা শক্তি নিক্ষেপ করিলেন; তখন অর্জুন বাণদ্বারা সে শক্তিটাকে বিনষ্ট করিলেন ॥২২॥

পরে কর্ণের বহুতর অনুচর উপস্থিত হইল; তখন অর্জুন গাণ্ডীবনিক্ষিপ্ত বাণদ্বারা সে অনুচরগুলিকে যমালয়ে প্রেরণ করিলেন ॥২৩॥

(২১)···বাণানথাপরান্···বা ব রা ম ভা। (২২)···ধনুরাচ্ছিনৎ···ভা। (২৩) ততোঽনুপেতুঃ···ম,···তান্ গাণ্ডীববিনির্ম্মুক্তৈঃ···প্র।

ততোঽস্যাশ্বান্ দৃঢ়ৈস্তীক্ষ্ণৈর্বীভৎসুর্ভারসাধনৈঃ।
আকর্ণমুক্তৈরবধীত্তে হয়াঃ প্রাপতন্ ভুবি ॥২৪॥
অথাপরেণ বাণেন জ্বলিতেন মহৌজসা।
বিব্যাধ কর্ণং কৌন্তেয়স্তীক্ষ্ণেনোরসি বীর্য্যবান্ ॥২৫॥
তস্য ভিত্ত্বা তনুত্রাণং কায়মভ্যগমচ্ছরঃ।
ততঃ স তমসাবিষ্টো ন স্ম কিঞ্চিৎ প্রজজ্ঞিবান্ ॥২৬॥
স গাঢ়বেদনো হিত্বা রণং প্রায়াদুদঙ্মুখঃ।
ততোঽর্জ্জুন উদক্রোশদুত্তরশ্চ মহারথঃ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্ব্বণি গোহরণে উত্তরগোগ্রহে কর্ণভঙ্গো নাম পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। ততো বীভৎসুরর্জুনঃ, দৃঢ়ৈস্তীক্ষ্ণৈঃ ভারসাধনৈর্দুষ্করকার্য্যসাধকৈঃ, আকর্ণমুক্তৈঃ আকর্ণাকৃষ্টধনুষা ক্ষিপ্তৈঃ শরৈঃ, অস্য কর্ণস্য অশ্বান্ অবধীৎ। পরঞ্চ তে হয়া অশ্বা ভুবি প্রাপতন্ ॥২৪॥

অথেতি। অথ বীর্য্যবান্ কৌন্তেয়ঃ, মহৌজসা জ্বলিতেন তীক্ষ্ণেন অপরেণ বাণেন, উরসি বক্ষসি কর্ণং বিব্যাধ ॥২৫॥

তস্যেতি। স শরশ্চ তস্য কর্ণস্য তনুত্রাণং বর্ম্ম ভিত্ত্বা, কায়ম্ অভ্যগমৎ প্রাবিশৎ। ততঃ স কর্ণঃ তমসা মোহেনাবিষ্টঃ সন্, কিঞ্চিদপি ন প্রজজ্ঞিবান্ বুবুধে ॥২৬॥

স ইতি। গাঢ়বেদনঃ স কর্ণঃ রণং হিত্বা উদঙ্মুখঃ সন্ প্রায়াৎ পলায়ত। ততো মহারথঃ অর্জ্জুন উত্তরশ্চ, উদক্রোশৎ 'কর্ণ! এহি এহি' ইত্যুচ্চৈরাহূতবান্ ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বিরাটপর্ব্বণি গোহরণে পঞ্চপঞ্চাশত্তমোঽধ্যায়ঃ ॥০॥

তাহার পর অর্জুন দৃঢ়, তীক্ষ্ণ, দুষ্করকার্য্যসাধক ও আকর্ণাকৃষ্ট-কার্ম্মুক-মুক্ত বাণসমূহদ্বারা কর্ণের অশ্বগুলিকে বিদ্ধ করিলেন; তখন সে অশ্বগুলি ভূতলে পতিত হইল ॥২৪॥

তদনন্তর বলবান্ অর্জ্জুন—তেজস্বী, উজ্জ্বল ও তীক্ষ্ণ অন্য একটা বাণদ্বারা কর্ণকে বক্ষঃস্থলে বিদ্ধ করিলেন ॥২৫॥

তখন সেই বাণটা কর্ণের বর্ম্ম ভেদ করিয়া দেহে প্রবেশ করিল; পরে কর্ণ মোহাবিষ্ট হইয়া কিছুই বুঝিতে পারিলেন না ॥২৬॥

এবং অত্যন্ত বেদনা হওয়ায় কর্ণ যুদ্ধস্থান পরিত্যাগ করিয়া উত্তরমুখ হইয়া

(২৭) স গাঢ়বেদনাবিদ্ধো রণাৎ প্রায়াৎ…ভা। * '…উনষষ্টিতমোঽধ্যায়' প্র, 'ষষ্টিতমোঽধ্যায়ঃ' বা ব রা ম।

ষট্‌পঞ্চাশত্তমোঽধ্যায়ঃ।

——ঃঃ——

বৈশম্পায়ন উবাচ।

ততো বৈকর্ত্তনং জিত্বা পার্থো বৈরাটিমব্রবীৎ।
এতস্মাং প্রাপয়ানীকং যত্র তালো হিরণ্ময়ঃ ॥১॥
যত্র শান্তনবো ভীষ্মো রথেঽস্মাকং পিতামহঃ।
কাঙ্ক্ষমাণো ময়া যুদ্ধং তিষ্ঠত্যমরদর্শনঃ ॥২॥
অথ সৈন্যং মহদ্‌দৃষ্ট্বা রথনাগহয়াকুলম্।
অব্রবীদুত্তরঃ পার্থং প্রতিবিদ্ধঃ শরৈর্ভৃশম্ ॥৩॥
নাহং শক্যামি বীরেহ নিয়ন্তুং তে হয়োত্তমান্।
বিষীদন্তি মম প্রাণা মনো বিহ্বলতীব মে ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ পার্থো বৈকর্ত্তনং কর্ণং জিত্বা, বৈরাটিমুত্তরমব্রবীৎ। যত্র অনীকে, হিরণ্ময়ঃ স্বর্ণময়ঃ, তালো ধ্বজো বর্ত্ততে, এতদনীকং সৈন্যং মাং প্রাপয় ॥১॥

যত্রেতি। যত্র চানীকে, অমরস্যেব দেবস্যেব দর্শনং যস্য সঃ, অস্মাকং পিতামহঃ শান্তনবঃ শান্তনুপুত্রো ভীষ্মঃ, ময়া সহ যুদ্ধং কাঙ্ক্ষমাণো রথে তিষ্ঠতি ॥২॥

অথেতি। অথ শরৈর্ভৃশং প্রতিবিদ্ধ উত্তরঃ, রথৈঃ নাগৈর্হস্তিভিঃ হয়ৈরশ্বৈশ্চ আকুলং ব্যাপ্তম্, মহৎ সৈন্যং দৃষ্ট্বা পার্থমব্রবীৎ ॥৩॥

পলায়ন করিলেন। তখন মহারথ অর্জ্জুন ও উত্তর তাঁহাকে উচ্চস্বরে ডাকিতে লাগিলেন ॥২৭॥

——ঃঃ——

বৈশম্পায়ন কহিলেন—তাহার পর অর্জ্জুন কর্ণকে জয় করিয়া উত্তরকে বলিলেন—'উত্তর! যে সৈন্যের মধ্যে স্বর্ণময় ধ্বজ রহিয়াছে, এই সৈন্যের নিকটে আমাকে লইয়া চল ॥১॥

এবং যে সৈন্যের মধ্যে আমাদের পিতামহ, দেবদর্শন ও শান্তনুনন্দন ভীষ্ম আমার সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া রথে অবস্থান করিতেছেন' ॥২॥

তদনন্তর অত্যন্তবাণবিদ্ধ উত্তর রথ, হস্তী ও অশ্বে পরিপূর্ণ বিশাল সৈন্য দর্শন করিয়া অর্জ্জুনকে বলিলেন—॥৩॥

'বীর! আমি এখন আপনার এই উত্তম অশ্বগুলিকে সংযত করিতে সমর্থ

(২)···ময়া সার্দ্ধম্···ভা। (৩)···হয়নাগরথাকুলম্··প্র। (৪)··কৌন্তেয়! নিয়ন্তুম্···ভা।

অস্ত্রাণামিহ দিব্যানাং প্রভাবাৎ সম্প্রযুজ্যতাম্।
ত্বয়া চ কুরুভিশ্চৈব ভ্রমন্তীব দিশো দশ ॥৫॥
গন্ধেন মূর্চ্ছিতশ্চাস্মি বসারুধিরমেদসাম্।
দ্বৈধীভূতং মনো মহ্যং ত্রাসশ্চৈব প্রপশ্যতঃ ॥৬॥
অদৃষ্টপূর্বঃ শূরাণাং মহাসংখ্যে সমাগমঃ।
যোধাহ্বানেন মহতা শঙ্খানাং নিনদেন চ ॥৭॥
সিংহনাদৈশ্চ শূরাণাং গজানাং বৃংহিতৈস্তথা।
গাণ্ডীবশব্দেন ভৃশমশনিপ্রতিমেন চ ॥৮॥

ভারতকৌমুদী

নেতি। হে বীর! অহমিহ, তে হয়োত্তমান্ অশ্বশ্রেষ্ঠান্, নিয়ন্তুং সংযন্তুম্, ন শক্যামি। যেন হি মম প্রাণা বিষীদন্তি, মে মনশ্চ বিহ্বলতীব ॥৪॥

অস্ত্রাণামিতি। ত্বয়া চ কুরুভিশ্চৈব, সম্প্রযুজ্যতাং সম্প্রযুজ্যমানানাং নিক্ষিপ্যমাণানামিতি যাবৎ দিব্যানামস্ত্রাণাং প্রভাবাৎ ইহ দশৈব দিশো মে ভ্রমন্তীব ॥৫॥

গন্ধেনেতি। বসা চর্ম্মাধোবর্ত্তি তৈলবদ্বস্তু, রুধিরং রক্তম্, মেদঃ অস্থ্যভ্যন্তরগতং ঘৃতবদ্বস্তু চ তেষাং গন্ধেন মূর্চ্ছিতশ্চ অস্মি। তথা এতদ্যুদ্ধং প্রপশ্যতঃ, মহ্যং মম, মনঃ, দ্বৈধীভূতং জীবামি ন বেতি সংশয়মাপন্নম্, ত্রাসো ভয়ঞ্চ জাতঃ ॥৬॥

অদৃষ্টেতি। মহাসংখ্যে মহাযুদ্ধে শূরাণাং সমাগমঃ সম্মেলনম্, ময়া অদৃষ্টপূর্ব্বঃ। তথা হে বীর! যোধানাং যোদ্ধৃণামাহ্বানেন, মহতা শঙ্খানাং নিনদেন ধ্বনিনা চ, শূরাণাং সিংহ-

হইতেছি না। কারণ, আমার প্রাণ যেন বিষণ্ণ হইয়া পড়িয়াছে এবং মন যেন বিহ্বল হইয়া গিয়াছে ॥৪॥

আর আপনার ও কৌরবগণের নিক্ষিপ্ত অলৌকিক অস্ত্রসমূহের প্রভাবে আমার নিকট দশটা দিক্ই যেন ঘুরিতেছে ॥৫॥

এবং বসা, রক্ত ও মেদের গন্ধে আমি যেন মূর্চ্ছিতপ্রায় হইয়াছি; আর এই ভীষণ যুদ্ধ দেখিতে থাকায় আমার মন সংশয়াপন্ন হইয়াছে, ভয়ও জন্মিয়াছে ॥৬॥

কারণ, মহাযুদ্ধে বীরগণের সম্মেলন আমি আর পূর্ব্বে দেখি নাই। তা' রপর-হে বীর! যোদ্ধৃগণের আহ্বানে, শঙ্খগুলির বিশাল শব্দে, বীরগণের সিংহনাদে, হস্তিগণের বৃংহিতরবে এবং বজ্রশব্দতুল্য গাণ্ডীবের শব্দে আমার চিত্ত অস্থির

(৫)···প্রভাবঃ···দ্রবন্তীব দিশো দশ—বা ব রা ম। (৬)···দ্বৈধীভূতং মনো মেঽদ্য তব চৈব প্রপশ্যতঃ—বা ব রা ম, মনো মেঽদ্য সম্ত্রাসশ্চৈব পশ্য মে—ভা। (৭)···শূরাণাং মহৎ সংশয়মাগতম্। গোধাঘাতেন··প্র,···শূরাণাং ময়া সংখ্যে সমাগমঃ। গদাপাতেন··· নিঃস্বনেন চ—বা ব রা ম।

শ্রুতিঃ স্মৃতিশ্চ মে বীর ! প্রনষ্টা মূঢ়চেতসঃ।
অলাতচক্রপ্রতিমং মণ্ডলঞ্চ কৃতং ত্বয়া ॥৯॥
ব্যাক্ষিপ্যমাণং সমরে গাণ্ডীবঞ্চ প্রপশ্যতঃ।
দৃষ্টির্বিচলিতা বীর ! হৃদয়ং দীর্য্যতীব মে ॥১০॥ (কলাপকম্)
বপুশ্চোগ্রং তব রণে ক্রুদ্ধস্যেব পিনাকিনঃ।
ব্যায়চ্ছতস্তব ভুজং দৃষ্ট্বা ভীর্মে ভবত্যপি ॥১১॥
নাদদানং সংদধানং ন মুঞ্চন্তং শরোত্তমান্।
ত্বামহং সম্প্রপশ্যামি পশ্যন্নপি বিচেতনঃ ॥১২॥

ভারতকৌমুদী

নাদৈশ্চ, তথা গজানাং বৃংহিতৈর্ধ্বনিভিঃ, অশনিপ্রতিমেন বজ্রশব্দতুল্যেন গাণ্ডীবশব্দেন চ, মূঢ়চেতসো মে, শ্রুতিঃ শ্রবণশক্তিঃ, স্মৃতিঃ স্মরণশক্তিশ্চ ভৃশং প্রনষ্টা। তথা হে বীর ! ত্বয়া অলাতং জ্বলৎ কাষ্ঠং তস্য চক্রং ঘূর্ণ্যমানং জ্বলৎ কাষ্ঠমিত্যর্থঃ তদেব প্রতিমা উপমা যস্য তত্তাদৃশম্, মণ্ডলং কৃতং শরক্ষেপসময়ে মণ্ডলীকৃতম্, তথা সমরে ব্যাক্ষিপ্যমাণমাকৃষ্যমাণং গাণ্ডীবঞ্চ, প্রপশ্যতো মে, দৃষ্টির্বিচলিতা, হৃদয়ঞ্চ দীর্য্যতি বিদীর্য্যত ইব ॥৭—১০॥

বপুরিতি। রণে ক্রুদ্ধস্য পিনাকিনঃ শিবস্যেব, তব উগ্রং বপুঃ, ব্যায়চ্ছতো বাণক্ষেপকালে ভুজাবেব প্রসারয়তস্তব ভুজঞ্চ দৃষ্ট্বা মে ভীর্ভয়মপি ভবতি ॥১১॥

নেতি। বিচেতনো যুদ্ধনৈপুণ্যদর্শনান্মুগ্ধচিত্তঃ অহম্, পশ্যন্নপি, শরোত্তমান্, আদদানং গৃহ্ণন্তং ন, সংদধানং সন্ধানং কুর্বন্তং ন, মুঞ্চন্তং নিক্ষিপন্তমপি ত্বাং ন সম্প্রপশ্যামি তেষামন্তরং দ্রষ্টুং ন শক্নোমীত্যর্থঃ, অতিদ্রুতত্বাদিতি ভাবঃ ॥১২॥

হইয়া গিয়াছে, আর শ্রবণশক্তি ও স্মরণশক্তি যেন নাশ পাইয়াছে। আর বীর ! আপনি যুদ্ধে গাণ্ডীবধনুটাকে যে ঘূর্ণিত জ্বলৎ কাষ্ঠের ন্যায় মণ্ডলাকার ও আকর্ষণ করিয়াছেন, তাহা দেখিতে থাকায় আমার দৃষ্টি বিচলিত হইয়াছে এবং ভয়ে হৃদয় যেন বিদীর্ণ হইতেছে ॥৭—১০॥

তা'র পর যুদ্ধে ক্রুদ্ধ মহাদেবের ন্যায় আপনার ভীষণ শরীর এবং বাণক্ষেপের সময় প্রসারিত বাহু দেখিয়া আমার ভয়ও হয় ॥১১॥

এবং আপনার যুদ্ধনৈপুণ্যদর্শনে আমার মন মুগ্ধ হইয়া গিয়াছে। সুতরাং আমি চাহিয়া থাকিয়াও আপনার বাণগ্রহণ, বাণসন্ধান ও বাণক্ষেপের অবকাশ দেখিতে পাই না ॥১২॥

(৯)···মণ্ডলং সততং ত্বয়া···প্র বা ব রা ম। (১০)···গাণ্ডীবঞ্চ প্রকর্ষতা···বা ব রা ম ভা। (১১)···ব্যায়চ্ছতঃ শতভুজম্···ভা। (১২) নাদদানং ন সন্ধানম্···প্র বা ব রা ম,···ন চেতসা—বা ব,···ন চেতনঃ—রা ম।

অবসীদন্তি মে প্রাণা ভূরিয়ং চলতীব চ।
ন প্রতোদং ন চাভীষুং সংযন্তুং শক্তিরস্তি মে ॥১৩॥

অর্জ্জুন উবাচ।

মা ভৈষীঃ স্তম্ভয়াত্মানং ত্বয়াপি নরপুঙ্গব !।
অত্যদ্ভুতানি কর্ম্মাণি কৃতানি রণমূর্দ্ধনি ॥১৪॥
রাজপুত্রোঽসি ভদ্রং তে কুলে মৎস্যস্য বিশ্রুতে।
জাতস্ত্বং শত্রুদমনে ন বিষীদিতুমর্হসি ॥১৫॥
ধৃতিং কৃত্বা সুবিপুলাং রাজপুত্র ! রথে মম।
যুধ্যমানস্য সমরে হয়ান্ সংযচ্ছ শত্রুহন্ ! ॥১৬॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা মহাবাহুর্বৈরাটিং নরসত্তমঃ।
অর্জ্জুনো রথিনাং শ্রেষ্ঠঃ পুনরেবেদমব্রবীৎ ॥১৭॥

ভারতকৌমুদী

অবেতি। শ্রমাতিরেকান্মে প্রাণা অবসীদন্তি, ইয়ং ভূশ্চ চলতীব। অতএব প্রতোদং কশাং ন, অভীষুমশ্বরজ্জুঞ্চ ন সংযন্তুং ধর্ত্তুং মে শক্তিরস্তি ॥১৩॥

মেতি। হে নরপুঙ্গব ! ত্বং মা ভৈষীঃ, আত্মানঞ্চ স্তম্ভয় স্থিরীকুরু। ত্বয়াপি রণমূর্দ্ধনি অশ্বচালনাদীনি অত্যদ্ভুতানি কর্ম্মাণি কৃতানি ॥১৪॥

রাজেতি। ত্বং রাজপুত্রোঽসি, বিশেষতশ্চ বিশ্রুতে বিখ্যাতে শত্রুদমনে চ মৎস্যস্য কুলে জাতঃ। অতএব ত্বম্, বিষীদিতুং বিষাদং প্রাপ্তুং নার্হসি। অত্র অসার্বধাতুকেঽপি সীদাদেশ আর্ষঃ। তে তব ভদ্রং মঙ্গলমস্তু ॥১৫॥

ধৃতমিতি। হে রাজপুত্র ! হে শত্রুহন্ ! সুবিপুলাং ধৃতিং ধৈর্য্যং কৃত্বা, সমরে যুধ্যমানস্য মম রথে, হয়ান্ অশ্বান্, সংযচ্ছ সঞ্চালয় ॥১৬॥

এদিকে আমার প্রাণ অবসন্ন হইয়া পড়িয়াছে, পৃথিবীও যেন ঘুরিতেছে। সুতরাং কশা ও লাগাম ধরিবার উপযোগী শক্তি আমার নাই' ॥১৩॥

অর্জ্জুন বলিলেন—'নরশ্রেষ্ঠ ! তুমি ভীত হইও না, চিত্ত স্থির কর। তুমিও যুদ্ধে অত্যন্ত অদ্ভুত কার্য্য সকল করিয়াছ ॥১৪॥

এবং তুমি রাজার পুত্র, বিশেষতঃ জগদ্বিখ্যাত শত্রুদমন বংশে জন্মিয়াছ। অতএব তোমার বিষণ্ণ হওয়া উচিত নহে। তোমার মঙ্গল হউক ॥১৫॥

শত্রুহন্তা রাজপুত্র ! তুমি বিশেষ ধৈর্য্য অবলম্বন করিয়া, রণস্থলে যুদ্ধ করিবার সময়ে আমার রথের অশ্বগুলিকে সঞ্চালন কর' ॥১৬॥

(১৩)···ন চ প্রতোদং রশ্মীংশ্চ···বা ব রা ম ভা। (১৫)···বিশ্রুতঃ···প্র,···জাতস্ত্বং শত্রুদমন !···ভা। (১৭)···রথসত্তমঃ···প্র,···পার্থসত্তমঃ···ভা।

সেনাগ্রমাশু ভীষ্মস্য প্রাপয়স্বৈতদেব মাম্ ।
আচ্ছেৎস্যাম্যহমেতস্য ধনুর্জ্যামপি চাহবে ।
অস্যন্তং দিব্যমস্ত্রং মাং চিত্রমদ্য নিশাময় ॥১৮॥
শতহ্রদামিবায়ান্তীং স্তনয়িত্নোরিবাম্বরে ।
সুবর্ণপৃষ্ঠং গাণ্ডীবং দ্রক্ষ্যন্তি কুরবো মম ॥১৯॥
দক্ষিণেনাথ বামেন কতরেণ স্বিদস্যতি ।
ইতি মাং সঙ্গতাঃ সর্ব্বে তর্কয়িষ্যন্তি শত্রবঃ ॥২০॥
শোণিতোদাং রথাবর্ত্তাং নাগনক্রাং দুরত্যয়াম্ ।
নদীং প্রস্কন্দয়িষ্যামি পরলোকপ্রবাহিনীম্ ॥২১॥

ভারতকৌমুদী

এবমিতি। মহাবাহুঃ নরসত্তমো রথিনাং শ্রেষ্ঠশ্চ অর্জ্জুনঃ, বৈরাটিমুত্তরম্, এবমুক্ত্বা, পুনরেব ইদমব্রবীৎ ॥১৭॥

সেনেতি। হে উত্তর! মাম্, এতদেব ভীষ্মস্য সেনাগ্রম্, আশু শীঘ্রম্, প্রাপয়স্ব। অহম্, আহবে যুদ্ধে, এতস্য ভীষ্মস্য, ধনুষো জ্যাং গুণম্, আচ্ছেৎস্যামি। ত্বঞ্চ, চিত্রমাশ্চর্য্যং যথা স্যাত্তথা, দিব্যমস্ত্রম্, অস্যন্তং ক্ষিপন্তং মাম্, অদ্য নিশাময় অবলোকয়। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

শতেতি। কুরবঃ, সুবর্ণপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠং মম গাণ্ডীবম্, অম্বরে গগনে, স্তনয়িত্নোর্মেঘাৎ আয়ান্তীমাগচ্ছন্তীম্, শতহ্রদাং বিদ্যুতমিব দ্রক্ষ্যন্তি ॥১৯॥

যতমানং পরাক্রান্তং কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ ॥৪৬॥
স পীড়িতো মহাবাহুর্গৃহীত্বা রথকূবরম্।
গাঙ্গেয়ো যুদ্ধদুর্দ্ধর্ষস্তস্থৌ দীর্ঘমিবান্তরম্ ॥৪৭॥
তং বিসংজ্ঞমপোবাহ সংযন্তা রথবাজিনাম্।
উপদেশমনুস্মৃত্য রক্ষমাণো মহারথম্ ॥৪৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্ব্বণি গোহরণে উত্তরগোগ্রহে ভীষ্মভঙ্গো নাম উনষষ্টিতমোঽধ্যায় ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। ততো বীভৎসুরর্জ্জুনঃ প্রহস্য, পৃথুধারেণ সুতীক্ষ্ণেন, গার্দ্ধ্রপত্রেণ বাণেন, অমিততেজসো ভীষ্মস্য কার্ম্মুকং চিচ্ছেদ ॥৪৫॥

অথেতি। অথ কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ, দশভির্বাণৈঃ, স্তনয়োরন্তরে মধ্যদেশে, জয়ায় যতমানং পরাক্রান্তঞ্চ, এনং ভীষ্মং প্রত্যবিধ্যৎ ॥৪৬॥

স ইতি। মহাবাহুর্যুদ্ধদুর্দ্ধর্ষশ্চ স গাঙ্গেয়ো ভীষ্মঃ, তদ্বাণাঘাতেন পীড়িতঃ সন্, রথস্য কূবরং দারুবিশেষং গৃহীত্বা, দীর্ঘমন্তরম্ অবসরং কালমিব তস্থৌ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১৩॥ অগ্নিচক্রম্, অলাতচক্রম্ আবিদ্ধং ভ্রাম্যমাণম্ ॥১৪—২৬॥ উপাবৃত্য সমীপমেত্য ॥২৭—৩৭॥ অস্ত্রং বাণানাং ক্ষেপণং কর্ম্ম ॥৩৮—৪৬॥ কূবরং রথযুগন্ধরম্ ॥৪৭॥ অপোবাহ অপসারয়ামাস ॥৪৮॥

ইতি বিরাটপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৫৯॥

তদনন্তর অর্জ্জুন হাস্য করিয়া একটা সুতীক্ষ্ণ বাণদ্বারা অমিততেজা ভীষ্মের ধনুখানা ছেদন করিলেন ॥৪৫॥

তৎপরে আবার কুন্তীনন্দন অর্জ্জুন দশটা বাণদ্বারা জয়ের জন্য যত্নশীল ও পরাক্রমশালী ভীষ্মের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৪৬॥

তখন মহাবাহু ও যুদ্ধদুর্দ্ধর্ষ ভীষ্ম সেই বাণাঘাতে পীড়িত হইয়া রথের কূবর ধারণ করিয়া দীর্ঘকালই যেন অবস্থান করিলেন ॥৪৭॥

এই সময়ে সারথি ভীষ্মেরই পূর্ব্বের উপদেশ স্মরণ করিয়া তাঁহাকে রক্ষা করিবার জন্য অচেতনপ্রায় মহারথ সেই ভীষ্মকে সরাইয়া লইয়া গেল ॥৪৮॥

---

(৪৭)…দীর্ঘমিবাতুরঃ—প্র,…তস্থৌ গিরিরিবাচলঃ—ভা। ইতঃপরম্ 'ততঃ পার্থোঽগ্নিসঙ্কাশং জ্বলমানমিবোরগম্। নিচখান ললাটাগ্রে ভীষ্মস্য শরমুত্তমম্॥' অয়ং শ্লোকোঽধিকঃ—ভা। * '…ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ' প্র, '…চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ' বা ব রা ম।

CENTRAL LIBRARY

ষষ্টিতমোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

ভীষ্মে তু সংগ্রামশিরো বিহায় পলায়মানে ধৃতরাষ্ট্রপুত্রঃ।
উচ্ছ্রিত্য কেতুং বিনদন্ মহাত্মা ধনুর্বিগৃহ্যার্জুনমাসসাদ ॥১॥
স ভীমধন্বানমুদগ্রবীর্য্যং ধনঞ্জয়ং শত্রুগণে চরন্তম্।
আকর্ণপূর্ণায়তচোদিতেন ভল্লেন বিব্যাধ ললাটমধ্যে ॥২॥

ভারতকৌমুদী

তমিতি। রথস্য বাজিনামশ্বানাং সংযন্তা চালয়িতা সারথিঃ, 'কুতোঽপি বিকলীভূতং মামপনয়েঃ' ইত্থং প্রাক্কৃতমুপদেশমনুস্মৃত্য, রক্ষমাণো ভীষ্মমেব রক্ষন্, বিসংজ্ঞমচেতনপ্রায়ং তং মহারথং ভীষ্মম্, অপোবাহ অপনিনায় ॥৪৮॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বিরাটপর্ব্বণি গোহরণে ঊনষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভীষ্ম ইতি। ভীষ্মে, সংগ্রামশিরো যুদ্ধসম্মুখদেশম্, বিহায়, পলায়মানে সতি তু, মহাত্মা মহাবলঃ, ধৃতরাষ্ট্রপুত্রঃ প্রাধান্যাদ্দুর্য্যোধনঃ, কেতুং ধ্বজম্, উচ্ছ্রিত্য রথে উত্তোল্য, ধনুঃ, বিগৃহ্য গৃহীত্বা, বিনদন্ সিংহনাদং কুর্বন্, অর্জ্জুনম্, আসসাদ প্রাপ ॥১॥

স ইতি। স দুর্য্যোধনঃ, আকর্ণং কর্ণ পর্য্যন্তং পূর্ণং যথা স্যাত্তথা আয়তং প্রসারিতং যৎ ধনুঃ তেন চোদিতো নিক্ষিপ্তেন, ভল্লেন বাণবিশেষেণ, ভীমধন্বানম্, উদগ্রবীর্য্যং মহাবলম্, শত্রুগণে চরন্তঞ্চ ধনঞ্জয়ম্, ললাটমধ্যে বিব্যাধ ॥২॥

বৈশম্পায়ন বলিলেন—ভীষ্ম রণস্থল পরিত্যাগ করিয়া পলায়ন করিলে, মহাবল দুর্য্যোধন আপন রথে ধ্বজ উত্তোলন করিয়া ধনু ধারণপূর্ব্বক সিংহনাদ করিতে করিতে অর্জুনের নিকট উপস্থিত হইলেন ॥১॥

এবং তিনি নিজের ধনুখানাকে কর্ণপর্য্যন্ত পূর্ণ বিস্তৃত করিয়া একটা ভল্ল নিক্ষেপ করিলেন; সেই ভল্লটা যাইয়া ভয়ঙ্কর ধনুর্দ্ধর, মহাবল ও শত্রুগণমধ্যে বিচরণকারী অর্জুনের ললাটমধ্যস্থান বিদ্ধ করিল ॥২॥

(১)···উৎসৃজ্য কেতুম্···বা ব রা ম,···স্বয়ং বিগৃহ্য···প্র। (২)···উদারবীর্য্যম্···পূর্ণায়তনোদিতেন···ভা।

স তেন বাণেন সমর্পিতেন জাম্বূনদাগ্রেণ সুসংহিতেন।
ররাজ রাজন্! মহনীয়কর্ম্মা যথৈকপর্ব্বা রুচিরৈকশৃঙ্গঃ ॥৩॥
অথাস্য বাণেন বিদারিতস্য প্রাদুর্বভূবাসৃগজস্রমুষ্ণম্।
তস্যস্য জাম্বূনদপুষ্পচিত্রা মালেব চিত্রাতিবিরাজতে স্ম ॥৪॥
স তেন বাণেন হতস্তরস্বী দুর্য্যোধনেনোদ্ধতমন্যুবেগঃ।
শরানুপাদায় বিষাগ্নিকল্পান্ বিব্যাধ রাজানমদীনসত্ত্বঃ ॥৫॥

ভারতকৌমুদী

স ইতি। হে রাজন্! মহনীয়ং প্রশংসনীয়ং কর্ম্ম যস্য সঃ, সঃ অর্জুনঃ, জাম্বূনদাগ্রেণ স্বর্ণখচিতমুখেন, সুসংহিতেন সম্যক্‌সন্ধানপূর্ব্বকক্ষিপ্তেন, সমর্পিতেন ললাটে প্রোথিতেন, তেন ভল্লাখ্যেন বাণেন, রুচিরমেকং শৃঙ্গং যস্য সঃ, একং পর্ব্ব উর্দ্ধগ্রন্থির্যস্য স তাদৃশঃ পর্ব্বতো যথা তথা ররাজ। অত্র একপর্ব্বেত্যনেনার্জুনস্য শিরঃ, একশৃঙ্গ ইত্যনেন চ ললাটলগ্নো ভল্ল আক্ষিপ্যতে ॥৩॥

অথেতি। অথ বাণেন বিদারিতস্য অস্য অর্জুনস্য, উষ্ণম্ অসৃক্ রক্তম্ অজস্রং প্রাদুর্বভূব স্রুস্রাব। তস্য অর্জুনস্য, তৎ অসৃক্‌স্রোতঃ, জাম্বূনদপুষ্পৈঃ স্বর্ণময়কুসুমৈশ্চিত্রা আশ্চর্য্যা, চিত্রা প্রবালসংসৃষ্টতয়া আশ্চর্য্যা চ, মালা ইব অতিবিরাজতে স্ম ॥৪॥

স ইতি। দুর্য্যোধনেন কর্ত্রা, তেন বাণেন করণেন, হতস্তাড়িতঃ, তরস্বী বলবান্, অদীনসত্ত্বঃ অনল্পাধ্যবসায়ঃ, সঃ অর্জুনঃ, উদ্ধত উদ্রিক্তো মন্যুবেগঃ ক্রোধবেগো যস্য স তাদৃশঃ সন্, বিষাগ্নিকল্পান্ শরানুপাদায়, রাজানং দুর্য্যোধনং বিব্যাধ ॥৫॥

রাজা! প্রশংসনীয়চরিত্র অর্জুন—স্বর্ণখচিত, বিশেষ সন্ধানপূর্ব্বক নিক্ষিপ্ত ও ললাটপ্রবিষ্ট সেই বাণদ্বারা একশৃঙ্গযুক্ত একটী সুন্দর পর্ব্বতের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥৩॥

ক্রমে বাণবিদারিত অর্জুনের ললাটদেশ হইতে অনবরত উষ্ণ রক্ত নির্গত হইতে লাগিল এবং তাহা স্বর্ণপুষ্পশোভিত বিচিত্র মালার ন্যায় তাঁহার গাত্রে অত্যন্ত শোভা পাইতে থাকিল ॥৪॥

অসাধারণ অধ্যবসায়ী ও বলবান্ অর্জুন দুর্য্যোধনের সেই বাণের আঘাতে অত্যন্তক্রুদ্ধ হইয়া তূণ হইতে বিষ ও অগ্নির তুল্য বাণসমূহ গ্রহণ করিয়া তাহাদ্বারা দুর্য্যোধনকে বিদ্ধ করিলেন ॥৫॥

(৩)…রজনীয়কর্ম্মা…ভা। (৪) অথাস্য ভল্লেন…প্র,…স তস্য জাম্বূনদপুষ্পচিত্রো ভিত্ত্বা ললাটং সুবিরাজতে স্ম—বা ব রা ম,…সা তস্য জাম্বূনদপুষ্পচিত্রা মালেব চিত্রাভিবিরাজতে স্ম—ভা। (৫) স তেন বাণাভিহতস্তরস্বী…বা ব ম।

দুর্য্যোধনশ্চাপি তমুগ্রতেজাঃ পার্থশ্চ দুর্য্যোধনমুগ্রবীর্য্যঃ।
অন্যোন্যমাজৌ পুরুষপ্রবীরৌ সমং সমাজঘ্নতুরাজমীঢ়ৌ ॥৬॥
ততঃ প্রভিন্নেন মহাগজেন মহীধরাভেণ পুনর্বিকর্ণঃ।
রথৈশ্চতুর্ভির্গজপাদরক্ষৈঃ কুন্তীসুতং জিষ্ণুমথাভ্যধাবৎ ॥৭॥
তমাপতন্তং ত্বরিতং গজেন্দ্রং ধনঞ্জয়ঃ কুম্ভবিভাগমধ্যে।
আকর্ণপূর্ণেন দৃঢ়ায়সেন বাণেন বিব্যাধ মহাজবেন ॥৮॥
পার্থেন সৃষ্টঃ স তু গার্দ্ধ্রপত্র আপুঙ্খদেশাৎ প্রবিবেশ নাগম্।
বিদার্য্য শৈলপ্রবরপ্রকাশং যথাঽশনিঃ পর্ব্বতমিন্দ্রসৃষ্টঃ ॥৯॥

ভারতকৌমুদী

দুর্য্যোধন ইতি। উগ্রতেজা দুর্য্যোধনশ্চ তং পার্থম্, উগ্রবীর্য্যঃ পার্থশ্চাপি দুর্য্যোধনম্, অনেন রূপেণ অজমীঢ়স্যাপত্যে পুমাংসামিত্যাজমীঢ়ৌ অজমীঢ়বংশোদ্ভবৌ, পুরুষপ্রবীরৌ অর্জুনদুর্য্যোধনৌ, আজৌ যুদ্ধে, সমং তুল্যমেব, অন্যোন্যং সমাজঘ্নতুঃ। অজমীঢ়স্তু অর্জুন-দুর্য্যোধনয়োঃ পূর্ববর্ত্তী ত্রয়োদশঃ পুরুষঃ ॥৬॥

তত ইতি। অথেতি যুদ্ধান্তরারম্ভে। ততঃ, বিকর্ণো নাম দুর্য্যোধনানুজঃ, প্রভিন্নেন মদস্রাবিণা, মহীধরাভেন পর্ব্বতপ্রমাণেন, মহাগজেন তদারোহণেনেত্যর্থঃ, গজপাদরক্ষৈঃ তদ্গজপৃষ্ঠরক্ষকৈঃ চতুর্ভিঃ রথৈঃ সহ, পুনরপি, কুন্তীসুতং জিষ্ণুম্ অর্জুনম্, অভ্যধাবৎ ॥৭॥

তমিতি। ধনঞ্জয়ঃ, আকর্ণপূর্ণেন আকর্ণপূর্ণাকৃষ্টধনুষা নিক্ষিপ্তেনেত্যর্থঃ, দৃঢ়শ্চাসৌ আয়সো লৌহময়শ্চেতি তেন, মহাজবেন মহাবেগশালিনা চ বাণেন, কুম্ভবিভাগমধ্যে কুম্ভদেশমধ্যে ত্বরিতম্, আপতন্তমাগচ্ছন্তং তং গজেন্দ্রং বিব্যাধ ॥৮॥

তখন উগ্রতেজা দুর্য্যোধন অর্জ্জুনকে এবং উগ্রবীর্য্য অর্জুনও দুর্য্যোধনকে এইভাবে আজমীঢ়বংশজাত ও পুরুষপ্রবীর দুর্য্যোধন ও অর্জুন সমরাঙ্গনে সমান-ভাবে পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥৬॥

এই সময়ে বিকর্ণ পর্ব্বতপ্রমাণ ও মদস্রাবী একটা মহাহস্তীর উপরে আরোহণ করিয়া, সেই হস্তীর পৃষ্ঠরক্ষক চারিখানা রথের সহিত আসিয়া পুনরায় কুন্তীনন্দন অর্জুনের প্রতি ধাবিত হইলেন ॥৭॥

তখন অর্জুন ধনুখানাকে কর্ণপর্য্যন্ত পূর্ণ আকর্ষণ করিয়া সুদৃঢ়, লৌহময় ও মহাবেগশালী একটা বাণটা নিক্ষেপ করিলেন; সেই বাণ যাইয়া দ্রুত আগমন-কারী সেই মহাহস্তীর কুম্ভদেশ বিদ্ধ করিল ॥৮॥

(৬)···দুর্য্যোধনমেকবীরঃ···বা ব রা ম ভা। (৭)···জিষ্ণুমথোঽভ্যধাবৎ—ভা। (৮) ···সহসা নগেন্দ্রম্··ভা। (৯) পার্থোপসৃষ্টঃ··প্র,···প্রবিবেশ কায়ম্···ভা,···শৈলপ্রবরং প্রকাশম্···রা ম।

শরপ্রভিন্নঃ স তু নাগরাজঃ প্রবেপিতাঙ্গো ব্যথিতান্তরাত্মা।
সংসীদমানো নিপপাত মহ্যাং বজ্রাহতং শৃঙ্গমিবাচলস্য ॥১০॥
নিপাতিতে দন্তিবরে পৃথিব্যাং ত্রাসাদ্বিকর্ণঃ সহসাবতীর্য্য।
তূর্ণং পদান্যষ্টশতানি গত্বা বিবিংশতেঃ স্যন্দনমারুরোহ ॥১১॥
নিহত্য নাগন্তু শরেণ তেন বজ্রোপমেনাদ্রিবরাম্বুদাভম্।
তথাবিধেনৈব শরেণ পার্থো দুর্য্যোধনং বক্ষসি নির্বিভেদ ॥১২॥

ভারতকৌমুদী

পার্থেনেতি। ইন্দ্রসৃষ্টো দেবরাজনিক্ষিপ্তঃ, অশনির্বজ্রো যথা বিদার্য্য পর্ব্বতং প্রবিশতি; তথা পার্থেনার্জুনেন, সৃষ্টো নিক্ষিপ্তঃ, স গার্দ্ধ্রপত্রো বাণস্তু, কুম্ভং বিদার্য্য, শৈলপ্রবরপ্রকাশং পর্ব্বতশ্রেষ্ঠপ্রমাণম্, নাগং তং হস্তিনম্, আপুঙ্খদেশাৎ পুঙ্খদেশপর্য্যন্তং প্রবিবেশ ॥৯॥

শরেতি। শরপ্রভিন্নঃ স নাগরাজো হস্তিশ্রেষ্ঠস্তু, প্রবেপিতাঙ্গঃ কম্পিতগাত্রঃ, ব্যথিতান্তরাত্মা, সংসীদমানঃ অতীবাবসীদংশ্চ সন্, বজ্রাহতম্ অচলস্য পর্ব্বতস্য শৃঙ্গমিব, মহ্যাং ভূতলে নিপপাত ॥১০॥

নিপাতিত ইতি। দন্তিবরে তস্মিন্ হস্তিশ্রেষ্ঠে, অর্জুনেন পৃথিব্যাং নিপাতিতে সতি, তদারোহী বিকর্ণঃ, ত্রাসাদ্ভয়াৎ, সহসা তৎপৃষ্ঠাদবতীর্য্য, তূর্ণম্, অষ্টশতানি পদানি গত্বা, বিবিংশতেঃ স্যন্দনং রথমারুরোহ ॥১১॥

নিহত্যেতি। পার্থঃ বজ্রোপমেন তেন শরেণ, অদ্রিবরাম্বুদাভং প্রমাণে পর্ব্বততুল্যং বর্ণে চ মেঘসমানম্, নাগং তং হস্তিনং নিহত্য তু, তথাবিধেনৈব অপরেণ শরেণ, বক্ষসি দুর্য্যোধনং নির্বিভেদ বিদারয়ামাস ॥১২॥

এবং ইন্দ্রনিক্ষিপ্ত বজ্র যেমন বিদারণ করিয়া পর্ব্বতের ভিতরে প্রবেশ করে, সেইরূপ অর্জ্জুননিক্ষিপ্ত সেই বাণটা সেই পর্ব্বতপ্রমাণ হস্তীটার কুম্ভ বিদারণ করিয়া তাহার শরীরের ভিতরে পুঙ্খদেশপর্য্যন্ত প্রবেশ করিল ॥৯॥

তখন বাণবিদীর্ণ সেই হস্তী কম্পিতগাত্র, ব্যথিতচিত্ত ও অত্যন্ত অবসন্ন হইয়া, বজ্রাহত পর্বতশৃঙ্গের ন্যায় ভূতলে পতিত হইল ॥১০॥

সেই হস্তিশ্রেষ্ঠ ভূতলে পতিত হইলে, ভয়বশতঃ বিকর্ণ তৎক্ষণাৎ তাহার পৃষ্ঠ হইতে অবতীর্ণ হইয়া, দ্রুত অষ্টশত পদ গমন করিয়া বিবিংশতির রথে আরোহণ করিলেন ॥১১॥

এদিকে অর্জুন বজ্রতুল্য সেই বাণদ্বারা পর্বতপ্রমাণ ও মেঘবর্ণ সেই হস্তীকে বধ করিয়া, সেইরূপই আর একটা বাণদ্বারা দুর্য্যোধনের বক্ষ বিদারণ করিলেন ॥১২॥

(১০) শরপ্রতপ্তঃ···প্র বা ব রা ম,···সুবিদ্ধগাত্রো নিপপাত মহ্যাম্···ভা। (১২)··· বজ্রোপমেনাপ্রতিমপ্রভাবঃ···ভা।

হতে গজে রাজনি চৈব ভগ্নে তথা বিকর্ণে চ সপাদরক্ষে।
গাণ্ডীবমুক্তৈর্বিশিখৈঃ প্রণুন্নাস্তে যোধমুখ্যাঃ সহসাপজগ্মুঃ ॥১৩॥
দৃষ্ট্বৈব পার্থেন হতং তু নাগং যোধাংশ্চ সর্ব্বান্ দ্রবতো নিশম্য।
রথং সমাবর্ত্ত্য কুরুপ্রবীরো রণাৎ প্রদুদ্রাব যতো ন পার্থঃ ॥১৪॥
তং ভীতরূপং ত্বরিতং দ্রবন্তং দুর্য্যোধনং শক্রসহো নিষঙ্গী।
প্রাক্ষ্বেড়য়দ্‌যোদ্ধুমনাঃ কিরীটী বাণেন বিদ্ধং রুধিরং বমন্তম্ ॥১৫॥

ভারতকৌমুদী

হত ইতি। গজে হতে, রাজনি দুর্য্যোধনে চ, তথা পাদরক্ষৈঃ পার্শ্বাদিরক্ষকৈঃ সহেতি সপাদরক্ষে বিকর্ণে চ, ভগ্নে পরাজিতে সতি, গাণ্ডীবমুক্তৈঃ, বিশিখৈর্বাণৈঃ, প্রণুন্নাস্তাড়িতাঃ, তে তয়োরনুচরীভূতা যোধমুখ্যাঃ সহসা অপজগ্মুঃ ॥১৩॥

দৃষ্ট্বেতি। কুরুপ্রবীরো দুর্য্যোধনস্তু, পার্থেন নাগং হস্তিনং হতং দৃষ্ট্বৈব, সর্ব্বান্ যোধাংশ্চ, দ্রবতঃ পলায়মানান্, নিশম্য শ্রুত্বৈব চ, আত্মনো রথম্, সমাবর্ত্ত্য পরাবর্ত্ত্য, যতো যত্র পার্থো ন বর্ত্ততে, তত্র রণাৎ প্রদুদ্রাব দ্রুতং জগাম ॥১৪॥

তমিতি। শত্রূন্ সহত ইতি শক্রসহঃ, যোদ্ধুমনাঃ, নিষঙ্গী অক্ষয়তূণীরযুক্তঃ, কিরীটী অর্জ্জুনঃ, বাণেন বিদ্ধম্, অতএব রুধিরং বমন্তম্, ভীতরূপম্, ত্বরিতং দ্রবন্তং পলায়মানঞ্চ, তং দুর্য্যোধনম্, প্রাক্ষ্বেড়য়ৎ সিংহনাদপূর্ব্বকম্ অতর্জ্জয়ৎ। "ক্ষ্বেড়া তু সিংহনাদঃ স্যাৎ" ইত্যমরঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

ভীষ্ম ইতি। ধৃতরাষ্ট্রপুত্রো দুর্য্যোধনঃ, উৎসৃজ্য উন্মুচ্য, কেতুং পতাকাম্ ॥১—২॥ একশৃঙ্গঃ পর্ব্বতো যথা একেন পর্ব্বতা দীর্ঘবংশেন, একঃ পর্ব্বা যস্মিন্নিতি সমাসঃ, মতুব্লোপ আর্ষঃ ॥৩॥ অসৃক্ রক্তম্ ॥৪—৮॥ মহায়সেন মহাফলকেন ॥৯—১২॥ অপজগ্মুঃ পলায়নং কৃতবন্তঃ ॥১৩—১৪॥ অভিযঙ্গাৎ পরাভবাৎ, দ্রবন্তম্ আলক্ষ্য প্রাস্ফোটয়ৎ আস্ফোটং বাহুশব্দং

হস্তী নিহত এবং দুর্য্যোধন ও বিকর্ণ রক্ষকবর্গের সহিত পরাজিত হইলে, অর্জ্জুনের গাণ্ডীবনিক্ষিপ্ত বাণসমূহদ্বারা তাড়িত হইয়া অপর যোদ্ধৃশ্রেষ্ঠগণ সত্বরই পলায়ন করিতে লাগিল ॥১৩॥

অর্জ্জুন হাতীটাকে বধ করিয়াছেন দেখিয়া এবং সকল যোদ্ধাই পলায়ন করিতেছে শুনিয়া কৌরবশ্রেষ্ঠ দুর্য্যোধন নিজের রথখানাকে ফিরাইয়া—যেখানে অর্জ্জুন ছিলেন না, সেই দিকে দ্রুত পলায়ন করিতে লাগিলেন ॥১৪॥

দুর্য্যোধন বাণবিদ্ধ হইয়া রক্ত বমন করিতে করিতে ভয়ে দ্রুত পলায়ন

(১৩) ততো গজে রাজনি চৈব ভিন্নে···বা ব রা ম ভা,···সহসা প্রজগ্মুঃ —ভা। (১৪)··· রথং সমাবৃত্য·····প্র বা ব রা ম। (১৫)·····শক্রসহোঽভিযঙ্গাৎ। প্রাক্ষেপয়ৎ···প্র,··· শক্রসহোঽভিযঙ্গাৎ। প্রাস্ফোটয়ৎ···বা ব রা ম।

অর্জ্জুন উবাচ।

বিহায় কীর্ত্তিং বিপুলং যশশ্চ যুদ্ধাৎ পরাবৃত্য পলায়সে কিম্।
ন তেঽদ্য তূর্য্যাণি সমাহতানি যথাবদুদ্যান্তি গতস্য যুদ্ধে ॥১৬॥
যুধিষ্ঠিরস্যাস্মি নিদেশকারী পার্থস্তৃতীয়ো যুধি চাস্থিতোঽস্মি।
তদেবমাবৃত্য মুখং প্রয়চ্ছ নরেন্দ্রবৃত্তং স্মর ধার্ত্তরাষ্ট্র! ॥১৭॥
মোঘং তবেদং ভুবি নামধেয়ং দুর্য্যোধনেতীহ কৃতং পুরস্তাৎ।
ন চেহ দুর্য্যোধনতা তবাস্তি পলায়মানস্য রণং বিহায় ॥১৮॥

ভারতকৌমুদী

বিহায়েতি। হে দুর্য্যোধন! ত্বম্, কীর্ত্তিং শৌর্য্যাদিনিবন্ধনাং সুখ্যাতিম্, বিপুলং যশশ্চ দানাদিনিবন্ধনাং সুখ্যাতিঞ্চ বিহায়, "শৌর্য্যাদিপ্রভবা কীর্ত্তির্দানাদিপ্রভবং যশঃ" ইতি প্রাঞ্চঃ, পরাবৃত্য যুদ্ধাৎ কিং পলায়সে। যুদ্ধে গতস্য আগতস্য তে, অদ্য তূর্য্যাণি বিজয়বাদ্যানি, ন সমাহতানি ন বাদিতানি, অপি তু যথাবদেব, উদ্যান্তি ইদানীং পলায়মানং ত্বামনুযান্তি। এতৎ কিমিতি ভাবঃ। সোল্লুণ্ঠনোক্তিরিয়ম্ ॥১৬॥

যুধীতি। হে ধার্ত্তরাষ্ট্র! অহং যুধিষ্ঠিরস্য নিদেশকারী আজ্ঞাবহঃ, তৃতীয়ঃ পার্থঃ পৃথায়াঃ পুত্রোঽস্মি; যুধি চ আস্থিতঃ অবস্থিত এবাস্মি। তস্মাৎ, এবমনেনৈব প্রকারেণ, আবৃত্য মৎসম্মুখীভূয়, মুখং সম্মুখযুদ্ধম্, প্রয়চ্ছ দেহি। নরেন্দ্রবৃত্তং যুদ্ধাদপলায়নরূপং রাজচরিত্রং স্মর ॥১৭॥

ভারতভাবদীপঃ

কৃতবান্ ॥১৫॥ তূর্য্যাণি জয়বাদ্যানি। তথৈবেত্যাদি উত্তরার্দ্ধে ॥১৬॥ তৃতীয়ঃ পার্থঃ, পৃথাসুতোঽর্জুনোঽস্মি। বৃত্তং দ্যূতাদিষ্বধর্ম্মম্ ॥১৭—১৯॥

ইতি বিরাটপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬০॥

করিতে লাগিলে, অক্ষয়তূণীরধারী ও যুদ্ধার্থী শত্রুসহ অর্জ্জুন সিংহনাদ করিয়া তাঁহাকে ভৎর্সনা করিতে লাগিলেন ॥১৫॥

অর্জ্জুন বলিলেন—'দুর্য্যোধন! তুমি প্রচুর কীর্ত্তি ও বিপুল যশ পরিত্যাগ করিয়া যুদ্ধ হইতে ফিরিয়া পলায়ন করিতেছ কেন? তুমি আজ যুদ্ধে আসিয়াছ, তথাপি তোমার বিজয়বাদ্য বাজিল না! বরং সেগুলি তোমার পিছনে পিছনেই যাইতেছে (এটাই বা কি!) ॥১৬॥

ধৃতরাষ্ট্রনন্দন! আমি যুধিষ্ঠিরের আজ্ঞাবহ তৃতীয় পাণ্ডব অর্জ্জুন; আর যুদ্ধেও অবস্থান করিতেছি। অতএব তুমি এই ভাবেই ফিরিয়া সম্মুখযুদ্ধ দান কর এবং রাজার কর্ত্তব্য স্মরণ কর ॥১৭॥

(১৬)…সমাহতানি তথৈব রাজ্যাদবরোপিতস্য—বা ব রা ম। (১৭)…যুধি সংস্থিতোঽস্মি …বা ব রা ম, যুধি চ স্থিরোঽহম্…ভা,…রথং প্রয়চ্ছ…প্র। (১৮)…দুর্য্যোধনেতি প্রথিতং পুরস্তাৎ…ভা।

ন তে পুরস্তাদথ পৃষ্ঠতো বা পশ্যামি দুর্য্যোধন ! রক্ষিতারম্ ।
অপেহি যুদ্ধাৎ পুরুষপ্রবীর ! প্রাণান্ প্রিয়ান্ পাণ্ডবতোঽদ্য রক্ষ ॥১৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্বণি
গোহরণে উত্তরগোগ্রহে দুর্য্যোধনভঙ্গো নাম ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

একষষ্টিতমোঽধ্যায়ঃ ।

বৈশম্পায়ন উবাচ ।
আহূয়মানস্তু স তেন সংখ্যে মহামনস্বী ধৃতরাষ্ট্রপুত্রঃ ।
নিবর্ত্তিতস্তস্য গিরাঙ্কুশেন মহাগজো মত্ত ইবাঙ্কুশেন ॥১॥

ভারতকৌমুদী

মোঘমিতি । হে ধার্ত্তরাষ্ট্র ! পুরস্তাৎ পূর্ব্বম্, কৃতং পিত্রাদিভিঃ প্রবর্ত্তিতম্, দুর্য্যোধন ইতি ইত্যানুপূর্ব্বীকম্, তব ইদং নামধেয়ম্, ইহ ইদানীম্, ভুবি, মোঘং ব্যর্থম্ । যেন হি রণং বিহায় পলায়মানস্য তব, ইহ ইদানীম্, দুর্য্যোধনতা ন চ নৈব অস্তি । তথা চ অজয়্যতয়া দুঃখেন যোধ্যত ইতি দুর্য্যোধনঃ । এবঞ্চ পলায়মানত্বাৎ সুখযোধ্যতয়া দুর্য্যোধনত্বং নাস্ত্যেবেতি ভাবঃ ॥১৮॥

নেতি । হে দুর্য্যোধন ! পুরস্তাৎ অগ্রতঃ, অথ পৃষ্ঠতো বা, তে তব রক্ষিতারং ন পশ্যামি, সর্ব্বেষামেব পলায়িতত্বাদিতি ভাবঃ । অতএব হে পুরুষপ্রবীর ! ইতি সোল্লুণ্ঠনসম্বোধনম্ । যুদ্ধাৎ অপেহি পলায়স্ব, অদ্য পাণ্ডবতো মত্তঃ, প্রিয়ান্ প্রাণান্ রক্ষ । মৎসম্মুখস্থিতৌ তু মৃত্যুরেবাবশ্যম্ভাবীত্যাশয়ঃ ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বিরাটপর্ব্বণি গোহরণে ষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

পূর্বে তোমার যে 'দুর্য্যোধন' এই নাম করা হইয়াছিল, তাহা এখন জগতে নিরর্থকই হইল । কারণ, তুমি যুদ্ধ পরিত্যাগ করিয়া পলায়ন করিতেছ বলিয়া তোমার সে দুর্য্যোধনতা এখন আর নাই ॥১৮॥

দুর্য্যোধন ! তোমার সম্মুখে বা পশ্চাতে (তোমার) রক্ষক দেখিতেছি না । অতএব হে পুরুষপ্রবীর ! তুমি যুদ্ধস্থান হইতে পলায়ন কর এবং পাণ্ডবের হস্ত হইতে আজ প্রিয়তম প্রাণ রক্ষা কর' ॥১৯॥

---

(১৯)···পৃষ্ঠতোঽপি···প্র ভা,···পরৈহি যুদ্ধেন কুরুপ্রবীর !···প্র । * '···চতুঃষষ্টিতমোঽধ্যায়ঃ' প্র,' ···পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ' বা ব রা ম । (১)···মহাত্মনা বৈ ধৃতরাষ্ট্রপুত্রঃ···বা ব রা ম,···পার্থেন রাজা ধৃতরাষ্ট্রপুত্রঃ···ভা ।

সোঽমৃষ্যমাণো বচসাভিসৃষ্টো মহারথেনাতিরথস্তরস্বী।
পর্য্যাববর্ত্তাথ রথেন বীরো ভোগী যথা পাদতলাভিসৃষ্টঃ ॥২॥
তং প্রেক্ষ্য কর্ণঃ পরিবর্ত্তমানং নিবৃত্য সংস্তভ্য চ বিদ্ধগাত্রম্।
দুর্য্যোধনস্যোত্তরতোঽভ্যগচ্ছৎ পার্থং নৃবীরো যুধি হেমমালী ॥৩॥
ভীষ্মঃ পুনঃ শান্তনবো নিবৃত্য হিরণ্যকক্ষাংস্ত্বরয়ংস্তুরঙ্গান্।
দুর্য্যোধনং পশ্চিমতোঽভ্যরক্ষৎ পার্থান্মহাবাহুরধিজ্যধন্বা ॥৪॥

ভারতকৌমুদী

আহূয়েতি। তেনার্জুনেন সংখ্যে যুদ্ধে, আহূয়মানঃ, মহামনঃ ক্ষত্রিয়ত্বাভিমানসত্ত্বাৎ প্রশস্তচিত্তমস্যাস্তীতি মহামনস্বী, স ধৃতরাষ্ট্রপুত্রো দুর্য্যোধনস্তু, মত্তো মহাগজঃ অঙ্কুশেনেব, অঙ্কুশেন তদ্বদেব তীক্ষ্ণয়েত্যর্থঃ, তস্য অর্জুনস্য, গিরা প্রাগুক্তয়া বাচা, নিবর্ত্তিতঃ প্রত্যাবর্ত্তিতোঽভূৎ। মহামনস্বীত্যত্র অতিশয়ার্থে বিন্। অতএব "ন কর্ম্মধারয়ান্মত্বর্থীয়ো বহুব্রীহিশ্চেদর্থপ্রতিপত্তিকরঃ" ইত্যনেন ন তন্নিষেধঃ, বহুব্রীহিণা অতিশয়ার্থস্য প্রতিপাদয়িতুমশক্যত্বাৎ তেনৈব চ "বহুব্রীহিশ্চেদর্থপ্রতিপত্তিকরঃ" ইত্যভিধানাৎ। এতচ্চাস্মাভির্নৈষধটীকায়াং মালতীমাধবটীকায়াঞ্চ প্রপঞ্চেনাভিহিতম্ ॥১॥

স ইতি। অথ তরস্বী বলবান্, অতিরথো বীরশ্চ, স দুর্য্যোধনঃ, মহারথেনার্জুনেন, বচসা প্রাগুক্তেন বাক্যেন, অভিসৃষ্ট আক্রান্তঃ, তচ্চ অমৃষ্যমাণঃ অসহমানঃ সন্, পাদতলেন অভিসৃষ্ট আক্রান্তঃ, ভোগী সর্পো যথা, তথা, রথেন, পর্য্যাববর্ত্ত নিববৃতে ॥২॥

তমিতি। নৃবীরো হেমমালী চ কর্ণঃ, তং দুর্য্যোধনং পরিবর্ত্তমানং প্রেক্ষ্য, স্বয়ঞ্চ নিবৃত্য, বিদ্ধগাত্রম্ অর্জুনশরক্ষতং স্বদেহঞ্চ, সংস্তভ্য কথঞ্চিৎ স্থিরীকৃত্য, দুর্য্যোধনস্য উত্তরতো বামতঃ, যুধি, পার্থমভ্যগচ্ছৎ ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—অর্জুন যুদ্ধে আহ্বান করিলে, মত্ত মহাহস্তী যেমন অঙ্কুশদ্বারা নিবর্ত্তিত হয়, সেইরূপ অত্যন্ত অভিমানী দুর্য্যোধন অর্জুনের সেই তীক্ষ্ণবাক্যে নিবর্ত্তিত হইলেন ॥১॥

তৎপরে অতিরথ, বলবান্ ও বীর দুর্য্যোধন, চরণদ্বারা আক্রান্ত সর্পের ন্যায় অর্জুনের সেই বাক্যে আক্রান্ত ও অসহিষ্ণু হইয়া রথারোহণপূর্ব্বকই ফিরিলেন ॥২॥

তখন স্বর্ণমালাধারী মনুষ্যবীর কর্ণ দুর্য্যোধনকে ফিরিতে দেখিয়া, নিজেও ফিরিয়া, কোন প্রকারে নিজের ক্ষত-বিক্ষত দেহটাকে স্থির করিয়া, দুর্য্যোধনের বামদিকে থাকিয়া অর্জুনের প্রতি ধাবিত হইলেন ॥৩॥

(২)···বচনাভিসৃষ্টঃ···ভা,···পর্য্যাপতৎ পার্থরথঃ প্রবীরঃ···প্র। (৩)···নিবৃত্তশস্ত্রং হ্যপবিদ্ধগাত্রম্···প্র,···নিবর্ত্ত্য···বা ব রা ম,···অধ্যগচ্ছৎ···ভা। (৪) ভীষ্মস্ততঃ··· প্র বা ব রা ম,···তুরগান্ পিশঙ্গান্··· প্র,···হিরণ্যকক্ষস্বরয়াভিযঙ্গী···বা ব রা ম।

দ্রোণঃ কৃপশ্চৈব বিবিংশতিশ্চ দুঃশাসনশ্চৈব নিবৃত্য শীঘ্রম্ ।
সর্বে পুরস্তাদ্বিততেষুচাপা দুর্যোধনার্থং ত্বরয়াভ্যুপেয়ুঃ ॥৫॥
স তান্যনীকানি নিবর্ত্তমানান্যালোক্য পূর্ণৌঘনিভানি পার্থঃ ।
হংসো যথা মেঘমিবাপতন্তং ধনঞ্জয়ঃ প্রত্যপতত্তরস্বী ॥৬॥
তে সর্বতঃ সংপরিবার্য্য পার্থমস্ত্রাণি দিব্যানি সমাদদানাঃ ।
ববর্ষুরভ্যেত্য শরৈঃ সমন্তান্মেঘা যথা ভূধরমম্বুজালৈঃ ॥৭॥

ভারতকৌমুদী

ভীষ্ম ইতি। মহাবাহুঃ শান্তনবো ভীষ্মোঽপি, পুনর্নিবৃত্য, অধিজ্যম্ আরোপিতগুণকং ধনুর্যস্য স তাদৃশঃ সন্, হিরণ্যকক্ষান্ স্বর্ণভূষণান্, তুরঙ্গান্ স্বরথাশ্বান্, ত্বরয়ন্, পশ্চিমতঃ পৃষ্ঠতঃ পার্থাদর্জুনাৎ দুর্যোধনমভ্যরক্ষৎ ॥৪॥

দ্রোণ ইতি। দ্রোণঃ কৃপশ্চৈব বিবিংশতিশ্চ দুঃশাসনশ্চৈব এতে সর্বে, শীঘ্রং নিবৃত্য, বিততাঃ সংহিতা আকৃষ্টাশ্চ ইষুচাপাঃ শরা ধনূংষি চ যৈস্তে তাদৃশাঃ সন্তঃ, দুর্যোধনার্থং দুর্যোধনস্য রক্ষার্থম্, পুরস্তাৎ তস্য অগ্রতঃ, ত্বরয়া, অভ্যুপেয়ুঃ অভ্যাজগ্মুঃ ॥৫॥

স ইতি। তরস্বী বলবান্, পার্থঃ পৃথাপুত্রঃ, স ধনঞ্জয়োঽপি, পূর্ণৌঘনিভানি পূর্ণসাগর-জলপূরতুল্যানি, তানি তত্তৎসম্বন্ধীনি, অনীকানি সৈন্যানি, নিবর্ত্তমানানি আলোক্য, হংসঃ সূর্য্যো যথা আপতন্তমাগচ্ছন্তং মেঘং প্রতি পততি, তথা তানি প্রত্যপতৎ। "রবিশ্বেতচ্ছদৌ হংসৌ" ইত্যমরঃ। ইবশব্দঃ সম্ভাবনায়াম্ ॥৬॥

ভারতভাবদীপঃ

আহূয়েতি ॥১॥ পর্য্যাববর্ত্ত পরাবৃত্তবান্ ॥২॥ নৃবীরো দুর্যোধনঃ ॥৩॥ অভিযন্তী শত্রু-পরাজয়সমর্থঃ ॥৪॥ ত্বরিতাঃ অভ্যুপেয়ুঃ সন্ধিরার্ষঃ ॥৫॥ হংসঃ সূর্য্যঃ, প্রত্যতপৎ প্রতিতাপিত-

মহাবাহু শান্তনুনন্দন ভীষ্মও পুনরায় ফিরিয়া, ধনুতে গুণারোপণ করিয়া, স্বর্ণভূষণে ভূষিত আপন রথের অশ্বগুলিকে দ্রুত চালাইয়া দিয়া, দুর্যোধনের পিছনে থাকিয়া, অর্জ্জুনের হাত হইতে তাঁহাকে রক্ষা করিতে প্রবৃত্ত হইলেন ॥৪॥

এবং দ্রোণ, কৃপ, বিবিংশতি ও দুঃশাসন ইহারা সকলেও সত্বর ফিরিয়া, দুর্যোধনকে রক্ষা করিবার জন্য ধনু আকর্ষণ ও বাণসন্ধান করিয়া শীঘ্রই দুর্যোধনের সম্মুখে যাইয়া উপস্থিত হইলেন ॥৫॥

এদিকে বলবান্ পৃথানন্দন অর্জ্জুনও সমুদ্রপূরের ন্যায় সেই কৌরবসৈন্যকে ফিরিতে দেখিয়া, সূর্য্য যেমন আগমনশীল মেঘের উপরে পতিত হন, সেইরূপ কৌরবসৈন্যের উপরে পতিত হইলেন ॥৬॥

(৫)···বিবৃত্য···বিততোরুচাপাঃ···ত্বরিতাভ্যুপেয়ুঃ—বা ব রা ম। (৬)···অনুবর্ত্ত-মানান্যালোক্য পূর্ণোদধিভানি পার্থঃ···প্র। (৭)··· ভূধরমম্বুবর্ষৈঃ—বা ব রা ম,···ভূধরমম্বু-বেগৈঃ—ভা।

ততোঽস্ত্রমস্ত্রেণ নিবার্য্য তেষাং গাণ্ডীবধন্বা কুরুপুঙ্গবানাম্।
সম্মোহনং শক্রসহোঽন্যদস্ত্রং প্রাদুশ্চকারৈন্দ্রমবারণীয়ম্ ॥৮॥
ততো দিশশ্চানুদিশো বিবৃত্য শরৈঃ সুধারৈর্নিশিতৈঃ সুপত্রৈঃ।
গাণ্ডীবঘোষেণ মনাংসি তেষাং মহাবলঃ প্রব্যথয়াঞ্চকার ॥৯॥
ততঃ পুনর্ভীমরবং প্রগৃহ্য দোর্ভ্যাং মহাশঙ্খমুদারঘোষম্।
ব্যনাদয়ৎ স প্রদিশো দিশঃ খং ভুবঞ্চ পার্থো দ্বিষতাং নিহন্তা ॥১০॥

ভারতকৌমুদী

ত ইতি। দিব্যানি অস্ত্রাণি সমাদদানা গৃহ্ণন্তঃ, তে দ্রোণাদয়ঃ অভ্যেত্য, সর্বতঃ, পার্থম্, সংপরিবার্য্য সংপরিবেষ্ট্য, মেঘা যথা অম্বুজালৈঃ জলসমূহৈঃ, ভূধরং পর্ব্বতম্, বর্ষন্তি, তথা সমন্তাৎ, শরৈঃ পার্থমেব ববর্ষুঃ ॥৭॥

তত ইতি। ততঃ শক্রসহো গাণ্ডীবধন্বা অর্জুনঃ, স্বকীয়েন অস্ত্রেণ, তেষাং কুরুপুঙ্গবানামস্ত্রং নিবার্য্য, ঐন্দ্রম্ ইন্দ্রসম্বন্ধি, অবারণীয়ং তৈঃ কৌরবৈর্বারয়িতুমশক্যম্, সম্মোহনং নাম অন্যদস্ত্রম্, প্রাদুশ্চকার কুরুষু প্রযুক্তবান্ ॥৮॥

তত ইতি। ততঃ মহাবলঃ অর্জুনঃ, নিশিতৈঃ অতএব সুধারৈঃ সুপত্রৈঃ শোভনকঙ্কপক্ষযুক্তৈশ্চ শরৈঃ, দিশঃ অনুদিশো বিদিশশ্চ, বিবৃত্য ব্যাপ্য, গাণ্ডীবস্য ঘোষেণ ধ্বনিনা, তেষাং বিপক্ষাণাং মনাংসি প্রব্যথয়াঞ্চকার ॥৯॥

তত ইতি। ততঃ পুনর্দ্বিষতাং নিহন্তা স পার্থঃ, দোর্ভ্যাং বাহুভ্যাম্, ভীমরবং ভয়ঙ্করশব্দম্, উদারঘোষং মহানাদং দূরগামিশব্দমিত্যর্থঃ মহাশঙ্খং প্রগৃহ্য ধৃত্বা, দিশঃ, প্রদিশো বিদিশঃ, খম্ আকাশং ভুবঞ্চ, ব্যনাদয়ৎ শব্দিতবান্ ॥১০॥

তখন দিব্যাস্ত্রধারী কৌরবেরা যাইয়া সকল দিক্ হইতে অর্জুনকে বেষ্টন করিয়া, মেঘসমূহ যেমন পর্ব্বতের উপরে জলবর্ষণ করে, সেইরূপ সকল দিক্ হইতে অর্জুনের উপরে শর বর্ষণ করিতে লাগিলেন ॥৭॥

তখন শক্রসহ অর্জুন আপন অস্ত্রে সেই কুরুশ্রেষ্ঠগণের অস্ত্র নিবারণ করিয়া, ইন্দ্রদত্ত অনিবার্য্য 'সম্মোহন'—নামক অন্য অস্ত্র প্রয়োগ করিলেন ॥৮॥

তাহার পর মহাবল অর্জুন নিশিত, সুধার ও কঙ্কপক্ষযুক্ত বাণসমূহদ্বারা দিক্ ও বিদিক্ ব্যাপ্ত করিয়া গাণ্ডীবের শব্দে বিপক্ষদিগের মন ব্যথিত করিয়া তুলিলেন ॥৯॥

তাহার পর আবার শত্রুহন্তা অর্জুন হস্তযুগলদ্বারা ভয়ঙ্কর ও বিশাল-

(৮)···বিদার্য্য তেষাম্···প্র···অগ্র্যমস্ত্রম্···ভা,···প্রাদুশ্চকারৈন্দ্রিরপারণীয়ম্—বা ব রা ম।
(৯) ততো দিশঃ সংপ্রদিশো বিবৃত্য···নিশিতৈঃ সুপুঙ্খৈঃ···প্র ভা।

তে শঙ্খনাদেন কুরুপ্রবীরাঃ সম্মোহিতাঃ পার্থসমীরিতেন।
উৎসৃজ্য চাপানি দুরাসদানি সর্বে তদা শান্তিপরা বভূবুঃ ॥১১॥
তথা বিসংজ্ঞেষু পরেষু পার্থঃ স্মৃত্বা চ বাক্যানি তদোত্তরায়াঃ।
নির্যাহি মধ্যাদিতি মৎস্যপুত্রমুবাচ যাবৎ কুরবো বিসংজ্ঞাঃ ॥১২॥
আচার্য্যশারদ্বতয়োস্তু শুক্লে কর্ণস্য পীতং রুচিরঞ্চ বস্ত্রম্।
দ্রৌণেশ্চ রাজ্ঞশ্চ তথৈব নীলে বস্ত্রে সমাদৎস্ব নরপ্রবীর! ॥১৩॥

ভারতকৌমুদী

ত ইতি। তদা চ তে সর্ব্বে কুরুপ্রবীরাঃ, পার্থসমীরিতেন অর্জ্জুনকৃতেন শঙ্খনাদেন, সম্মোহিতাঃ সন্তঃ, দুরাসদানি চাপানি ধনূংষি, উৎসৃজ্য বিহায়, শান্তিপরা যুদ্ধনিবৃত্তা বভূবুঃ ॥১১॥

তথেতি। পরেষু বিপক্ষেষু, তথা তেন প্রকারেণ সম্মোহনাস্ত্রপ্রভাবেণ শঙ্খনাদেন চ, বিসংজ্ঞেষু চৈতন্যহীনেষু সৎসু, পার্থস্তদা উত্তরায়া বাক্যানি "বৃহন্নলে! আনয়েথা বাসাংসি রুচিরাণি চ" ইত্যাদীনি স্মৃত্বা চ, মৎস্যপুত্রমুত্তরম্ ইত্যুবাচ। হে উত্তর! কুরবো যাবৎ বিসংজ্ঞা বর্ত্তন্তে, তাবৎ অস্য রথস্য মধ্যাৎ, নির্যাহি কৌরবমধ্যে নির্গচ্ছ ॥১২॥

আচার্য্যেতি। হে নরপ্রবীর! উত্তর! আচার্য্যশারদ্বতয়োঃ দ্রোণকৃপয়োঃ শুক্লে শুক্লবর্ণবস্ত্রদ্বয়ম্, পীতং রুচিরঞ্চ কর্ণস্য বস্ত্রম্, দ্রৌণেরশ্বত্থাম্নঃ রাজ্ঞো দুর্য্যোধনস্য চ তথৈব নীলে বস্ত্রে বস্ত্রযুগলম্, সমাদৎস্ব গৃহাণ ॥১৩॥

শব্দকারী মহাশঙ্খ ধারণ করিয়া দিক্, বিদিক্, আকাশ ও ভূতল নিনাদিত করিলেন ॥১০॥

তখন সেই কুরুপক্ষীয় বীরেরা সকলে অর্জ্জুনকৃত শঙ্খশব্দে সম্মোহিত হইয়া দুর্দ্ধর্ষ ধনু সকল পরিত্যাগ করিয়া যুদ্ধ হইতে নিবৃত্ত হইল ॥১১॥

বিপক্ষেরা সকলে সম্মোহন অস্ত্রের প্রভাবে এবং মহাশঙ্খের শব্দে চৈতন্যবিহীন হইলে, অর্জ্জুন তখন উত্তরার বাক্য স্মরণ করিয়া উত্তরকে বলিলেন—'উত্তর! কৌরবেরা যতক্ষণ চৈতন্যবিহীন থাকেন, তাহার মধ্যে তুমি এই রথ হইতে নির্গত হও ॥১২॥

নরপ্রবীর উত্তর! তুমি যাইয়া দ্রোণাচার্য্য ও কৃপাচার্য্যের শুক্লবর্ণ বস্ত্রযুগল, কর্ণের পীতবর্ণ ও সুন্দর বস্ত্রখানা এবং অশ্বত্থামা ও দুর্য্যোধনের নীলবর্ণ বস্ত্রদ্বয় সত্বর লইয়া আইস ॥১৩॥

---

(১১)…সুসংহতাঃ পার্থসমীরিতেন…চাপানি সমুচ্ছ্রিতানি…ভা। (১২) তথা বিসংজ্ঞেষু চ তেষু পার্থঃ…বা ব রা ম। (১৩)…সুশুক্লে…বা ব রা ম, শুক্লম্…নীলম্…নরেন্দ্রপুত্র!—ভা।

ভীষ্মস্য সংজ্ঞাস্তু তথৈব মন্যে জানাতি মেঽস্ত্রপ্রতিঘাতমেষঃ।
এতস্য বাহান্ কুরু সব্যতস্ত্বমেবং হি যাতব্যমমূঢ়সংজ্ঞে ॥১৪॥
রশ্মীন্ সমুৎসৃজ্য ততো মহাত্মা রথাদবপ্লুত্য বিরাটপুত্রঃ।
বস্ত্রাণ্যুপাদায় মহারথানাং তূর্ণং পুনস্তং রথমারুরোহ ॥১৫॥
ততোঽন্বশাসচ্চতুরঃ সদশ্বান্ পুত্রো বিরাটস্য হিরণ্যকক্ষান্।
তে তদ্ব্যতীয়ুর্ধ্বজিনামনীকং শ্বেতা বহন্তোঽর্জ্জুনমাজিমধ্যাৎ ॥১৬॥

ভারতকৌমুদী

ভীষ্মস্যেতি। ভীষ্মস্য সংজ্ঞাং চৈতন্যন্তু তথৈব পূর্ব্ববদেব বিদ্যমানামেবেত্যর্থঃ মন্যে। যেন হি এষ ভীষ্মঃ, মে অস্ত্রস্য সম্মোহনস্য প্রতিঘাতং নিবারণোপায়ং জানাতি। অতএব ত্বম্, এতস্য ভীষ্মস্য, বাহান্ অশ্বান্, সব্যতো বামতঃ কুরু, তথাত্বে চ দক্ষিণদিগ্‌দর্শিন এতস্য দর্শনাসম্ভবেন তে নির্বিঘ্নতাসম্ভব ইতি ভাবঃ। অমূঢ়সংজ্ঞে অলুপ্তচৈতন্যে অন্যস্মিন্নপি বীরে ত্বয়া এবং হি যাতব্যম্ ॥১৪॥

তত ইতি। ততো মহাত্মা সাহসী বিরাটপুত্রঃ, রশ্মীন্ অশ্বরজ্জূঃ, সমুৎসৃজ্য বিহায়, রথাদবপ্লুত্য, মহারথানাং দ্রোণাদীনাং বস্ত্রাণি তূর্ণমুপাদায়, পুনস্তং রথমারুরোহ ॥১৫॥

তত ইতি। ততো বিরাটস্য পুত্রঃ, হিরণ্যকক্ষান্ স্বর্ণভূষণান্, চতুরঃ চতুঃসংখ্যকান্, সদশ্বান্ স্বরথস্য উত্তমান্ অশ্বান্, অন্বশাসৎ গচ্ছতেতি উপাদিশৎ। তদা চ অর্জ্জুনং বহন্তঃ তে শ্বেতা অশ্বাঃ, আজিমধ্যাৎ যুদ্ধমধ্যস্থানাৎ, ধ্বজিনাং ধ্বজশালিনাং বীরাণাম্, তদনীকং সৈন্যম্, ব্যতীয়ুঃ অতিচক্রমুঃ ॥১৬॥

কিন্তু ভীষ্মের চৈতন্য পূর্ব্বের মতই রহিয়াছে বলিয়া আমি মনে করি। কারণ, ইনি আমার অস্ত্রের প্রতিঘাত জানেন। সুতরাং তুমি ইঁহার ঘোড়াগুলিকে বামদিকে রাখিয়া যাও। অলুপ্তচৈতন্য অন্য বীরের নিকট দিয়াও তুমি এই ভাবেই যাইও' ॥১৪॥

তাহার পর সাহসী উত্তর ঘোড়ার লাগাম ছাড়িয়া দিয়া, রথ হইতে লাফাইয়া পড়িয়া, দ্রোণপ্রভৃতির কাপড়গুলি সত্বর লইয়া, পুনরায় আসিয়া নিজের রথে উঠিলেন ॥১৫॥

তদনন্তর বিরাটনন্দন উত্তর স্বর্ণভূষণে ভূষিত চারিটা উত্তম অশ্বকেই যাইবার উপদেশ দিলেন; তখন সেই অশ্বগুলি অর্জ্জুনকে লইয়া যুদ্ধমধ্য হইতে সেই বিপক্ষসৈন্য অতিক্রম করিয়া বাহিরে আসিল ॥১৬॥

(১৪)…সংজ্ঞা তু…ভা,…অমূঢ়সংজ্ঞৈঃ—প্র বা ব রা ম। (১৫)…আকৃষ্য বাসাংসি মহারথানাম্…প্র। (১৬)…ধ্বজিনীং কুরূণাম্…আজিমধ্যে—ভা।

তথা তু যান্তং পুরুষপ্রবীরং ভীষ্মঃ শরৈরভ্যহনত্তরস্বী।
স চাপি ভীষ্মস্য হয়ান্ নিহত্য বিব্যাধ পার্শ্বে দশভিঃ পৃষৎকৈঃ ॥১৭॥
ততোঽর্জ্জুনো ভীষ্মমপাস্য যুদ্ধে বিদ্ধাঽস্য যন্তারমরিষ্টধন্বা।
তস্থৌ বিমুক্তো রথবৃন্দমধ্যান্মেঘং বিদার্য্যেব সহস্ররশ্মিঃ ॥১৮॥
লব্ধ্বা তু সংজ্ঞাং চ কুরুপ্রবীরঃ পার্থং সমীক্ষ্যাথ সুরেন্দ্রকল্পম্।
রণাদ্বিমুক্তং স্থিতমেকবীরং স ধার্ত্তরাষ্ট্রস্ত্বরিতো বভাষে ॥১৯॥

ভারতকৌমুদী

তথেতি। তরস্বী বলবান্ ভীষ্মস্তু শরৈঃ, তথা যান্তং গচ্ছন্তম্, পুরুষপ্রবীরমর্জ্জুনম্, অভ্যহনৎ। বিকরণলোপাভাব আর্ষঃ। সঃ অর্জ্জুনশ্চাপি, ভীষ্মস্য হয়ান্ অশ্বান্ নিহত্য, তস্য পার্শ্বে, দশভিঃ পৃষৎকৈর্বাণৈঃ, বিব্যাধ তাড়য়ামাস ॥১৭॥

তত ইতি। ততঃ, ন বিদ্যতে রিষ্টং বিঘ্নো যস্য তৎ অরিষ্টং তাদৃশং ধনুর্যস্য সঃ অরিষ্টধন্বা অর্জ্জুনঃ, যুদ্ধে ভীষ্মম্, অপাস্য দয়য়া বিহায়, অস্য ভীষ্মস্য, যন্তারং সারথিং বিদ্ধা, মেঘং বিদার্য্য সহস্ররশ্মিঃ সূর্য্য ইব, রথবৃন্দমধ্যাৎ বিমুক্তঃ সন্ তস্থৌ ॥১৮॥

লব্ধেতি। অথ কুরুপ্রবীরঃ স ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনস্তু, সংজ্ঞাং চৈতন্যং লব্ধ্বা, রণাদ্বিমুক্তং স্থিতম্, সুরেন্দ্রকল্পমেকবীরং পার্থং সমীক্ষ্য, ত্বরিতঃ সন্ বভাষে ॥১৯॥

ভারতভাবদীপঃ

বান্ ॥৬—৮॥ বিবৃত্য ব্যাপ্য ॥৯—১০॥ শান্তিপরাঃ উপরতচিত্তাঃ ॥১১—১৩॥ অমূঢ়সংজ্ঞৈ-ভীষ্মাদিভিঃ সব্যতঃ কৃতৈরুপলক্ষিতেন ভবতা যাতব্যং গন্তব্যম্ ॥১৪—১৯॥ অয়মর্জ্জুনো

পুরুষপ্রবীর অর্জ্জুন সেইভাবে যাইতে লাগিলে, বলবান্ ভীষ্ম বাণদ্বারা তাঁহাকে আঘাত করিতে লাগিলেন। তখন অর্জ্জুনও ভীষ্মের অশ্বগুলিকে বধ করিয়া দশটা বাণদ্বারা উঁহার পার্শ্বে আঘাত করিলেন ॥১৭॥

তদনন্তর অক্ষুণ্ণধন্বা অর্জ্জুন যুদ্ধে ভীষ্মকে পরিত্যাগপূর্ব্বক উঁহার সারথিকে বিদ্ধ করিয়া, মেঘমধ্য হইতে সূর্য্যের ন্যায় রথসমূহমধ্য হইতে বিমুক্ত হইয়া অবস্থান করিতে লাগিলেন ॥১৮॥

তাহার পর কৌরবপ্রবীর দুর্য্যোধন চৈতন্য লাভ করিয়া দেবরাজের ন্যায় অদ্বিতীয় বীর অর্জ্জুনকে যুদ্ধ হইতে বিমুক্ত অবস্থায় অবস্থান করিতে দেখিয়া সত্বর ভীষ্মকে বলিলেন—॥১৯॥

(১৭) তথাঽন্যযান্তম্…বিব্যাধ পার্থঃ…বা ব রা ম, তথা প্রয়ান্তম্…বিব্যাধ পার্থঃ…ভা। (১৮) …রাহুং বিদার্য্যেব…ভা। (১৯) লব্ধ্বা হি সংজ্ঞান্তু…রণে…একমাজৌ…ত্বরিতম্… বা ব রা ম।

অয়ং কথং বৈ ভবতো বিমুক্তস্তং বৈ প্রমথ্নাতু যথা ন মুচ্যেৎ।
তমব্রবীচ্ছান্তনবঃ প্রহস্য ক্ব তে গতা বুদ্ধিরভূৎ ক্ব বীর্য্যম্ ॥২০॥
শান্তিং পরাং প্রাপ্য যদা স্থিতোঽভূরুৎসৃজ্য বাণাংশ্চ ধনুশ্চ চিত্রম্।
ন ত্বেষ বীভৎসুরলং নৃশংসং কর্ত্তুং ন পাপেঽস্য মনো নিবিষ্টম্।
ত্রৈলোক্যহেতোর্ন জহেৎ স্বধর্ম্মং তস্মান্ন সর্বে নিহতা রণেঽস্মিন্ ॥২১॥

ভারতকৌমুদী

অয়মিতি। অয়মর্জ্জুনঃ, কথঞ্চিৎ কেনাপি প্রকারেণ, ভবতো বিমুক্তোঽভূৎ। ইতি মন্ত্র ইত্যর্থঃ। তমেনং প্রমথ্নাতু ভবান্ তাড়য়তু, যথা ন মুচ্যেৎ মুক্তঃ সন্ ন গচ্ছেৎ। শান্তনবো ভীষ্মস্তু প্রহস্য তং দুর্য্যোধনমব্রবীৎ। হে দুর্য্যোধন! ইতঃ পূর্ব্বং তে ঈদৃশী বুদ্ধিঃ ক্ব গতা, তে বীর্য্যঞ্চ ক্ব গতমভূৎ। বিসংজ্ঞ এবাসীরিতি ভাবঃ ॥২০॥

শান্তিমিতি। হে দুর্য্যোধন! ত্বং যদা অর্জ্জুনপ্রযুক্তসম্মোহনাস্ত্রপ্রভাবেণ মূঢ়ঃ সন্, বাণাংশ্চ চিত্রং ধনুশ্চ উৎসৃজ্য, পরাম্ অত্যন্তাম্, শান্তিং ক্রিয়ানিবৃত্তিং নিস্পন্দতামিতি যাবৎ প্রাপ্য, স্থিতঃ অভূঃ আসীঃ; তদাপি এষ বীভৎসুরর্জ্জুনঃ, নৃশংসং তব হননরূপং নিষ্ঠুরং কার্য্যম্, কর্ত্তুং ন তু অলং নৈব সমর্থোঽভূৎ। যেন হি অস্য মনঃ পাপে ন নিবিষ্টম্। ততশ্চায়ং ত্রৈলোক্যহেতোঃ ত্রিভুবনরাজ্যার্থমপি স্বধর্ম্মং ন জহেৎ জহ্যাৎ। তস্মাদস্মিন্ রণে যূয়ং সর্বে অনেন ন নিহতাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

ভবতো বিসংজ্ঞান্ যুষ্মান্ যথা ন মুচ্যেৎ ন মোচনং স্যাত্তথা প্রমথ্নীত উপমৃদ্নীয়াৎ ন তু মৃদিতবানিতি ভাবঃ॥২০॥ শান্তিং নষ্টচিত্ততাম্, নৃশংসং কর্ত্তুং সংমূঢ়ান্ মারয়িতুং ন অলং ন যোগ্যঃ; তত্র

'পিতামহ! সম্ভবতঃ অর্জ্জুন কোন প্রকারে আপনার নিকট হইতে মুক্তি লাভ করিয়াছে। সুতরাং আপনি উহাকে প্রহার করুন, যাহাতে-ও মুক্ত হইয়া যাইতে না পারে'। তখন ভীষ্ম হাস্য করিয়া তাঁহাকে বলিলেন—'তোমার এ বুদ্ধি ইহার পূর্ব্বে কোথায় গিয়াছিল? এবং এ বীর্য্যই বা কোথায় ছিল? ॥২০॥

দুর্য্যোধন! তুমি যখন (অর্জ্জুনের সম্মোহনাস্ত্রের প্রভাবে) বিচিত্র ধনু ও বাণ পরিত্যাগ করিয়া একেবারে নিস্পন্দ হইয়া রহিয়াছিলে, তখনও এই অর্জ্জুন নৃশংসকার্য্য করিতে সমর্থ হন নাই। কারণ, উহার মন পাপে নিবিষ্ট হয় না। সুতরাং অর্জ্জুন ত্রিভুবনের রাজত্বের জন্যও স্বধর্ম্ম ত্যাগ করেন না। সেই জন্যই তোমরা সকলে এই যুদ্ধে নিহত হও নাই ॥২১॥

(২০) অয়ং কথং বৈ…তথা প্রমথ্নীত…বা ব রা ম, অয়ং কথং স্বিদ্ভবতাং বিমুক্তস্তং বৈ প্রমথ্নীত যথা ন মুঞ্চেৎ…ভা। (২১) প্রথমার্দ্ধং ভা নাস্তি।…ন ত্বেব বীভৎসুঃ…প্র।

ক্ষিপ্রং কুরূন্ যাহি কুরুপ্রবীর ! বিজিত্য গাশ্চ প্রতিযাতু পার্থঃ ।
মা তেঽদ্য কার্য্যং নিপতেচ্চ মোহাত্তৎ সংবিধাতব্যমরিষ্টধন্বন্ ! ॥২২॥

বৈশম্পায়ন উবাচ ।

দুর্য্যোধনস্তস্য তু তন্নিশম্য পিতামহস্যাত্মহিতং বচোঽথ ।
অতীতকামো যুধি সোঽত্যমর্ষী রাজা বিনিশ্বস্য বভূব তূষ্ণীম্ ॥২৩॥
তদ্ভীষ্মবাক্যং হিতমীক্ষ্য সর্বে ধনঞ্জয়াগ্নিঞ্চ বিবর্দ্ধমানম্ ।
নিবর্ত্তনায়ৈব মতিং বিদধ্যুর্দুর্য্যোধনং তে পরিরক্ষমাণাঃ ॥২৪॥
তান্ প্রস্থিতান্ প্রীতমনাঃ স পার্থো ধনঞ্জয়ঃ প্রেক্ষ্য কুরুপ্রবীরান্ ।
আভাষমাণোঽনুযযৌ মুহূর্ত্তং সম্পূজয়ংস্তত্র গুরূন্ মহাত্মা ॥২৫॥

ভারতকৌমুদী

ক্ষিপ্রমিতি। হে কুরুপ্রবীর! ক্ষিপ্রং কুরূন্ কুরুদেশং যাহি; পার্থশ্চ গা বিজিত্য প্রতিযাতু। তথা সতি অদ্য মোহাৎ তে তব কার্য্যং রাজ্যশাসনরূপমুদ্দেশ্যম্, মা নিপতেৎ ন ভ্রশ্যেৎ। অতএব হে অরিষ্টধন্বন্! নির্বিঘ্নধনুর্দ্ধর! তৎ কুরুদেশে যানমেব সংবিধাতব্যম্ ॥২২॥

দুরিতি। অথ অত্যমর্ষী অতিকোপনঃ স রাজা দুর্য্যোধনস্তু, তস্য পিতামহস্য তৎ আত্মহিতং বচো নিশম্য, যুধি অতীতকামঃ অতিক্রান্তযুদ্ধাভিলাষঃ সন্, বিনিশ্বস্য, তূষ্ণীং নীরবো বভূব ॥২৩॥

তদিতি। তে দ্রোণাদয়ঃ সর্বে চ, তৎ ভীষ্মবাক্যং হিতম্, ঈক্ষ্য পর্য্যালোচ্য, ধনঞ্জয় এবাগ্নিস্তঞ্চ বিবর্দ্ধমানম্, ঈক্ষ্য দৃষ্ট্বা দুর্য্যোধনং পরিরক্ষমাণাঃ সর্ব্বতো রক্ষন্তঃ সন্তঃ, নিবর্ত্তনায়ৈব, মতিং বিদধ্যুঃ বিদধুঃ ॥২৪॥

অতএব কুরুপ্রবীর! তুমি সত্বর কুরুদেশেই প্রস্থান কর, আর অর্জুনও গো সকল জয় করিয়া প্রতিগমন করুন। হে নির্বিঘ্নধনুর্দ্ধর! আজ মোহবশতঃ যেন তোমার কার্য্য নষ্ট হয় না। অতএব তোমার এখন স্বদেশে প্রস্থান করাই কর্ত্তব্য' ॥২২॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর অতিকোপনস্বভাব রাজা দুর্য্যোধন পিতামহ ভীষ্মের সেই আত্মহিতকর বাক্য শুনিয়া নিশ্বাসত্যাগপূর্ব্বক যুদ্ধের অভিলাষ পরিত্যাগ করিয়া নীরব হইলেন ॥২৩॥

এবং দ্রোণপ্রভৃতি অপর সকলেও ভীষ্মের সেই কথাই হিতকর বিবেচনা করিয়া, অর্জুনরূপ অগ্নিও ক্রমিক বৃদ্ধি পাইতেছে দেখিয়া, দুর্য্যোধনকে সর্বতোভাবে রক্ষা করিতে থাকিয়া ফিরিয়া যাইবার জন্যই ইচ্ছা করিলেন ॥২৪॥

(২২)···বিজিত্য গাঃ সম্প্রতি যাতু···প্র,···মা তে স্বকোঽর্থো নিপতেত মোহাৎ···বা ব রা ম। (২৩)···সোঽভ্যমর্ষী···প্র। (২৪)···মনো নিদধ্যুঃ···বা ব রা ম।

পিতামহং শান্তনবঞ্চ বৃদ্ধং দ্রোণং গুরুঞ্চ প্রণিপত্য মূর্দ্ধ্না।
দ্রৌণিং কৃপঞ্চৈব কুরূংশ্চ মান্যান্ শরৈর্বিচিত্রৈরভিবাদ্য চৈব ॥২৬॥
দুর্য্যোধনস্যোত্তমরত্নচিত্রং চিচ্ছেদ পার্থো মুকুটং শরেণ।
আমন্ত্র্য বীরাংশ্চ তথৈব মান্যান্ গাণ্ডীবঘোষেণ বিনাদ্য লোকান্ ॥২৭॥
(যুগ্মকম্)
স দেবদত্তং সহসা বিনাদ্য বিদার্য্য বীরো দ্বিষতাং মনাংসি।
ধ্বজেন সর্ব্বানভিভূয় শত্রূন্ সহেমমালেন বিরাজমানঃ ॥২৮॥

ভারতকৌমুদী

তানিতি। মহাত্মা স পার্থো ধনঞ্জয়ঃ, তান্ কুরুপ্রবীরান্ প্রস্থিতান্ প্রেক্ষ্য, প্রীতমনাঃ সন্, তত্র স্থিতান্ গুরূন্ দ্রোণাদীন্, আভাষমাণঃ সম্পূজয়ন্ মধুরং বচনং ব্রুবন্ সম্মানয়ন্ সংশ্চ, মুহূর্ত্তং কিয়ন্তং কালম্, অনুযযৌ ॥২৫॥

পিতেতি। পার্থঃ, মূর্দ্ধ্না, বৃদ্ধং শান্তনবং পিতামহং ভীষ্মঞ্চ, গুরুং দ্রোণঞ্চ, প্রণিপত্য, বিচিত্রৈঃ সুমহত্ত্বাদিগুণেনাশ্চর্য্যৈঃ শরৈঃ, দ্রৌণিমশ্বত্থামানং কৃপঞ্চ মান্যানন্যান্ কুরূংশ্চ, অভিবাদ্য চৈব, তথৈব মান্যানপরান্ বীরাংশ্চ, আমন্ত্র্য সম্ভাষ্য, গাণ্ডীবঘোষেণ লোকান্ বিনাদ্য পূরয়িত্বা, শরেণ তীক্ষ্ণেনাপরেণ বাণেন, উত্তমৈঃ রত্নৈশ্চিত্রমাশ্চর্য্যম্, দুর্য্যোধনস্য মুকুটং চিচ্ছেদ ॥২৬—২৭॥

ভারতভাবদীপঃ

হেতুঃ ন পাপেঽস্য মনোঽস্তি যতো বিশিষ্টং শ্রেষ্ঠম্ ॥২১॥ অরিষ্টবন্ধং কল্যাণানুবন্ধি কর্ম্ম ॥২২-২৪॥ পরিহৃত্য পরিবৃত্য ॥২৫॥ শরৈরেব পাদদেশে পাতিতৈরভিবাদ্য মান্যান্ বাহ্লীকসোমদত্তাদীন্ ॥২৬॥ মুকুটং চিচ্ছেদেতি দুর্য্যোধনস্য মরণমেব সূচিতম্ ॥২৭॥ হেমমালয়া সহিতেন সহেমমালেন ধ্বজেন ॥২৮—৩০॥

ইতি বিরাটপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬১॥

মহাত্মা পৃথানন্দন অর্জ্জুন সেই কৌরববীরগণকে প্রস্থান করিতে দেখিয়া, আনন্দিত হইয়া, মধুরবাক্যে তত্রত্য গুরুজনদিগকে সম্মানিত করিতে থাকিয়া, কিয়ৎকাল তাঁহাদের অনুসরণ করিলেন ॥২৫॥

তাহার পর অর্জ্জুন মস্তকনমনপূর্ব্বক বৃদ্ধ পিতামহ শান্তনুনন্দন ভীষ্মকে এবং গুরু দ্রোণাচার্য্যকে নমস্কার করিয়া, অশ্বত্থামা, কৃপাচার্য্য ও অন্যান্য মাননীয় কৌরবদিগকে বিচিত্র বাণদ্বারা অভিবাদন জানাইয়া, সেইরূপই মাননীয় অপর বীরদিগকে সাদর সম্ভাষণ করিয়া এবং গাণ্ডীবধ্বনিদ্বারা সমস্ত লোক পূর্ণ করিয়া, একটা তীক্ষ্ণবাণদ্বারা দুর্য্যোধনের উত্তম-রত্ন-বিচিত্র মুকুটখানাকে ছেদন করিলেন ॥২৬—২৭॥

(২৬)···কুরূংশ্চ সর্ব্বান্···অভিবাদ্য বীরঃ—ভা। (২৮)···বিদারয়িত্বা দ্বিষতাম্··· সহেমতালেন···ভা,·· পরিভূয় শত্রূন্···প্র।

দৃষ্ট্বা প্রয়াতাংস্তু কুরূন্ কিরীটী হৃষ্টোঽব্রবীত্তত্র স মৎস্যপুত্রম্ ।
আবর্ত্তয়াশ্বান্ পশবো জিতাস্তে যাতাঃ পরে যাহি পুরং প্রহৃষ্টঃ ॥২৯॥
দেবাস্তু দৃষ্ট্বা মহদদ্ভুতং তদ্‌যুদ্ধং কুরূণাং সহ ফাল্গুনেন ।
জগ্মুর্যথাস্বং ভবনং প্রতীতাঃ পার্থস্য কর্ম্মাণি বিচিন্তয়ন্তঃ ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্ব্বণি গোহরণে উত্তরগোগ্রহে কৌরবপরাজয়ো নাম একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। স বীরঃ পার্থঃ, সহসা দেবদত্তং নাম শঙ্খম্, বিনাদ্য বাদয়িত্বা, দ্বিষতাং মনাংসি বিদার্য্য, হেমমালয়া স্বর্ণমালয়া সহেতি সহেমমালস্তেন ধ্বজেন তৎপ্রদর্শনেনেত্যর্থঃ, সর্বান্ শত্রূনভিভূয়, বিরাজমান আসীদিতি শেষঃ ॥২৮॥

দৃষ্ট্বেতি। স কিরীটী অর্জ্জুনঃ, কুরূন্ প্রয়াতান্ কিয়তঃ পথো গতান্ দৃষ্ট্বা তু, হৃষ্টঃ সন্ তত্র মৎস্যপুত্রম্ উত্তরমব্রবীৎ। হে উত্তর! অশ্বান্ আবর্ত্তয়, তে পশবো গাবো জিতাঃ, পরে শত্রবশ্চ যাতাঃ, ত্বমপি প্রহৃষ্টঃ সন্ পুরং যাহি ॥২৯॥

দেবা ইতি। দেবাস্তু, ফাল্গুনেন অর্জ্জুনেন সহ কুরূণাং তৎ মহৎ অদ্ভুতঞ্চ যুদ্ধং দৃষ্ট্বা, প্রতীতা আনন্দিতাঃ, পার্থস্য কর্ম্মাণি বিচিন্তয়ন্তশ্চ সন্তঃ, স্বংস্বমনতিক্রম্যেতি যথাস্বং ভবনং জগ্মুঃ ॥৩০॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বিরাটপর্বণি গোহরণে একষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

তৎপরে মহাবীর অর্জ্জুন 'দেবদত্ত'—নামক শঙ্খ বাজাইয়া শত্রুগণের মন বিদীর্ণ করিয়া এবং স্বর্ণমালাশোভিত ধ্বজ প্রদর্শনদ্বারা সকল শত্রুকে অভিভূত করিয়া শোভা পাইতে লাগিলেন ॥২৮॥

তদনন্তর অর্জ্জুন কৌরবগণকে কিয়ৎপথ অতিক্রম করিতে দেখিয়া, আনন্দিত হইয়া, তখন উত্তরকে বলিলেন—'উত্তর! ঘোড়াগুলিকে ফিরাও, তোমার পশুগুলিকে জয় করা হইয়াছে, শত্রুরাও চলিয়া গিয়াছে। সুতরাং তুমিও এখন আনন্দিত হইয়া রাজধানীতে চল' ॥২৯॥

এদিকে দেবতারাও অর্জ্জুনের সহিত কৌরবগণের সেই গুরুতর ও আশ্চর্য্য যুদ্ধ দেখিয়া, আনন্দিত হইয়া, অর্জ্জুনের কার্য্যগুলির চিন্তা করিতে থাকিয়া, আপন আপন ভবনে চলিয়া গেলেন ॥৩০॥

---

(২৯)···প্রয়াতাংশ্চ···নিবর্ত্তয়াশ্বান্···ভা। ইতঃ পরং ভাণ্ডারকারপুস্তকে পরাধ্যায়বর্ত্তিনঃ কিয়ন্তঃ শ্লোকাঃ সন্নিবেশিতাঃ। * '···পঞ্চষষ্টিতমোঽধ্যায়ঃ' প্র, '···ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ' বা বরা ম।

দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

ততো বিজিত্য সংগ্রামে কুরূন্ গোবৃষভেক্ষণঃ।
সমানয়ামাস তদা বিরাটস্য ধনং মহৎ ॥১॥
গতেষু চ প্রভগ্নেষু ধার্ত্তরাষ্ট্রেষু সর্ব্বশঃ।
বনান্নিষ্ক্রম্য গহনাদ্বহবঃ কুরুসৈনিকাঃ ॥২॥
ভয়াৎ সংত্রস্তমনসঃ সমাজগ্মুস্ততস্ততঃ।
মুক্তকেশা ব্যদৃশ্যন্ত স্থিতাঃ প্রাঞ্জলয়স্তথা ॥৩॥ (যুগ্মকম্)
ক্ষুৎপিপাসাপরিশ্রান্তা বিদেশস্থা বিচেতসঃ।
ঊচুঃ প্রণম্য সংভ্রান্তাঃ পার্থ! কিং করবামহে ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ, গোষু বৃষভো গোবৃষভস্তস্য ঈক্ষণে ইব ঈক্ষণে চক্ষুষী যস্য স তাদৃশোঽর্জ্জুনঃ, সংগ্রামে কুরূন্ বিজিত্য, তদৈব বিরাটস্য মহৎ ধনং গবাদিকম্, সমানয়ামাস গোপৈঃ সমানিনায় ॥১॥

গতেষ্বিতি। সর্বশঃ সর্বেষু ধার্ত্তরাষ্ট্রেষু ধার্ত্তরাষ্ট্রসৈন্যেষু, প্রভগ্নেষু পরাজিতেষু গতেষু চ সৎসু, প্রাক্ পলায়িতা বহবঃ কুরুসৈনিকাঃ, গহনান্নিবিড়াৎ বনাৎ নিষ্ক্রম্য, ভয়াৎ সংত্রস্তমনসঃ অস্থিরচিত্তা এব, ততস্ততঃ সমাজগ্মুঃ। পরঞ্চ মুক্তকেশাঃ তথা প্রাঞ্জলয়ঃ স্থিতাশ্চ তে ব্যদৃশ্যন্ত অর্জ্জুনোত্তরাভ্যামিতি শেষঃ ॥২—৩॥

ক্ষুদিতি। ক্ষুৎপিপাসাপরিশ্রান্তাঃ, বিদেশস্থাঃ, বিচেতসো বিহ্বলচিত্তাঃ, সংভ্রান্তাঃ কম্পিতাশ্চ তে কুরুসৈনিকাঃ, অর্জ্জুনং প্রণম্য ঊচুঃ। হে পার্থ! বয়ং কিং করবামহে ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর বৃষতুল্য-বিশালনয়ন অর্জ্জুন যুদ্ধে কৌরব-দিগকে জয় করিয়া তখনই বিরাটরাজার সকল ধন আনয়ন করিলেন ॥১॥

এদিকে সমস্ত কৌরবসৈন্য পরাজিত হইয়া প্রস্থান করিলে, বহুতর কৌরব-সৈন্য নিবিড় বন হইতে নির্গত হইয়া, ভয়ে অস্থিরচিত্ত থাকিয়া নানাস্থান হইতে আগমন করিল এবং তাহাদিগকে মুক্তকেশ ও কৃতাঞ্জলি অবস্থায় অর্জ্জুনের নিকটে থাকিতে দেখা গেল ॥২—৩॥

(১) নির্জ্জিত্য চৈব সংগ্রামে…প্র,…স আনয়ামাস তদা…ভা। (২) গতেষু তেষু সর্ব্বেষু…ভা। (৩)…ব্যদৃশ্যন্ত দংশিতাঃ প্রাঞ্জলি স্থিতাঃ—ভা,…প্রাঞ্জলয়স্তদা—বা ব রা ম।

অর্জ্জুন উবাচ।

স্বস্তি ব্রজত ভদ্রং বো ন ভেতব্যং কথঞ্চন।
নাহমার্ত্তান্ জিঘাংসামি ভৃশমাশ্বাসয়ামি বঃ ॥৫॥

বৈশম্পায়ন উবাচ।

তস্য তামভয়াং বাচং শ্রুত্বা যোধাঃ সমাগতাঃ।
আয়ুঃকীর্ত্তিযশোদাভিরাশীর্ভিস্তমনন্দয়ন্ ॥৬॥

ততোঽর্জ্জুনং নাগমিব প্রভিন্নমুৎসৃজ্য শত্রূন্ বিনিবর্ত্তমানম্।
বিরাটরাষ্ট্রাভিমুখং প্রয়ান্তং নাশক্নুবংস্তে কুরবোঽভিযাতুম্ ॥৭॥

ভারতকৌমুদী

স্বস্তীতি। স্বস্তীত্যাশিষি। হে সৈনিকাঃ! যূয়ং ব্রজত, বো যুষ্মাকং ভদ্রং মঙ্গলমস্তু, যুষ্মাভিঃ কথঞ্চনাপি ন ভেতব্যম্। যেন খল্বহম্, আর্ত্তান্ ভয়াদিপীড়িতান্ জনান্, ন জিঘাংসামি হন্তুমিচ্ছামি। অতএব বো যুষ্মান্ ভৃশমাশ্বাসয়াম্যেব ॥৫॥

তস্যেতি। সমাগতা যোধাস্তে কুরুসৈনিকাঃ, তস্যার্জ্জুনস্য, তামভয়াম্ অভয়দাত্রীং বাচং শ্রুত্বা, আয়ুঃকীর্ত্তিযশোদাভিঃ আশীর্ভিঃ, তমর্জ্জুনম্, অনন্দয়ন্ ॥৬॥

তত ইতি। ততঃ তে প্রস্থিতাঃ কুরবঃ, শত্রূন্ স্বান্ উৎসৃজ্য বিনিবর্ত্তমানম্, বিরাটরাষ্ট্রাভিমুখং প্রয়ান্তমর্জ্জুনম্, প্রভিন্নং মদস্রাবিণম্, নাগং হস্তিনমিব, অভিযাতুম্ আভিমুখ্যেন গত্বা পুনরাক্রমিতুং নাশক্নুবন্, পুনঃ পরাজয়ভয়াদিতি ভাবঃ ॥৭॥

ক্রমে ক্ষুৎ-পিপাসাপরিশ্রান্ত, বিদেশস্থ, বিহ্বলচিত্ত ও কম্পিতদেহ সেই সৈন্যেরা নমস্কার করিয়া অর্জুনকে বলিল—'পৃথানন্দন! আমরা এখন কি করিব'? ॥৪॥

তখন অর্জুন বলিলেন—'আমি আশীর্ব্বাদ করি—তোমাদের মঙ্গল হউক। তোমরা এখন চলিয়া যাও, কোনপ্রকারে ভয় করিও না। কারণ, আমি পীড়িতদিগকে বধ করিতে ইচ্ছা করি না। সুতরাং আমি তোমাদিগকে অত্যন্ত আশ্বস্তই করিতেছি' ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তখন আগত কুরুসৈন্যেরা অর্জুনের সেই অভয়বাণী শুনিয়া আয়ু, কীর্ত্তি ও যশের আশীর্ব্বাদদ্বারা অর্জ্জুনকে আনন্দিত করিল ॥৬॥

তাহার পর অর্জ্জুন শত্রুগণকে পরিত্যাগ করিয়া বিরাটরাজ্যের দিকে ফিরিয়া যাইতে লাগিলে, মানুষ যেমন মদস্রাবী হস্তীর অভিমুখে যাইতে পারে না, সেইরূপ সেই কৌরবেরা পুনরায় অর্জুনের অভিমুখে যাইতে পারিলেন না ॥৭॥

(৬)…পরিবর্ত্তমানম্…কুরবোঽভিগন্তুম্—ভা।

ততো মহাবাত ইবাভ্রবৃন্দং বিদ্রাব্য পার্থঃ কুরুসৈন্যবৃন্দম্।
তং মৎস্যপুত্রং দ্বিষতাং নিহন্তা বচোঽব্রবীৎ সংপরিগৃহ্য ভূয়ঃ ॥৮॥
পিতুঃ সকাশে তব তাত! সর্বে বসন্তি পার্থা বিদিতং তবেদম্।
তান্ মা প্রশংসের্নগরং প্রবিশ্য ভীতঃ প্রণশ্যেত স মৎস্যরাজঃ ॥৯॥
ময়া জিতা সা ধ্বজিনী কুরূণাং ময়া চ গাবো বিজিতা দ্বিষদ্ভ্যঃ।
এবঞ্চ রাজ্ঞো নগরং প্রবিশ্য ত্বমাত্মনা কর্ম্ম কৃতং বদেথাঃ ॥১০॥

উত্তর উবাচ।

যত্তে কৃতং কর্ম্ম ন পারণীয়ং তৎ কর্ম্ম কর্ত্তুং মম নাস্তি শক্তিঃ।
ন ত্বাং প্রবক্ষ্যামি পিতুঃ সকাশে যাবন্ন বৈ বক্ষ্যসি সব্যসাচিন্! ॥১১॥

ভারতকৌমুদী

তত ইতি। ততো দ্বিষতাং নিহন্তা পার্থঃ, মহাবাতঃ অভ্রবৃন্দং মেঘসমূহমিব, কুরুসৈন্যবৃন্দম্, বিদ্রাব্য ছিন্নভিন্নীকৃত্য, সংপরিগৃহ্য উত্তরস্যৈব হস্তং ধৃত্বা, তং মৎস্যপুত্রম্ উত্তরম্, ভূয়ঃ পুনরপি ইদং বচঃ অব্রবীৎ ॥৮॥

পিতুরিতি। হে তাত! বৎস! সর্বে পার্থাঃ পাণ্ডবাঃ, তব পিতুঃ সকাশে বসন্তি, ইদং তব বিদিতমস্তি। অতএব ত্বং নগরং প্রবিশ্য, তান্ পার্থান্, মা ন প্রশংসেঃ পাণ্ডবত্বেন ব্রূয়াঃ। তথা সতি স মৎস্যরাজঃ, ভীতঃ সন্, প্রণশ্যেত ম্রিয়েত ॥৯॥

তর্হি কিং ময়া বক্তব্যমিত্যাহ ময়েতি। ময়া কুরূণাং সা ধ্বজিনী সেনা জিতা, ময়ৈব চ দ্বিষদ্ভ্যঃ শত্রুভ্যঃ, গাবো বিজিতা বিজিত্য আনীতাঃ। এবমিত্থঞ্চ ত্বং নগরং প্রবিশ্য, রাজ্ঞঃ সকাশে, কর্ম্ম যুদ্ধকার্য্যম্, আত্মনা কৃতং বদেথাঃ ॥১০॥

তৎপরে মহাবায়ু যেমন মেঘসমূহকে ছিন্ন-ভিন্ন করে, সেইরূপ শত্রুহন্তা অর্জুন কৌরবসৈন্যগণকে ছিন্ন-ভিন্ন করিয়া উত্তরের হস্তধারণপূর্ব্বক পুনরায় তাঁহাকে এই কথা বলিলেন—॥৮॥

'বৎস! পাণ্ডবেরা সকলেই তোমার পিতার নিকটে বাস করিতেছেন, ইহা তোমার জানা আছে। কিন্তু তুমি নগরে প্রবেশ করিয়া তোমার পিতার নিকট তাঁহাদের পরিচয় দিও না। কেন না, তাহা হইলে, মৎস্যরাজ ভয়ে প্রাণত্যাগ করিবেন ॥৯॥

অতএব তুমি নগরে প্রবেশ করিয়া রাজার নিকটে নিজে যুদ্ধ করিয়াছ এই কথাই বলিবে; অর্থাৎ আমিই কৌরবসৈন্য জয় করিয়াছি এবং আমিই জয় করিয়া শত্রুদের নিকট হইতে গরুগুলিকে আনিয়াছি, এই কথা বলিবে' ॥১০॥

(৮) ততঃ স তন্মেঘমিবাপতন্তম্…কুরুমেঘসৈন্যম্…বা ব রা ম, ততো মহামেঘমিবাতপান্তে বিদ্রাব্য পার্থোঽথ কুরুপ্রবীরান্…সংপরিরভ্য ভূয়ঃ—ভা। (৯)…বিদিতাস্তবৈব। তস্মান্ন শংসেঃ…প্র,…বিদিতং তবৈব…বা ব রা ম। (১০)…প্রীতস্ত্ব কামং নগরম্…প্র।

বৈশম্পায়ন উবাচ।

স শত্রুসেনামবজিত্য জিষ্ণুরাচ্ছিদ্য সর্বঞ্চ ধনং কুরুভ্যঃ।
শ্মশানমাগম্য পুনঃ শমীং তামভ্যেত্য তস্থৌ শরবিক্ষতাঙ্গঃ ॥১২॥
ততঃ স বহ্নিপ্রতিমো মহাকপিঃ সহৈব ভূতৈর্দিবমুৎপপাত।
তথৈব মায়া বিহিতা বভূব ধ্বজঞ্চ সিংহং যুযুজে রথে পুনঃ ॥১৩॥
নিধায় তচ্চায়ুধমাজিবর্দ্ধনং কুরূত্তমানামিষুধীর্ধ্বজাংস্তথা।
প্রায়াৎ স মৎস্যো নগরং প্রহৃষ্টঃ কিরীটিনা সারথিনা মহাত্মনা ॥১৪॥

ভারতকৌমুদী

যদিতি। হে সব্যসাচিন্! তে ত্বয়া যৎ কর্ম্ম কৃতম্, তদন্যৈর্ন পারণীয়ং কর্ত্তুং ন শক্যম্। অতএব তৎ কর্ম্ম কর্ত্তুং মম তু শক্তির্নাস্ত্যেব। তথাপি তু যাবত্ত্বং ন বক্ষ্যসি উত্তরে মামাদেক্ষ্যসি, তাবদহং পিতুঃ সকাশে ত্বাং ন প্রবক্ষ্যামি ॥১১॥

স ইতি। শরবিক্ষতাঙ্গঃ স জিষ্ণুরর্জুনঃ শত্রুসেনামবজিত্য, সর্বং ধনঞ্চ কুরুভ্যঃ, আচ্ছিদ্য বলাদানীয়, পুনঃ শ্মশানমাগম্য, তাং শমীং বৃক্ষমভ্যেত্য চ তস্থৌ ॥১২॥

তত ইতি। ততঃ স বহ্নিপ্রতিমো বহ্নিবত্তেজস্বী মহাকপির্মহাবানরঃ, ভূতৈর্দিব্যৈঃ প্রাণিভিঃ সহৈব, দিবমাকাশম্, উৎপপাত রথধ্বজাদুৎপত্য গতঃ। বিহিতা পূর্ব্বমারোপিতা মায়াপি, তথৈব অন্তর্হিতৈব বভূব। সিংহং সিংহাকারম্, উত্তরসম্বন্ধিনং ধ্বজঞ্চ, রথে পুনর্যুযুজে যোজয়ামাস, উত্তর এবেতি শেষঃ ॥১৩॥

নিধায়েতি। স মৎস্যো মৎস্যরাজপুত্রঃ উত্তরঃ, আজিবর্দ্ধনং যুদ্ধে শক্তিবৃদ্ধিকরম্, কুরূত্তমানাং যুধিষ্ঠিরাদীনাম্, তৎ আয়ুধম্, অস্ত্রসমূহম্, ইষুধীস্তূণীরান্, তথা ধ্বজাংশ্চ, নিধায় শমীবৃক্ষে

উত্তর বলিলেন—'সব্যসাচী! আপনি যে কার্য্য করিয়াছেন, তাহা অন্যে করিতে পারে না। সুতরাং আমার ত সে কার্য্য করিবার শক্তি নাই-ই। তথাপি আপনি যে পর্য্যন্ত বলিবার আদেশ না করিবেন, সে পর্য্যন্ত আমি আপনার বিষয় পিতার নিকট বলিব না' ॥১১॥

বৈশম্পায়ন বলিলেন—বাণবিক্ষতাঙ্গ অর্জুন শত্রুসৈন্যজয় ও কৌরবদের নিকট হইতে সমস্ত ধন আনয়ন করিয়া, পুনরায় শ্মশানে আসিয়া এবং সেই শমীবৃক্ষের নিকটে যাইয়া অবস্থান করিলেন ॥১২॥

তাহার পর অগ্নির ন্যায় তেজস্বী সেই মহাবানর অন্য দিব্য প্রাণিগণের সহিতই ধ্বজ হইতে আকাশে উঠিয়া গেল, ক্রমে পূর্ব্বারোপিত মায়াও অন্তর্হিত হইল; তৎপরে উত্তর পুনরায় সেই রথে নিজের সিংহধ্বজ তুলিয়া দিলেন ॥১৩॥

(১৩)···তথৈব মায়াঃ সকলাশ্চ তা বৈ···যুযুজে রথে চ—ভা,···ধ্বজঞ্চ সৈংহম্···বা ব রা ম। (১৪)···ইষুধীর্ধ্বজাংশ্চ···সারথিনা মহাত্মা—ভা।

পার্থশ্চ কৃত্বা পরমার্য্যকর্ম্ম নিহত্য শত্রূন্ দ্বিষতাং নিহন্তা।
বিধায় বেষঞ্চ তথৈব বেণীং জগ্রাহ রশ্মীন্ পুনরুত্তরস্য।
বিবেশ হৃষ্টো নগরং মহাত্মা বৃহন্নলারূপমুপেত্য সারথিঃ ॥১৫॥
ততো নিবৃত্তাঃ কুরবঃ প্রভগ্না বশমাস্থিতাঃ।
হস্তিনাপুরমুদ্দিশ্য সর্ব্বে দীনা যযুস্তদা ॥১৬॥

ভারতকৌমুদী

পূর্ব্ববদেব স্থাপয়িত্বা, প্রহৃষ্টঃ সন্, মহাত্মনা কিরীটিনা অর্জ্জুনেন সারথিনা করণেন, নগরং প্রায়াৎ অগচ্ছৎ ॥১৪॥

পার্থ ইতি। দ্বিষতাং নিহন্তা মহাত্মা পার্থশ্চ, শত্রূন্ নিহত্য, পরম্ অত্যন্তম্, আর্য্যকর্ম্ম আশ্রয়দাতুর্বিরাটস্যোপকারাত্মকত্বাৎ সজ্জনকার্য্যং কৃত্বা, তথৈব পূর্ব্ববদেব, বেষং বেণীঞ্চ বিধায় বৃহন্নলারূপম্ উপেত্য প্রাপ্য, পুনঃ উত্তরস্য সারথিঃ সন্, রশ্মীন্ অশ্বরজ্জূঃ জগ্রাহ, হৃষ্টো নগরঞ্চ বিবেশ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

তত ইতি। ততঃ প্রভগ্নাঃ পরাজিতাঃ, বশমাস্থিতা লজ্জাবশতাং প্রাপ্তাঃ, দীনা বিষণ্ণচিত্তাশ্চ, নিবৃত্তা যুদ্ধাৎ প্রত্যাবৃত্তাঃ সর্ব্বে কুরবঃ, তদৈব হস্তিনাপুরমুদ্দিশ্য যযুঃ ॥১৬॥

ভারতভাবদীপঃ

নির্জ্জিত্যেতি। বৃষভেক্ষণঃ শ্রেষ্ঠদৃষ্টিঃ ॥১—৭॥ আপতন্তং পুংস্ত্বমার্গম্ ॥৮—১৩॥ সৈংহং ধ্বজং বিরাটীয়ং পূর্ব্বং তত্র স্থাপিতম্ ॥১৩—১৪॥ বিধায় যথাবৎ স্থাপয়িত্বা ॥১৫॥ বশং

তদনন্তর উত্তর, কৌরবশ্রেষ্ঠ যুধিষ্ঠিরপ্রভৃতির সেই যুদ্ধক্ষমতাবর্দ্ধক অস্ত্র, তূণীর ও ধ্বজসমূহ পূর্ব্বের মতই সেই শমীবৃক্ষে রাখিয়া, আনন্দিত হইয়া, মহাত্মা অর্জ্জুনকে পুনরায় সারথি করিয়া রাজধানীর দিকে গমন করিতে লাগিলেন ॥১৪॥

শত্রুহন্তা ও মহাত্মা অর্জ্জুনও, বিরাটরাজার শত্রুসংহাররূপ পরম সজ্জনের কার্য্য করিয়া, পূর্ব্বের মতই বেষ ও বেণী বিধানপূর্ব্বক বৃহন্নলারূপ ধারণ করিয়া, পুনরায় উত্তরের সারথি হইয়া অশ্বের রজ্জু (লাগাম) ধারণ করিলেন এবং আনন্দিত হইয়া নগরে প্রবেশ করিবার উদ্‌যোগ করিলেন ॥১৫॥

এদিকে কৌরবেরা সকলেও পরাজিত, লজ্জিত ও বিষণ্ণচিত্ত হইয়া, তখনই ফিরিয়া হস্তিনানগর উদ্দেশে গমন করিলেন ॥১৬॥

(১৫)···নিধায় বেণীঞ্চ তথৈব ভূয়ঃ···প্র,··চকার বেণীঞ্চ তথৈব ভূয়ঃ···বা ব রা ম; তৃতীয়ার্দ্ধং ভা নাস্তি। ইতঃ পরম্ 'বৈশম্পায়ন উবাচ' ইতি পুনরুক্তঃ পাঠঃ—প্র বা ব রা ম। (১৬)·· বলমাস্থিতাঃ—ভা। দ্বিতীয়ার্দ্ধং ভা নাস্তি।

পন্থানমুপসঙ্গম্য ফাল্গুনো বাক্যমব্রবীৎ।
রাজপুত্র! প্রত্যবেক্ষ সমানীতানি সর্ব্বশঃ।
গোধনানি মহাবাহো! বীর! গোপালকৈঃ সহ ॥১৭॥
ততোঽপরাহ্ণে যাস্যাবো বিরাটনগরং প্রতি।
আশ্বাস্য পায়য়িত্বাপঃ পরিপ্লাব্য চ বাজিনঃ ॥১৮॥
গচ্ছন্তু ত্বরিতাশ্চৈব গোপালাঃ প্রেষিতাস্ত্বয়া।
নগরে প্রিয়মাখ্যাতুং ঘোষয়ন্তু চ তে জয়ম্ ॥১৯॥

বৈশম্পায়ন উবাচ।

অথোত্তরস্ত্বরমাণঃ স দূতান্ আজ্ঞাপয়দ্বচনাদর্জ্জুনস্য।
আচক্ষধ্বং বিজয়ং পার্থিবস্য ভগ্নাঃ পরে বিজিতাশ্চাপি গাবঃ ॥২০॥

ভারতকৌমুদী

পন্থানমিতি। ফাল্গুনঃ অর্জ্জুনঃ, পন্থানং নগরগামিপথম্, উপসঙ্গম্য প্রাপ্য, ইদং বাক্যমব্রবীৎ। হে মহাবাহো বীর রাজপুত্র! প্রত্যবেক্ষ পশ্য; গোপালকৈঃ সহ, সর্ব্বশঃ সর্ব্বাণ্যেব, গোধনানি সমানীতানি ত্বদ্ভৃত্যৈরিতি শেষঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৭॥

তত ইতি। ততস্ত্বরায়া অভাবাদিত্যর্থঃ, বাজিন এতান্ রথাশ্বান্, পরিপ্লাব্য স্নপয়িত্বা, অপো জলং পায়য়িত্বা, আশ্বাস্য সুস্থীকৃত্য চ, অপরাহ্ণে আবাং বিরাটনগরং প্রতি যাস্যাবঃ ॥১৮॥

গচ্ছন্ত্বিতি। ত্বয়া প্রেষিতা গোপালাঃ, ত্বরিতাঃ সন্ত এব প্রিয়ম্ এতজ্জয়বৃত্তান্তম্, আখ্যাতুং বক্তুং নগরে গচ্ছন্তু, তে জয়ঞ্চ ঘোষয়ন্তু ॥১৯॥

অথেতি। অথ স উত্তরঃ, অর্জ্জুনস্য বচনাৎ ত্বরমাণঃ সন্, দূতানাজ্ঞাপয়ৎ। হে দূতাঃ! যূয়ং পার্থিবস্য রাজ্ঞো বিরাটস্য, বিজয়ম্, আচক্ষধ্বং ঘোষয়ত, পরে শত্রবো ভগ্নাঃ পরাজিতাঃ, গাবশ্চাপি বিজিতাঃ ॥২০॥

তাহার পর অর্জ্জুন নগরগামী পথে উপস্থিত হইয়া এই কথা বলিলেন—'মহাবাহু বীর রাজপুত্র! দর্শন কর—তোমার ভৃত্যেরা গোপালকদের সহিত সকল গোধনই আনয়ন করিয়াছে ॥১৭॥

অতএব আমরা এই ঘোড়াগুলিকে স্নান ও জলপান করাইয়া এবং সুস্থ করিয়া অপরাহ্ণকালে রাজধানীতে যাইব ॥১৮॥

তুমি কতকগুলি গোপালকে প্রেরণ কর, তাহারা এই প্রিয়সংবাদ বলিবার জন্য সত্বর নগরে গমন করুক এবং তোমার জয় ঘোষণা করুক' ॥১৯॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর উত্তর অর্জ্জুনের বাক্য অনুসারে দূতগণকে সত্বরই আদেশ করিলেন যে, শত্রুরা পরাজিত হইয়াছে এবং গরু-

(১৮)…পায়য়িত্বা চ…বা ব রা ম ভা। (২০)…ত্বরমাণস্ত দূতান্…বচনাৎ ফাল্গুনস্য …তে বিজিতাশ্চ গাবঃ—ভা।

ইত্যেবং তৌ ভারতমৎস্যবীরৌ সংমন্ত্র্য সংগম্য পুনঃ শমীং তাম্।
অভ্যেত্য ভূয়ো বিজয়েন তৃপ্তাবুৎসৃষ্টমারোপয়তাং স্বভাণ্ডম্ ॥২১॥
স শত্রুসেনামভিভূয় সর্বামাচ্ছিদ্য সর্বঞ্চ ধনং কুরুভ্যঃ।
বৈরাটিরায়ান্নগরং প্রতীতো বৃহন্নলাসারথিরেকবীরঃ ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্ব্বণি গোহরণে উত্তরগোগ্রহে উত্তরাগমনং নাম দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ইতীতি। বিজয়েন তৃপ্তৌ তুষ্টৌ, তৌ ভারতমৎস্যবীরৌ অর্জুনোত্তরৌ, ইত্যেবং সংমন্ত্র্য আলোচ্য, তাং শমীং বৃক্ষং পুনঃ সংগম্য, ভূয়ঃ পুনঃ, অভ্যেত্য অলঙ্কারন্যাসস্থানমাগত্য, উৎসৃষ্টং যুদ্ধাৎ প্রাক্ পরিত্যক্তম্, স্বয়োরাত্মনোঃ ভাণ্ডমলঙ্কারম্, আরোপয়তাং গাত্রে ধৃতবন্তৌ। "ভাণ্ডং ভূষণমাত্রেঽপি" ইতি হারাবলী ॥২১॥

স ইতি। একবীরঃ অদ্বিতীয়বীরঃ, স বৈরাটিরুত্তরঃ, সর্ব্বাং শত্রুসেনাম্, অভিভূয় পরাজিত্য, সর্ব্বং ধনঞ্চ কুরুভ্যঃ আচ্ছিদ্য বলাদানীয়, প্রতীতঃ সন্তুষ্টঃ, বৃহন্নলা সারথির্যস্য স তাদৃশশ্চ সন্, নগরম্ আয়াৎ আগচ্ছৎ ॥২২॥

ইতি মহামহোপাধ্যায়-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বিরাটপর্ব্বণি গোহরণে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

পরবশতাম্, আস্থিতাঃ প্রাপ্তাঃ ॥১৬—২০॥ বিজয়েন তৃপ্তৌ ইতোঽপ্যধিকং যুদ্ধং প্রার্থয়ানৌ, যদ্বা বিজয়েন স্বীয়েন তৃপ্তৌ আনন্দিনৌ, স্বস্য ভাণ্ডম্ অলঙ্কারাদিকং যৎ পূর্ব্বমুৎসৃষ্টং তত্তথৈব শরীরে রথে চ আরোপয়তাম্ আরোপিতবন্তৌ ॥২১॥ ধনং গোধনম্, প্রতীতো হৃষ্টঃ ॥২২॥

ইতি বিরাটপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬২॥

গুলিকেও জয় করা হইয়াছে। সুতরাং রাজার জয় হইয়াছে; ইহা তোমরা যাইয়া ঘোষণা কর' ॥২০॥

জয়সন্তুষ্ট অর্জুন ও উত্তর এইরূপ আলোচনা করিয়া, সেই শমীবৃক্ষের নিকট পুনরায় আসিয়া, তার পর আবার অলঙ্কারন্যাসস্থানে যাইয়া, যুদ্ধের পূর্ব্বে রক্ষিত স্ব স্ব অলঙ্কার পুনরায় ধারণ করিলেন ॥২১॥

অদ্বিতীয় বীর উত্তর সমস্ত শত্রুসৈন্য জয় এবং কৌরবগণের নিকট হইতে সমস্ত ধন আনয়ন করিয়া, সন্তুষ্ট হইয়া, বৃহন্নলাকে সারথি করিয়া রাজধানীতে আগমন করিলেন ॥২২॥

---

(২১)···আরোপয়তাঞ্চ ভাণ্ডম্—প্র ভা। (২২)··সারথিনা প্রবীরঃ—বা ব রা ম।

* '···ষট্‌ষষ্টিতমোঽধ্যায়ঃ' প্র, '··সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ' বা ব রা ম।

ত্রিষষ্টিতমোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

ধনঞ্চাপি বিজিত্যাজৌ বিরাটো বাহিনীপতিঃ।
প্রাবিশন্নগরং হৃষ্টশ্চতুর্ভিঃ পাণ্ডবৈঃ সহ ॥১॥
জিত্বা ত্রিগর্ত্তান্ সংগ্রামে গাশ্চৈবাদায় কেবলাঃ।
অশোভত মহারাজ! সহ পার্থৈঃ শ্রিয়া বৃতঃ ॥২॥
তমাসনগতং বীরং সুহৃদাং প্রীতিবর্দ্ধনম্।
সমাজগ্মুঃ প্রকৃতয়ঃ সমস্তা ব্রাহ্মণৈঃ সহ ॥৩॥
সভাজিতঃ সসৈন্যস্তু প্রতিনন্দ্য চ মৎস্যরাট্।
বিসর্জ্জয়ামাস তদা দ্বিজাংশ্চ প্রকৃতীস্তথা ॥৪॥

ভারতকৌমুদী

ধনমিতি। বাহিনীপতির্বিরাটঃ, আজৌ যুদ্ধে, শত্রূন্ ধনঞ্চাপি বিজিত্য, হৃষ্টঃ সন্ চতুর্ভিঃ পাণ্ডবৈঃ সহ নগরং প্রাবিশৎ। প্রাধান্যাৎ পাণ্ডবমাত্রোক্তিঃ ॥১॥

জিত্বেতি। হে মহারাজ! জনমেজয়! সংগ্রামে ত্রিগর্ত্তান্ জিত্বা, কেবলাঃ সর্বা গাশ্চৈব আদায়, শ্রিয়া জয়লক্ষ্ম্যা বৃতো বিরাটঃ, পার্থৈঃ সহ অশোভত। "কেবলস্ত্বেককৃৎস্নয়োঃ" ইতি বিশ্বঃ ॥২॥

তমিতি। সমস্তাঃ প্রকৃতয়ঃ প্রজাঃ, ব্রাহ্মণৈঃ সহ মিলিত্বা, সুহৃদাং প্রীতিবর্দ্ধনম্ আসনগতং রাজাসনাসীনং তং বীরং বিরাটং সমাজগ্মুঃ ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—সেনাপতি বিরাটরাজা যুদ্ধে শত্রুগণকে ও ধন সকল জয় করিয়া, আনন্দিত হইয়া, চারি জন পাণ্ডবের সহিত নগরে প্রবেশ করিলেন ॥১॥

মহারাজ! তখন বিরাটরাজা যুদ্ধে ত্রিগর্ত্তদিগকে পরাজয় এবং সমস্ত গরুগুলিকে উদ্ধার করিয়া বিজয়লক্ষ্মীসম্পন্ন হইয়া পাণ্ডবগণের সহিত শোভা পাইতে লাগিলেন ॥২॥

ক্রমে সমস্ত প্রজা ব্রাহ্মণদের সহিত মিলিত হইয়া বন্ধুগণের প্রীতিবর্দ্ধক সিংহাসনোপবিষ্ট সেই বিরাটরাজার নিকট উপস্থিত হইল ॥৩॥

(২)···সহপার্থঃ··· বা ব রা ম। (৩)···সুহৃদাং হর্ষবর্দ্ধনম্···বা ব রা ম। পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'উপাসাঞ্চক্রিরে সর্ব্বে সহ পার্থৈঃ পরন্তপাঃ' ইত্যর্দ্ধমধিকং—বা ব রা ম। (৩)···সমন্তাদ্ব্রাহ্মণৈঃ সহ—ভা।

ততঃ স রাজা মৎস্যানাং বিরাটো বাহিনীপতিঃ।
উত্তরং পরিপপ্রচ্ছ ক্ব যাত ইতি চাব্রবীৎ ॥৫॥
আচখ্যুস্তস্য সংহৃষ্টাঃ স্ত্রিয়ঃ কন্যাশ্চ বেশ্মনি।
অন্তঃপুরচরাশ্চৈব কুরুভির্গোধনং হৃতম্ ॥৬॥
বিজেতুমভিসংরব্ধ এক এবাতিসাহসাৎ।
বৃহন্নলাসহায়শ্চ নির্যাতঃ পৃথিবিঞ্জয়ঃ ॥৭॥
উপায়াতানতিরথান্ দ্রোণং শান্তনবং কৃপম্।
কর্ণং দুর্য্যোধনঞ্চৈব দ্রোণপুত্রঞ্চ ষড্রথান্ ॥৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সভেতি। তদা তু সসৈন্যো মৎস্যরাট্, সভাজিতঃ তাভিঃ সব্রাহ্মণাভিঃ প্রকৃতিভিরভিনন্দিতঃ সন্, প্রতিনন্দ্য, দ্বিজান্ তথা প্রকৃতীশ্চ বিসর্জয়ামাস ॥৪॥

তত ইতি। ততো মৎস্যানাং রাজা বাহিনীপতিশ্চ স বিরাটঃ, উত্তরং তদাখ্যং স্বপুত্রং কুশলং পরিপপ্রচ্ছ, উত্তরঃ ক্ব যাত ইতি চ অব্রবীৎ ॥৫॥

আচখ্যুরিতি। তদানীং বেশ্মনি স্থিতপূর্ব্বাঃ সংহৃষ্টাঃ স্ত্রিয়ঃ কন্যাশ্চ, অন্তঃপুরচরা জনাশ্চৈব, তস্য বিরাটস্যান্তিকে আচখ্যুরূচুঃ, কুরুভিস্তে গোধনং হৃতম্ ॥৬॥

